
বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ সংবাদের জাতীয় দৈনিক

# মানবিক বাংলাদেশ

ঢাকা শুক্রবার ॥ বর্ষ-২ সংখ্যা-৩২৪ ॥ ১৪ মার্চ ২০২৫ ॥ ২৯ ফাল্গুন ১৪৩১ বাংলা ॥ ১৩ রমজান ১৪৪৬ হিজরি ॥ পৃষ্ঠা ৮ ঃ মূল্য ৫ টাকা



## শিশু আছিয়াকে আল্লাহ একান্ত প্রিয় হিসেবে কবুল করুক: ডা. শফিকুর রহমান

**স্টাফ রিপোর্টার :** মাগুরায় ধর্ষণের শিকার শিশু আছিয়ার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। বৃহস্পতিবার (১৩ মার্চ) নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক বার্তায় তিনি বলেন, শিশু আছিয়া ইতিহাসের করুণ সাক্ষী হয়ে আজ দুপুর ১টার দিকে দুনিয়া ছেড়ে সারা বাংলাদেশকে কাঁদিয়ে চলে গেল।



## গলাচিপা ইউএনও’র বিরুদ্ধে অপপ্রচার উদ্দেশ্যপ্রণোদিত: নুর

**পটুয়াখালী প্রতিনিধি :** জেলার গলাচিপা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মিজানুর রহমানের বিরুদ্ধে একটি স্বার্থান্বেষী গোষ্ঠী উদ্দেশ্যপ্রণোদিতভাবে অপপ্রচার চালাচ্ছে বলে অভিযোগ উঠেছে। এ বিষয়ে গলাচিপার সন্তান ও গণঅধিকার পরিষদের সভাপতি, ডাকসুর সাবেক ভিপি নুরুল হক নুর বলেন, এটি দুঃখজনক।



## পুরো বাংলাদেশ বোন আছিয়ার কাছে ক্ষমাপ্রার্থী, লজ্জিত: হাসনাত

**স্টাফ রিপোর্টার :** মাগুরায় যৌন নিপীড়নের শিকার শিশুটি মারা যাওয়ার ঘটনায় পুরো বাংলাদেশ বোন আছিয়ার কাছে ক্ষমাপ্রার্থী, লজ্জিত বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ সংগঠক (দক্ষিণ) হাসনাত আবদুল্লাহ। বৃহস্পতিবার (১৩ মার্চ) দুপুরে সামাজিক যোগাযোগ মাধ্যমে ফেসবুকে দেওয়া এক পোস্টে এ মন্তব্য করেন তিনি।

# মাগুরার সেই শিশু ধর্ষণে জড়িতদের দ্রুত বিচারের নির্দেশ প্রধান উপদেষ্টার



প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনূস বৃহস্পতিবার ঢাকায় তেজগাঁওয়ে তাঁর কার্যালয়ে উপদেষ্টা পরিষদের সভায় সভাপতিত্ব করেন। -পিআইডি

**স্টাফ রিপোর্টার :** মাগুরায় ধর্ষণের শিকার শিশুটির মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। একইসঙ্গে ন্যাক্কারজনক এ কাণ্ডে জড়িত অপরাধীদের দ্রুত বিচারের আওতায় আনার নির্দেশও দিয়েছেন তিনি। বৃহস্পতিবার (১৩ মার্চ) দুপুরে প্রধান উপদেষ্টার প্রেস উইং থেকে এসব তথ্য জানানো হয়। প্রেস উইং জানায়, মাগুরায় নির্যাতিত শিশুটি ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) শেষ নিশ্বাস ত্যাগ করেছে। চিকিৎসকরা দুপুর ১টায় শিশুটিকে মৃত ঘোষণা করেছেন। এ ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন প্রধান উপদেষ্টা প্রফেসর ড. মুহাম্মদ ইউনূস। প্রেস উইং আরও জানায়, শিশুটিকে ধর্ষণের ঘটনায় দায়েরকৃত মামলার আসামিদের দ্রুত বিচারের আওতায় নিয়ে আসার জন্যও নির্দেশ দিয়েছেন প্রধান উপদেষ্টা। এর আগে, এক বিজ্ঞপ্তিতে আইএসপিআর জানায়, অত্যন্ত দুঃখ ভারাক্রান্ত হৃদয়ে জানানো যাচ্ছে যে, মাগুরায় নির্যাতিত শিশুটি ১৩ মার্চ দুপুর ১টায় ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে শেষ নিশ্বাস ত্যাগ করেছে (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। আইএসপিআরের বিজ্ঞপ্তিতে বলা হয়, সম্মিলিত সামরিক হাসপাতালের সর্বাধুনিক চিকিৎসা ব্যবস্থা প্রয়োগ এবং বিশেষজ্ঞ চিকিৎসকদের সর্বোচ্চ প্রচেষ্টা সত্ত্বেও তাকে বাঁচানো সম্ভব হয়নি। শিশুটির আজ সকালে তিনবার কার্ডিয়াক অ্যারেস্ট হয়েছে, দুইবার স্থিতিশীল করা গেলেও তৃতীয়বার আর হৃৎস্পন্দন ফিরে আসেনি। বাংলাদেশ সেনাবাহিনী শিশুটির শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর ২-এর পাতায় দেখুন

## মাগুরায় ধর্ষণের শিকার শিশুটি মারা গেছে

**স্টাফ রিপোর্টার :** ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালের (সিএমএইচ) শিশু বিভাগের নিবিড় পরিচর্যা কেন্দ্রে (পিআইসিইউ) লাইফ সাপোর্টে থাকা মাগুরায় শিশুটি মারা গেছে (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। বৃহস্পতিবার (১৩ মার্চ) দুপুরে বাংলাদেশ সেনাবাহিনীর ভেরিফায়েড ফেসবুক পেজ থেকে বিষয়টি জানানো হয়েছে। পোস্টে জানানো হয়েছে, অত্যন্ত দুঃখ ভারাক্রান্ত হৃদয়ে জানানো যাচ্ছে ২-এর পাতায় দেখুন

## প্রধান উপদেষ্টা চীন সফরে যাচ্ছেন ২৬ মার্চ

**স্টাফ রিপোর্টার :** অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস আগামী ২৬ মার্চ চীন সফরে যাবেন বলে জানিয়েছেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র মোহাম্মদ রফিকুল আলম। বৃহস্পতিবার (১৩ মার্চ) সাপ্তাহিক মিডিয়া ব্রিফিংয়ে তিনি এ তথ্য জানান। রফিকুল আলম বলেন, আগামী ২৬ মার্চ বিকেলে প্রধান উপদেষ্টার চীনের উদ্দেশে যাত্রা করার কথা রয়েছে। আগামী ২৭ মার্চ তিনি বোয়াও ফোরাম ফর ২-এর পাতায় দেখুন



## মাগুরার সেই শিশুর ধর্ষণের বিচার ৭ দিনের মধ্যে শুরু হবে: আইন উপদেষ্টা

**স্টাফ রিপোর্টার :** মাগুরায় ৮ বছর বয়সী শিশুর ধর্ষণের ঘটনায় বিচার কাজ ৭ দিনের মধ্যে শুরু হবে বলে আশ্বাস দিয়েছেন আইন উপদেষ্টা অধ্যাপক আসিফ নজরুল। বৃহস্পতিবার (১৩ মার্চ) সচিবালয়ে আইন মন্ত্রণালয়ে এক সংবাদ সম্মেলনে এ আশ্বাস দেন তিনি। আইন উপদেষ্টা বলেন, মাগুরায় ধর্ষণের শিকার শিশুটির ময়নাতদন্ত আজকেই সম্পন্ন হবে। এরইমধ্যে ডিএনএ স্যাম্পল সংগ্রহ করা হয়েছে। আগামী ৫ দিনের মধ্যে রিপোর্ট পাওয়া যাবে। এ ঘটনায় ১২ থেকে ১৩ জন ১৬১ ধারায় জবানবন্দি দিয়েছে। তিনি আরও বলেন, ধর্ষণ ও বলাৎকারের মামলাগুলো দ্রুত বিচার করতে বিশেষ ট্রাইবুনাল গঠন করা হবে। আগামী রোববারের মধ্যে নারী ও শিশু নির্যাতন দমন আইনের সংশোধনীর অধ্যাদেশ জারির চেষ্টা করা হবে। এসময় দেশে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টির চেষ্টা করা হলে সরকার কঠোর ব্যবস্থা নেবে বলেও হুঁশিয়ার করেন আসিফ নজরুল। প্রসঙ্গত, মাগুরায় ধর্ষণের শিকার সেই শিশুটি আজ বৃহস্পতিবার (১৩ মার্চ) সম্মিলিত সামরিক হাসপাতালের (সিএমএইচ) নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) শেষ নিঃশ্বাস ত্যাগ করে। এ ব্যাপারে এক বিজ্ঞপ্তি দিয়ে আইএসপিআর জানায়, অত্যন্ত দুঃখ ভারাক্রান্ত হৃদয়ে জানানো যাচ্ছে যে, মাগুরায় নির্যাতিত শিশুটি ১৩ মার্চ দুপুর ১টায় ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে শেষ নিশ্বাস ত্যাগ ২-এর পাতায় দেখুন



## রমজান বিষয়ক ফতোয়া

### ফতোয়া (১৩)

**স্টাফ রিপোর্টার :** সেহেরি সংক্রান্ত বিদআত দেখা যায়, রমজান মাসে শেষ রাতে মুআযযিনগণ মাইকে উচ্চ আওয়াজে কুরআন তিলাওয়াত, গজল, ইসলামি সঙ্গীত ইত্যাদি গাওয়া শুরু করে। অথবা টেপ রেকর্ডার চালিয়ে বক্তাদের ওয়াজ, গজল বাজাতে থাকে। সেই সাথে চলতে থাকে ভাইয়েরা আমার, বোনেরা আমার, উঠুন, সেহেরির সময় হয়েছে, রান্না-বান্না করুন, খাওয়া-দাওয়া করুন” ইত্যাদি বলে অনবরত ডাকাডাকি। অথবা কোথাও কিছুক্ষণ পরপর উঁচু আওয়াজে হুইশেল বাজানো হয়। ২-এর পাতায় দেখুন

# আগামীকাল ভিটামিন ‘এ’ ক্যাপসুল পাবে ২ কোটি ২৬ লাখ শিশু

**স্টাফ রিপোর্টার :** আগামীকাল শনিবার (১৫ মার্চ) এক যোগে ৬ থেকে ৫৯ মাস বয়সি প্রায় ২ কোটি ২২ লাখ শিশুকে এই ক্যাপসুল খাওয়ানো হবে। মোট ১ লাখ ২০ হাজার স্থায়ী ইপিআই কেন্দ্রে তাদের এই ক্যাপসুল খাওয়ানো হবে। বৃহস্পতিবার (১৩ মার্চ) স্বাস্থ্য মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা মোহাম্মদ শাহাদাত হোসেন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়। এতে বলা হয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় স্বাস্থ্যসেবাকে জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। যার ফলে বাংলাদেশে অপুষ্টির হার কমেছে এবং শিশু ও মাতৃমৃত্যু উল্লেখযোগ্য হারে হ্রাস পেয়েছে। শুধু দেশেই নয়, বিশ্ব নেতৃত্বের পুষ্টি ফোরাম স্ক্যালিং আপ নিউট্রিশন (এসইউএন) এর গুরুত্বপূর্ণ সদস্য হিসেবে বাংলাদেশ অংশগ্রহণ করে আসছে। দেশ স্বাধীন হওয়ার পরবর্তী সময়ে অপুষ্টিজনিত কারণে শিশুদের মাঝে রাতকানা রোগের হার ৪.১০ শতাংশ ছিল। স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে, ১৯৭৪ সালে রাতকানা রোগ প্রতিরোধ কার্যক্রম গ্রহণ করে শিশুদের ভিটামিন ‘এ’ ক্যাপসুল খাওয়ানো শুরু হয়। পরবর্তীতে ভিটামিন ‘এ’ ক্যাপসুল খাওয়ানো অব্যাহত রাখার ফলে বর্তমানে ভিটামিন ‘এ’ এর অভাবজনিত রাতকানা রোগে আক্রান্ত শিশুর সংখ্যা প্রায় নেই বললেই চলে। ভিটামিন ‘এ’ শুধু অন্ধত্ব প্রতিরোধ করে না। এর পাশাপাশি ৫ বছরের নিচে শিশুদের মৃত্যুর হারও প্রায় এক চতুর্থাংশ কমিয়ে আনে, যা সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা-৪ (শিশু মৃত্যুর হার কমানো) অর্জনে খুবই সহায়ক ছিল। আমাদের সকল শিশু সঠিকভাবে মায়ের দুধ কিংবা সঠিক মাত্রায় ভিটামিন ‘এ’ সমৃদ্ধ খাবার গ্রহণ করতে পারে না। ফলে অনূর্ধ্ব ৫ বছর বয়সের শিশুদের ২-এর পাতায় দেখুন



## মাগুরার সেই শিশুর মৃত্যুতে স্বরাষ্ট্র উপদেষ্টার শোক

**স্টাফ রিপোর্টার :** মাগুরার সেই শিশুর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন স্বরাষ্ট্র উপদেষ্টা মো. জাহাঙ্গীর আলম চৌধুরী। বৃহস্পতিবার (১৩ মার্চ) দুপুরে এক বার্তায় তিনি এ শোক জানান। স্বরাষ্ট্র উপদেষ্টা শোকবার্তায় ওই শিশুর বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন এবং তার শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান। দুপুর ১টার দিকে ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) শেষ নিশ্বাস ত্যাগ করে শিশুটি। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) এক বিজ্ঞপ্তিতে জানায়, বৃহস্পতিবার সকালে ওই শিশুর তিনবার কার্ডিয়াক অ্যারেস্ট হয়। দুইবার স্থিতিশীল করা গেলেও তৃতীয়বার আর হৃদস্পন্দন ফিরে আসেনি। গত ৫ মার্চ রাতে মাগুরা শহরের নিজনান্দুয়ালী এলাকায় বোনের বাড়ি বেড়াতে গিয়ে ধর্ষণের শিকার হয় আট বছর বয়সী ওই ২-এর পাতায় দেখুন



## আরও বাড়ল সশস্ত্র বাহিনীর ম্যাজিস্ট্রেসি ক্ষমতার মেয়াদ

**স্টাফ রিপোর্টার :** সশস্ত্র বাহিনীকে দেওয়া বিশেষ ম্যাজিস্ট্রেসি ক্ষমতার মেয়াদ আরও দুই মাস বা ৬০ দিন বাড়িয়েছে সরকার। আগামী ১৫ মার্চ থেকে কার্যকর হতে যাচ্ছে নতুন এই মেয়াদ। অর্থাৎ, ওইদিন থেকে আরও ৬০ দিন বিশেষ নির্বাহী ম্যাজিস্ট্রেটের ক্ষমতা প্রয়োগ করতে পারবেন সশস্ত্র বাহিনীর ক্যাপ্টেন ও তদূর্ধ্ব সমমর্যাদার কমিশনপ্রাপ্ত কর্মকর্তারা। বৃহস্পতিবার (১৩ মার্চ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রেষণ-২ শাখার সিনিয়র সহকারী সচিব জেতী প্রু স্বাক্ষরিত এক প্রজ্ঞাপন থেকে এ তথ্য জানা যায়। প্রজ্ঞাপনে বলা হয়, দ্য কোড অব ক্রিমিনাল প্রসিডিউর, ১৮৯৮ এর ১২(১) ও ১৭ ধারা অনুযায়ী বর্ণিত অধিক্ষেত্রে অর্থাৎ সারাদেশে ও সময়কালে স্পেশাল এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের ক্ষমতা অর্পণ করা হলো। সশস্ত্র বাহিনীর ক্যাপ্টেন ও তদূর্ধ্ব সমমর্যাদার কমিশনপ্রাপ্ত কর্মকর্তারা (বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) এবং কোস্টগার্ডে প্রেষণে ২-এর পাতায় দেখুন



## মাগুরার শিশুটি আমাদের লজ্জা দিয়ে বিদায় নিয়েছে : মির্জা ফখরুল

**স্টাফ রিপোর্টার :** মাগুরায় ধর্ষণের শিকার শিশুটির মৃত্যুতে গভীর শোক জানিয়ে ‘নরপশুদের’ দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। বৃহস্পতিবার (১৩ মার্চ) দুপুরে শিশুটির মৃত্যুর খবর প্রকাশের পর তাৎক্ষণিক শোক বিবৃতিতে তিনি এ দাবি জানান। বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খানের গণমাধ্যমে পাঠানো শোক বার্তায় বিএনপি ২-এর পাতায় দেখুন

## ডিএনসিসি প্রশাসকের সঙ্গে নেদারল্যান্ডসের রাষ্ট্রদূতের সাক্ষাৎ

**স্টাফ রিপোর্টার :** ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) প্রশাসক মোহাম্মদ এজাজের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ ও বৈঠক করেছেন ঢাকায় নিযুক্ত নেদারল্যান্ডসের রাষ্ট্রদূত আন্দ্রে কার্সটেন্স। বৃহস্পতিবার (১৩ মার্চ) সকালে রাজধানীর গুলশান নগর ভবনে ডিএনসিসি প্রশাসক মোহাম্মদ এজাজের কার্যালয়ে এ বৈঠক হয়। বৈঠকে ঢাকা উত্তর সিটি করপোরেশনের আওতাধীন এলাকায় খাল ও জলাশয়ের টেকসই উন্নয়নে ও ঢাকা শহরে ব্লু নেটওয়ার্ক স্থাপনে সহযোগিতা প্রদানের আগ্রহ ব্যক্ত করেছেন নেদারল্যান্ডসের রাষ্ট্রদূত। বৈঠকে আলাপকালে নেদারল্যান্ডসের রাষ্ট্রদূতকে ডিএনসিসি প্রশাসক মোহাম্মদ এজাজ ঢাকা উত্তর সিটি করপোরেশনের খাল দখলমুক্তকরণ ও খনন কার্যক্রম সম্পর্কে অবগত করে বলেন, ঢাকা শহরে ব্লু ২-এর পাতায় দেখুন



তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মো. মাহফুজ আলম বৃহস্পতিবার ঢাকায় প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ পরিদর্শনকালে জুলাই শহিদ সাংবাদিক কর্ণার উদ্বোধন করেন। -পিআইডি

## পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র
## বাংলাদেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে ভারতের মন্তব্য অযাচিত

**স্টাফ রিপোর্টার :** ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্রিফিংয়ে বাংলাদেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে দেশটি বেশকিছু মন্তব্য করে। বাংলাদেশ মনে করে দেশটির এসব মন্তব্য অযাচিত এবং আভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপের শামিল। বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয় নিয়ে ভারতের এমন মন্তব্য ‘অপ্রত্যাশিত’ ও ‘অনাকাঙ্ক্ষিত’ বলে মনে করে পররাষ্ট্র মন্ত্রণালয়। বৃহস্পতিবার (১৩ মার্চ) দুপুরে পররাষ্ট্র মন্ত্রণালয়ে মিডিয়া ব্রিফিংয়ে মন্ত্রণালয়ের মুখপাত্র মোহাম্মদ রফিকুল আলম এসব কথা বলেন। গত ৭ মার্চ ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সোয়াল নয়াদিল্লিতে নিয়মিত ব্রিফিংয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে বাংলাদেশ পরিস্থিতি নিয়ে ভারতের অবস্থান তুলে ধরেন। সেখানে তিনি ২-এর পাতায় দেখুন

# পণ্য খালাসে লাইটারেজ সংকট বহির্নোঙরে মাদার ভেসেলের জট

- পণ্য নিয়ে দেশের ৭৫ ঘাটে ৫-৪০ দিন অপেক্ষায় ৯১৫ লাইটারেজ
- ২৯ ঘাটে পণ্য খালাসে ৩০ দিনের বেশি অপেক্ষায় ১৬৩ লাইটারেজ
- চট্টগ্রাম বন্দরের বহির্নোঙরে মাদার ভেসেলের সংখ্যা শতাধিক
- সনাতন পদ্ধতিতে লাইটারেজ আনলোডে ধীরগতি

**স্টাফ রিপোর্টার :** পণ্য খালাসে লাইটারেজ জাহাজ সংকটের কারণে চট্টগ্রাম বন্দরের বহির্নোঙরে মাদার ভেসেলের জটলা তৈরি হয়েছে। এতে বন্দর ব্যবস্থাপনায় নেতিবাচক প্রভাব পড়ছে। অভিযোগ রয়েছে, পণ্য আমদানি করলেও অনেক আমদানিকারকের খালাস ও গুদামজাতকরণের সুবিধা নেই। ফলে লাইটারেজগুলো ভাসমান গুদাম বানিয়ে সেখান থেকে ক্রেতাদের পণ্য সরবরাহ করা হচ্ছে। ফলে লাইটারেজ আনলোড করতে দীর্ঘ সময় লাগছে, যা নৌপথে পণ্য পরিবহনে সংকট তৈরি করছে। দীর্ঘদিন ধরে দেশের অভ্যন্তরে আমদানি করা পণ্য পরিবহনে ওয়াটার ট্রান্সপোর্ট সেল (ডব্লিউটিসি) নামের একটি সংগঠন সমন্বয়ক হিসেবে কাজ করতো। এতে সিন্ডিকেট তৈরি হলে লাইটারেজ ব্যবসায়ীদের মধ্যে অনৈক্য তৈরি হয়। পরে এক বছর ধরে নৌপথে আমদানি করা পণ্য পরিবহনে ব্যবহৃত লাইটারেজ ব্যবস্থাপনায় যুক্ত হয়েছে নৌপরিবহন অধিদপ্তর। এর মধ্যে ওয়াটার ট্রান্সপোর্ট সেলকে (ডব্লিউটিসি) ঢেলে সাজিয়ে করা হয়েছে ওয়াটার ট্রান্সপোর্ট কো-অর্ডিনেশন সেল (ডব্লিউটিসিসি)। জানা যায়, চট্টগ্রাম বন্দরে বাল্কপণ্যবাহী মাদার ভেসেল থেকে পণ্য খালাসে দুই হাজারের মতো লাইটার জাহাজ রয়েছে। এরমধ্যে দেড় হাজারের মতো নিয়ন্ত্রণ করে ডব্লিউটিসিসি। সংস্থাটি প্রতিদিন বার্থিং সভা করে প্রতিটি মাদার ভেসেলের বিপরীতে চাহিদা অনুযায়ী লাইটারেজ বরাদ্দ দেয়। তবে সাম্প্রতিক সময়ে মাদার ভেসেল থেকে পণ্য খালাসে লাইটারেজ বরাদ্দ দিতে হিমশিম খাচ্ছে তারা। অন্য জাহাজগুলো বিভিন্ন শিল্পগ্রুপের মালিকানাধীন। এরমধ্যে বসুন্ধরা, মেঘনা, সিটি, আবুল খায়ের, আকিজ, টিকে, এস আলম ও দেশবন্ধু সুগার গ্রুপের ২-এর পাতায় দেখুন

## স্ত্রীসহ সাবেক বিজিবি প্রধান সাফিনুল ইসলামের দেশত্যাগে নিষেধাজ্ঞা

**স্টাফ রিপোর্টার :** দুর্নীতির অভিযোগ থাকায় বডার গার্ড বাংলাদেশের (বিজিবি) সাবেক প্রধান মেজর জেনারেল (অব.) মো. সাফিনুল ইসলাম ও তার স্ত্রী সোমা ইসলামের দেশত্যাগে নিষেধাজ্ঞার আদেশ দিয়েছেন আদালত। গতকাল বৃহস্পতিবার দুর্নীতি দমন কমিশনের আবেদনের পরিপ্রেক্ষিতে এ আদেশ দেন ঢাকা মহানগর জ্যেষ্ঠ বিশেষ জজ মো. জাকির হোসেন গালিব। এদিন দুদকের উপসহকারী পরিচালক সাবিকুন নাহার তাদের দেশত্যাগে নিষেধাজ্ঞা চেয়ে আবেদন করেন। দুদকের আবেদনে বলা হয়, অভিযুক্তদের বিরুদ্ধে ক্ষমতার অপব্যবহার, বিভি ২-এর পাতায় দেখুন

# হঠাৎ ধর্ষণের ঘটনা বেড়েছে কেন, কী করছে পুলিশ?



**স্টাফ রিপোর্টার :** ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) এখনো মৃত্যুর সঙ্গে লড়ছে মাগুরায় যৌন নির্যাতনের শিকার আট বছর বয়সী শিশুটি। তার জীবন সংকটাপন্ন। গত বুধবার একদিনে চারবার কার্ডিয়াক অ্যারেস্টের শিকার হয়েছে শিশুটি। গত ৫ মার্চ রাতের এ ঘটনার তীব্র প্রতিবাদ জানিয়েছে গোটা দেশের মানুষ। জড়িতদের শাস্তির দাবিতে রাজপথে চলছে আন্দোলন-সমাবেশ। চার আসামিকে গ্রেফতার করে রিমান্ডে নিয়েছে পুলিশ। এরপরও থেমে নেই ধর্ষণ। গত ৮ মার্চ রাতে ঢাকার দক্ষিণ কেরানীগঞ্জ এলাকায় সংঘবদ্ধ ধর্ষণের শিকার হন অন্তঃসত্ত্বা এক নারী। পুলিশ জানায়, স্বামীর সঙ্গে মনোমালিন্যের কারণে ওই নারী কয়েক দিন আগে ঢাকায় আসেন। তিনি কাজ খুঁজছিলেন। ঢাকায় এসে একটি মাজারে আশ্রয় নিয়েছিলেন। রাতে কেরানীগঞ্জে গেলে তিন অটোরিকশাচালক ওই নারীকে থাকা-খাওয়ার ব্যবস্থা করে দেওয়ার আশ্বাস দিয়ে একটি ঘরে নিয়ে সংঘবদ্ধভাবে ধর্ষণ করেন। একই রাতে নারায়ণগঞ্জের বন্দর উপজেলায় ১৪ বছরের এক কিশোরীকে ঘুমের ওষুধ খাইয়ে নগ্ন ভিডিও ধারণ এবং পরে সেই ভিডিও দেখিয়ে ধর্ষণচেষ্টা করেন মেয়েটির সৎবাবা। রাতেই ওই ব্যক্তিকে আটক করে পুলিশে দেন স্থানীয় লোকজন। পরে তার বিরুদ্ধে বন্দর থানায় পর্নোগ্রাফি ও ধর্ষণচেষ্টার অভিযোগে পৃথক দুটি মামলা করেন ভুক্তভোগী কিশোরীর মা। ১০ মার্চ রাঙামাটি জেলা শহরে তিন বছরের এক শিশুকে ধর্ষণের অভিযোগে সুভাষ কুমার চাকমা (৬০) নামের ২-এর পাতায় দেখুন

## চরম অনিশ্চয়তায় এনআইডি প্রকল্পের ২২৩১ জনবলের ভবিষ্যৎ

**স্টাফ রিপোর্টার :** নির্বাচন কমিশনের (ইসি) জাতীয় পরিচয়পত্র (এনআইডি) সংক্রান্ত প্রকল্পের দুই হাজার ২৩১ জনবলের ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে। মূলত, ১৭ বছর চাকরি করার পরও রাজস্ব খাতে না নেওয়ায় এই অবস্থার সৃষ্টি হয়েছে। সরকার ইসি থেকে এনআইডি সরিয়ে নিতে পৃথক কমিশন গঠনের সিদ্ধান্ত নেওয়ায় এই শঙ্কা আরও বেড়েছে প্রকল্প কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে। ফলে তারাও এনআইডি ইসির অধীনে রাখা এবং চাকরি রাজস্ব খাতে নেওয়ার জন্য চলমান আন্দোলনে একাত্মতা ঘোষণা করেছেন। তারা বলছেন, বাংলাদেশ ২-এর পাতায় দেখুন



## মডেল মসজিদ নির্মাণে অনেক অনিয়ম হয়েছে : প্রেস সচিব

**স্টাফ রিপোর্টার :** প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম বলেছেন, ৫৬০টি মডেল মসজিদ নির্মাণে অনেক অনিয়ম হয়েছে। এক বিলিয়নের এই প্রকল্পে সৌদি আরবের কোনো ফান্ড ছিল না। প্রতিটি মসজিদ নির্মাণে ১৭/১৮ কোটি টাকা করে খরচ করা হয়েছে। দুর্নীতি না হলে ৭/৮ কোটি টাকায় করা যেত। গতকাল বৃহস্পতিবার দুপুরে ফরেন সার্ভিস একাডেমির মিলনায়তনে এক ব্রিফিংয়ে তিনি এসব কথা বলেন। শফিকুল আলম বলেন, পতিত স্বৈরাচার ৫৬০টি মসজিদ নির্মাণ করেছিল। খরচ ২-এর পাতায় দেখুন

## পিলখানা হত্যাকাণ্ড
## ২৩৯ বিডিআর সদস্যের জামিন শুনানি শেষ আদেশ অপেক্ষমাণ

**স্টাফ রিপোর্টার :** পিলখানা হত্যাকাণ্ডের ঘটনায় বিস্ফোরক দ্রব্য আইনে দায়ের করা মামলায় ২৩৯ বিডিআর সদস্যের জামিনের বিষয়ে শুনানি শেষ হয়েছে। যাচাই-বাছাই শেষে বৃহস্পতিবার (১৩ মার্চ) বিকেলে জামিনের বিষয়ে আদেশ দেবেন আদালত। কেরানীগঞ্জ কেন্দ্রীয় কারাগারে স্থাপিত অস্থায়ী বিশেষ ট্রাইব্যুনাল-২ এর বিচারক মো. ইব্রাহিম মিয়ার আদালতে আসামিপক্ষের আইনজীবীরা জামিন চেয়ে আবেদন করেন। রাষ্ট্রপক্ষে প্রসিকিউটর বোরহান উদ্দিন জামিনের বিরোধিতা করেন। শুনানি শেষে আদালত জামিনের বিষয়ে ২-এর পাতায় দেখুন

বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ সংবাদের জাতীয় দৈনিক

# মানবিক বাংলাদেশ

ঢাকা শুক্রবার ॥ ১৪ মার্চ ২০২৫ ॥ ২৯ ফাল্গুন ১৪৩১ বাংলা

## গেজেটেড কর্মকর্তার মর্যাদা পাচ্ছেন প্রাথমিকের প্রধান শিক্ষকরা




**স্টাফ রিপোর্টার :** সারাদেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সব প্রধান শিক্ষক দশম গ্রেডে দ্বিতীয় শ্রেণির গেজেটেড কর্মকর্তার মর্যাদা পাবেন বলে রায় দিয়েছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। ২০১৪ সালের ৯ মার্চ থেকে এই মর্যাদা ও সুযোগ-সুবিধা পাবেন তারা। এতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৩০ হাজার প্রধান শিক্ষক দ্বিতীয় শ্রেণির গেজেটেড কর্মকর্তার মর্যাদা পাবেন। এ সংক্রান্ত বিষয়ে শুনানি নিয়ে বৃহস্পতিবার (১৩ মার্চ) প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদের নেতৃত্বাধীন চার সদস্যের বিচারপতির আপিল বিভাগের বেঞ্চ এ রায় দেন। হাইকোর্টের রায় বহাল রেখে আপিল বিভাগ এই রায় দেন। আপিল বিভাগে শিক্ষকদের পক্ষে শুনানি করেন জ্যেষ্ঠ আইনজীবী ব্যারিস্টার সালাউদ্দিন দোলন। এর আগে ২০১৯ সালের ২৬ ফেব্রুয়ারি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের বেতন দশম গ্রেডসহ গেজেটেড পদমর্যাদা দিতে নির্দেশ দেন হাইকোর্ট। প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন উভয় প্রধান শিক্ষকদের বেতন স্কেল দশম গ্রেড পদমর্যাদা ২০১৪ সালের ৯ মার্চ থেকে আদেশ কার্যকর করতে বলা হয়। এ বিষয়ে জারি করা রুল যথাযথ ঘোষণা করে হাইকোর্টের বিচারপতি নাইমা হায়দার ও বিচারপতি খিজির আহমেদ চৌধুরীর সমন্বয়ে গঠিত বেঞ্চ এ রায় দেন। আইনজীবী সালাউদ্দিন দোলন সাংবাদিকদের তখন বলেছিলেন, বর্তমানে প্রধান শিক্ষক পদটি দ্বিতীয় শ্রেণির হলেও তারা বেতন পান ১১ ও ১২তম গ্রেডে।

অথচ দ্বিতীয় শ্রেণির অন্য সব চাকরিজীবী দশম গ্রেডে বেতন পান। নন-ক্যাডার দ্বিতীয় শ্রেণির পদে অন্যান্য মন্ত্রণালয় বা বিভাগে দ্বিতীয় শ্রেণির কর্মকর্তারা জাতীয় বেতন কাঠামোর দশম স্কেলে বেতন পান। ফলে সরকারি প্রধান শিক্ষকদের মর্যাদা দিলেও তাদের প্রাপ্য থেকে বঞ্চিত করা হয়েছিল। ২০১৪ সালের ৯ মার্চ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের দ্বিতীয় শ্রেণিতে উন্নীত করার ঘোষণা দেয় সরকার। ওই দিনই প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় প্রজ্ঞাপন জারি করলেও পরে মন্ত্রণালয় প্রশিক্ষিত প্রধান শিক্ষকদের জন্য ১১ ও অপ্রশিক্ষিত প্রধান শিক্ষকদের জন্য ১২তম গ্রেডে বেতন নির্ধারণ করে। এ নিয়ে বাংলাদেশ সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক সমিতিসহ প্রধান শিক্ষকদের বিভিন্ন সংগঠন আন্দোলন করে আসছিল। পরে ১১ ও ১২তম গ্রেড নির্ধারণের সিদ্ধান্ত চ্যালেঞ্জ করে গত বছরের ৪ মার্চ হাইকোর্টে রিট আবেদন করেন বাংলাদেশ সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক সমিতির সভাপতি রিয়াজ পারভেজসহ সংক্ষুব্ধ ৪৫ শিক্ষক।

## ফরহাদ মজহারের অপহরণ মামলা আবার তদন্তের নির্দেশ

**স্টাফ রিপোর্টার :** কবি ও মানবাধিকার কর্মী ফরহাদ মাজহারকে ৮ বছর আগে অপহরণ করে চাঁদা দাবির ঘটনায় আদাবর থানার মামলা আবার তদন্তের নির্দেশ দিয়েছেন আদালত। ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো. মিনহাজুর রহমান গত মঙ্গলবার পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশনকে (পিবিআই) তদন্তের জন্য এ আদেশ দেন। গতকাল বৃহস্পতিবার আদালত সূত্রে এ তথ্য জানা যায়। মামলাটি পুনরায় তদন্ত করে পিবিআইকে আগামী ২৭ এপ্রিলের মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশ দেওয়া হয়েছে। জানা গেছে, ফরহাদ মাজহারের নিখোঁজের ঘটনায় ওই দিন রাতেই স্ত্রী ও বর্তমান মৎস্য ও প্রাণিসম্পদ উপদেষ্টা ফরিদা আখতার বাদী হয়ে আদাবর থানায় একটি অপহরণ মামলা করেন। এরপর মামলাটি তদন্ত শেষে একই বছরের ৩১ অক্টোবর অপহরণের সত্যতা পাওয়া যায়নি উল্লেখ করে আদালতে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করেন তদন্তকারী কর্মকর্তা ডিবি পুলিশের পরিদর্শক মাহাবুবুল ইসলাম। একইসাথে মিথ্যা তথ্য দিয়ে বিভ্রান্ত ও হয়রানির অভিযোগে দণ্ডবিধির ২১১ ও ১০৯ ধারায় ফরহাদ মাজহার ও অপহরণ মামলার বাদী তার স্ত্রী ফরিদা আখতারের বিরুদ্ধে আদালতের অনুমতিক্রমে মামলা দায়ের করে পুলিশ। তবে মামলার তদন্তের বিষয়ে বাদী ফরিদা আখতার নারাজি দেন। কিন্তু আদালত নারাজি নামঞ্জুরের করে। এ ঘটনায় বাদীপক্ষ অসন্তোষ প্রকাশ করে ঢাকা মহানগর দায়রা জজ আদালতে মামলাটির পুনরায়

৭-এর পাতায় দেখুন



## আমাদেরকে দায়িত্ব পালন করতে না দিলে সমাজটাই শেষ হয়ে যাবে: আইজিপি

**গাজীপুর প্রতিনিধি :** বাংলাদেশ পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) বাহারুল আলম বলেছেন, একটি সভ্য দেশ পুলিশ ছাড়া কীভাবে চলবে পৃথিবীর কোথায় আছে, পুলিশ ছাড়া চলে পৃথিবীর কোথাও এটা নাই, এই দেশের মানুষকে এটা বুঝতে হবে, যারা বুদ্ধিমান, তারা অবশ্যই বোঝেন। তবে কিছু লোক আছে, তারা মনে করে পুলিশ এখন আইন প্রয়োগ করতে যাচ্ছে, পুলিশ তাদের প্রতিপক্ষ। দেশের অপরাধ যদি দমন করা না হয়, শৃঙ্খলা যদি না হয় কোন নাগরিকটা থাকতে পারবে, এই ১৮ কোটি লোকের একটা লোকে ঘুমাতে পারবে আপনারও তো খেয়াল করেছেন, যখনই অপরাধ বেড়ে যায় তখন কি রকম শুরু হয়। তখন রাত জেগে নিজেদেরকে সারা রাত পাহারা দিতে হয়। এই দায়িত্বটুকু আমার। এখন যদি দেশের কিছু লোক আমাকে যারা ভুল বোঝে, আর তারা যদি আমাকে দায়িত্ব পালন করতে না দেয়, তাহলে পুরো সমাজটাই শেষ হয়ে যাবে। এই জিনিসটা তাদের বুঝতে হবে। গতকাল বৃহস্পতিবার সকাল ১০টায় গাজীপুর মহানগরীর মোঘরখাল (ভোগড়া বাইপাস) শিল্পাঞ্চল পুলিশ-২ কার্যালয়ে বিশেষ কল্যাণ সভায় প্রধান অতিথির তিনি এ কথা বলেন। বাংলাদেশ পুলিশের অতিরিক্ত মহাপরিদর্শক (শিল্প পুলিশ) ছিবগাত উল্লাহর সভাপতিত্বে কল্যাণ সভায় গাজীপুর মেট্রোপলিটন পুলিশ (জিএমপির) কমিশনার ড. নাজমুল করিম খানসহ পুলিশের অন্য উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। আইজিপি বলেন, এখনো পুলিশ জায়গায় জায়গায় কাজ করতে যাচ্ছে। সেখানে পুলিশ আক্রমণের শিকার হচ্ছে, তাদের কাছ থেকে আসামি ছিনিয়ে নিচ্ছে। ট্রাফিক পুলিশ আইনের নিয়ম ভঙ্গকারীদের কাছে যাচ্ছে, তাদেরকে বলছে আপনি আইন মেনে চলুন, সেখানে ট্রাফিক পুলিশের ওপর চড়াও হচ্ছে। আইন না মানার একটা প্রবণতা চলে আসছে। তারা মনে করছে, পুলিশ জনবিরোধী কাজ করছে, এখন আমরা আমাদের মতো চলবো, পুলিশ লাগবে না। এটা সম্পূর্ণ ভুল। উপস্থিত সাংবাদিকদের মাধ্যমে দেশবাসী ও নাগরিক সমাজের কাছে আহ্বান জানিয়ে বলেন, আমাদেরকে (পুলিশকে) কাজ করতে দেন। অনুগ্রহ করে আমাদের ওপর আক্রমণ করবেন না। আমরা সমাজের জন্য, দেশের জন্য এখানে আছি। কীভাবে সমাজে স্থিরতা আসবে, আমরা কিভাবে কার্যকরী ইলেকশনের দিকে আগাবো? যদি আমরা স্থিতিশীলতা (স্ট্যাবিলিটি) না আনতে পারি, স্থিতিশীলতা আমাকে আনতে হবে, কেন কাজ করতে দিচ্ছেন না? এটা যুক্তিহীন একটা কাজ, পুলিশ মানুষের শত্রু নয়, আমাদের দেশের জন্য কাজ করতে হবে। আমি বিনীত অনুরোধ করি দেশবাসীর কাছে, আমাদেরকে কাজ করার অনুমতি দেন। আপনাদের

৭-এর পাতায় দেখুন



## জামায়াতের সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রাখবে রাশিয়া: আব্দুল্লাহ তাহের

**স্টাফ রিপোর্টার :** বাংলাদেশ জামায়াতে ইসলামীর সঙ্গে রাশিয়া বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রাখবে বলে মন্তব্য করেছেন দলটির নায়েবে আমির সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের। বৃহস্পতিবার (১৩ মার্চ) রাজধানীর মগবাজারে জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কার্যালয়ের নিচতলায় এক সংবাদ ব্রিফিংয়ে এ তথ্য জানান তিনি। জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমানের সঙ্গে বৈঠককালে বাংলাদেশে নিযুক্ত রাশিয়ান ফেডারেশনের

৭-এর পাতায় দেখুন

## আইন-শৃঙ্খলায় রক্ষায় বিপুল খরচেও কমানো যাচ্ছে না নানামুখী আতঙ্ক

**স্টাফ রিপোর্টার :** আইন-শৃঙ্খলা রক্ষায় বিপুল খরচ হলেও কমানো যাচ্ছে না নানামুখী আতঙ্ক। বরং দেশজুড়েই আশঙ্কাজনকভাবে বেড়ে চলেছে চুরি, ছিনতাই, ডাকাতির মতো অপরাধ। আর রাজধানী ও নগর এলাকাগুলোয় সন্ধ্যার পর অত্যন্ত ভীতি নিয়ে নগরবাসীকে চলাচল করতে হচ্ছে। আসামি ধরতে গিয়ে অনেক জায়গায় পুলিশও আক্রমণের শিকার হচ্ছে। অথচ চলতি অর্থবছরের জুলাই-নভেম্বরে সরকার জনশৃঙ্খলা ও নিরাপত্তা রক্ষায় মোট ৮ হাজার ৭২২ কোটি টাকা খরচ করেছে সরকার। তাতে প্রতি মাসে গড়ে ১ হাজার ৭৪৪ কোটি টাকারও বেশি ব্যয় হয়েছে। কিন্তু তারপরও পরিস্থিতির উন্নতি না ঘটে বরং আরো বেপরোয়া হয়ে উঠছে অপরাধীরা। স্বরাষ্ট্র এবং অর্থ মন্ত্রণালয় সংশ্লিষ্ট সূত্রে এসব তথ্য জানা যায়। সংশ্লিষ্ট সূত্র মতে, চলতি অর্থবছরের প্রথম পাঁচ মাস জুলাই থেকে নভেম্বর পর্যন্ত সরকার জনশৃঙ্খলা ও নিরাপত্তা রক্ষায় মোট ৮ হাজার ৭২২ কোটি টাকা খরচ করেছে। তাতে প্রতি মাসে গড়ে ১ হাজার ৭৪৪ কোটি টাকারও বেশি ব্যয় হয়েছে। কিন্তু রাজনৈতিক পটপরিবর্তনের পর গত সাত মাসে দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতিতে ওই বিপুল পরিমাণ খরচের বিন্দুমাত্র প্রভাব পড়েনি। বিগত ২০২৩-২৪ অর্থবছরের প্রথম পাঁচ মাসে জনশৃঙ্খলা ও নিরাপত্তা খাতে সরকারের মোট ব্যয় ৮ হাজার ৭১২ কোটি টাকা হলেও চলতি ২০২৪-২৫ অর্থবছরের প্রথম পাঁচ মাসে ওই ব্যয় ১০ কোটি টাকা বেড়েছে। প্রতি মাসে গড়ে ১ হাজার ৭৪৪ কোটি টাকারও বেশি ব্যয় হয়েছে। আর ২০২৩-২৪ অর্থবছরে ওই খাতে সব মিলিয়ে ২৫ হাজার ৮৮৭ কোটি টাকা ব্যয় হয়েছে। পুলিশসহ আইন-শৃঙ্খলা রক্ষায় নিয়োজিত বাহিনীগুলোর পেছনে ওই অর্থ ব্যয় করা হয়েছে। সূত্র জানায়, বিগত ২০২৩-২৪ অর্থবছরটি

৭-এর পাতায় দেখুন



দেশজুড়েই আশঙ্কাজনকভাবে বেড়ে চলেছে চুরি, ছিনতাই ডাকাতির মতো অপরাধ

## ধর্ষণবিরোধী পদযাত্রায় সংঘর্ষ এসি মামুনের প্রত্যাহারসহ জড়িতদের বিচার দাবি

**স্টাফ রিপোর্টার :** 'ধর্ষণ ও নিপীড়নের বিরুদ্ধে বাংলাদেশ' ব্যানারে প্রধান উপদেষ্টার কার্যালয় অভিমুখে পদযাত্রায় পুলিশের বাধা ও সংঘর্ষের ঘটনায় ডিএমপির রমনা বিভাগের সহকারী কমিশনার (এসি) আবদুল্লাহ আল মামুনকে প্রত্যাহার ও জড়িতদের বিচার দাবি জানিয়েছে ধর্ষণের বিচারের দাবিতে তৈরি হওয়া প্ল্যাটফর্মটি। গতকাল বৃহস্পতিবার দুপুর সাড়ে ১২টায় রাজধানীর কেন্দ্রীয় শহীদ মিনারে এক সংবাদ সম্মেলনে এ দাবি জানানো হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে আয়োজকরা বলেন, দেশে খুন, ডাকাতি, চুরি, ছিনতাইসহ বিভিন্ন অপরাধপ্রবণতাসহ নারী নিপীড়নের মাত্রা অনেক বেড়েছে। ধর্ষণ ও নিপীড়ন নিত্যনৈমিত্তিক খবরে পরিণত হয়েছে। ধর্ষণ ও শারীরিক নিপীড়নের পাশাপাশি পথে-ঘাটে, সাইবার স্পেসে শারীরিক-মানসিক

৭-এর পাতায় দেখুন



## এনআইডির কার্যক্রম ইসির অধীনেই থাকা উচিত : ইসি সচিব

**স্টাফ রিপোর্টার :** নির্বাচন কমিশনের (ইসি) সিনিয়র সচিব আখতার আহমেদ বলেছেন, আমরা মনে করি এনআইডির কার্যক্রমটা ইসির অধীনেই থাকা উচিত। এর বাইরে যদি কাঠামোগত কোনো বিষয় থেকে থাকে, এ ব্যাপারে আমার কাছে বাড়তি কোনো তথ্য নেই। বৃহস্পতিবার দুপুর দেড়টার দিকে রাজধানীর আগারগাঁওয়ের নির্বাচন ভবনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন ইসি সচিব। আখতার আহমেদ বলেন, কারণ এ ব্যবস্থাটা আমরা গড়ে তুলেছি ২০০৭ সাল থেকে। আমাদের কারিগরি দক্ষতা আছে। এখান থেকে আমরা কাম্য সেবা দিচ্ছি এবং এখান থেকে সেবা সম্প্রসারণের ক্ষেত্র তৈরি করছি। আখতার আহমেদ বলেন, কাজেই যেটা প্রতিষ্ঠিত পদ্ধতি, সে পদ্ধতিটিকে আবার নতুন করে গড়ে তোলার চেয়ে প্রতিষ্ঠিত পদ্ধতিকেই সম্প্রসারণ করা যৌক্তিক বলে মনে করি। এটাই আমরা বারবার বলে আসছি। ইসির অধীনে এনআইডি সুরক্ষিত কি না জানতে চাইলে আখতার আহমেদ বলেন, ১৮২টি সংস্থা ইসির কাছ

৭-এর পাতায় দেখুন

## গির্জায় সুব্রত বৈদ্য হত্যা মামলায় সব আসামি খালাস

**স্টাফ রিপোর্টার :** ২০১১ সালে রাজধানীর মিরপুরের একটি গির্জায় শিক্ষক সুব্রত বৈদ্য হত্যার ঘটনায় দায়ের করা মামলায় সব আসামিকে খালাস দিয়েছেন আদালত। গতকাল বৃহস্পতিবার ঢাকার বিশেষ জজ আদালত-৮ এর বিচারক মো. মঞ্জুরুল হোসেনের আদালত আসামিদের বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হয়নি বলে খালাসের রায় দেন। খালাসপ্রাপ্ত আসামিরা হলেন- রিপন দাস, শিমন শিকদার ও প্রভুদান বাড়ৈ। আসামিদের মধ্যে প্রভুদান বাড়ৈ পলাতক রয়েছেন। অপর দুই আসামিকে রায় ঘোষণার সময় কারাগার থেকে আদালতে হাজির করা হয়। সংশ্লিষ্ট আদালতের বেঞ্চ সহকারি ফজলুর রহমান এসব তথ্য জানান। এদিকে মামলার বিচার চলাকালে সুব্রত বৈদ্যর প্রেমিকা নীপা দাস, তার বাবা নিবারণ দাস, মা লিন্ডা দাস মারা গেছেন। তাদের আগেই মামলা থেকে অব্যাহতি দেওয়া হয়।

৭-এর পাতায় দেখুন

## মাগুরায় ধর্ষণের শিকার শিশুর বোনের ভিডিও অপসারণ চেয়ে আইনি নোটিশ

**স্টাফ রিপোর্টার :** প্রচলিত আইন ও হাইকোর্টের নির্দেশনা অমান্য করে 'আমরাও মানুষ' ফেসবুক পেজ ও ইউটিউব চ্যানেল থেকে মাগুরায় ধর্ষণের শিকার শিশুর বোন, পরিবারের সদস্যদের জবাবদিহিমূলক সাক্ষাৎকারের সব ভিডিও অপসারণ চেয়ে আইনি নোটিশ পাঠানো হয়েছে। একইসঙ্গে নোটিশে দেশের কনটেন্ট ক্রিয়েটরদের জন্য নীতিমালা প্রণয়নের নির্দেশনা চাওয়া হয়েছে। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের সিনিয়র সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় সচিব, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের (বিটিআরসি) চেয়ারম্যান এবং পুলিশের মহাপরিদর্শককে এই নোটিশ পাঠানো হয়েছে। জনস্বার্থে গতকাল বৃহস্পতিবার ই-মেইলে সুপ্রিম কোর্টের আইনজীবী মো. বাহাউদ্দিন

৭-এর পাতায় দেখুন




## শিবগঞ্জে নির্বাচন অফিসের মানববন্ধন ও অবস্থান কর্মসূচি

**মোঃ শহিদুল ইসলাম রনি ষ্টাফ রিপোর্টার :** চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জে জাতীয় পরিচয়পত্র পরিষেবা স্বাধীন নির্বাচন কমিশন হতে সংবিধিবদ্ধ নতুন কমিশনে স্থানান্তরের কূট পরিকল্পনার বিরুদ্ধে মানববন্ধন ও অবস্থান কর্মসূচি পালন করেছে উপজেলা নির্বাচন অফিস। বৃহস্পতিবার বেলা ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত বাংলাদেশ নির্বাচন কমিশন অফিসার্স এসোসিয়েশনের আয়োজনে উপজেলা নির্বাচন অফিসের সামনে এ কর্মসূচি পালিত হয়। উপজেলা নির্বাচন কর্মকর্তা শাহ্ মো. আবুল কালাম আজাদ বলেন, ভোটার তালিকার ডাটাবেজ হতে জাতীয় পরিচয়পত্রের উৎপত্তি। গত ১৭ বছর ধরে নির্বাচন কমিশন ভোটার তালিকার পাশাপাশি জাতীয় পরিচয়পত্রের কার্যক্রম সাফল্যের সাথে সম্পন্ন করে আসছে। জাতীয় পরিচয়পত্র নির্বাচন কমিশনের কাছে সন্তানের মত। এটা আমাদের নিজস্ব সম্পদ। কিন্তু সম্প্রতি একটি চক্র জাতীয় পরিচয়পত্রের কার্যক্রমকে আলাদা একটি কমিশন গঠন করে সেখানে হস্তান্তরের পায়তারা করছে। এর প্রতিবাদে ও আমাদের সন্তানতুল্য জাতীয় পরিচয়পত্র কার্যক্রম বাংলাদেশ নির্বাচন কমিশনের অধীনে রাখার দাবিতে আমরা কর্মবিরতি কর্মসূচি পালন করছি।

আমরা আশা করছি সরকার আমাদের দাবির সাথে একমত থাকবে। পরে মানববন্ধন ও অবস্থান কর্মসূচী পালন শেষে দুপুর ১টার পরে আবার অফিসের কার্যক্রম শুরু হয়। এ সময় কর্মসূচিতে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাচন কর্মকর্তা শাহ্ মো. আবুল কালাম আজাদ, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক সামিউল আলম, ডাটা এন্ট্রি অপারেটর আরিফুল ইসলাম, মুহাম্মদ ইব্রাহীম জাকি, গোলাম আযম ও স্ক্যানিং এন্ড ইকুইপমেন্ট মেইন্টেন্যান্স অপারেটর মেহেদী হাসানসহ অন্যরা।

## ধর্ষক, নারী ও শিশু নির্যাতনকারীদের জনসম্মুখে সর্বোচ্চ শাস্তি দেওয়ার আহ্বান

**স্টাফ রিপোর্টার :** নারী অধিকার আন্দোলনের সভানেত্রী ও বাংলাদেশ সরকারের প্ল্যানিং কমিশনের সাবেক ডিভিশন চিফ মমতাজ মান্নান বলেছেন, এক সময় বাংলাদেশে এসিড নিক্ষেপের প্রবণতা ছিল। দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিতের মাধ্যমে তা কমানো গেছে। আমরা আশা করবো, ধর্ষক, নারী ও শিশু নির্যাতনকারীদের জনসম্মুখে সর্বোচ্চ শাস্তি দেওয়া হবে। তাহলে আর কেউ ধর্ষণ, নারী নির্যাতন করার সাহস পাবে না। গতকাল বৃহস্পতিবার জাতীয় প্রেসক্লাবের সামনে নারী অধিকার আন্দোলনের উদ্যোগে আয়োজিত মানববন্ধনে তিনি এসব কথা বলেন। মাগুরায় ধর্ষণের শিকার সেই শিশুসহ দেশব্যাপী নারী ও শিশু নির্যাতনের প্রতিবাদ এবং দায়ীদের শাস্তির দাবিতে এ মানববন্ধন করা হয়। মমতাজ মান্নান বলেন, বহুভাবে বহুদিন ধরে নারী ও কন্যা শিশু নির্যাতন চলছে।

৭-এর পাতায় দেখুন



## শিবগঞ্জে গণহত্যা দিবস ও মহান স্বাধীনতা দিবসের প্রস্তুতি সভা

মোসাঃ শামসুন্নাহার সোহানা, বিশেষ প্রতিনিধি : চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জে ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকালে উপজেলা প্রশাসন আয়োজিত উপজেলা প্রশাসনের হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় উপজেলা নির্বাহী কর্মকর্তা মো: আজাহার আলীর সভাপতিত্বে বক্তব্য রাখেন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. সায়রা খান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মিজানুর রহমান, উপজেলা সমাজসেবা কর্মকর্তা নুরুল ইসলাম, শিবগঞ্জ থানার ওসি গোলাম কিবরিয়া ও উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের সাবেক কমান্ডার বজলুর রশিদ সনুসহ অন্যরা। এছাড়া উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, জনপ্রতিনিধি ও শিক্ষকরা উপস্থিত ছিলেন। সভায় ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের বিভিন্ন কর্মসূচি গৃহীত হয়।

## সচিবালয় ও শাহবাগসহ যমুনার আশপাশে সভা-সমাবেশ নিষিদ্ধ

**স্টাফ রিপোর্টার :** সচিবালয় এবং প্রধান উপদেষ্টার সরকারি বাসভবন যমুনা ও পার্শ্ববর্তী এলাকায় যে কোনও প্রকার সভা-সমাবেশ, গণজমায়েত, মিছিল ও শোভাযাত্রা নিষিদ্ধ করেছে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। গতকাল বৃহস্পতিবার ডিএমপি কমিশনার শেখ মো. সাজ্জাত আলী সই করা গণবিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, জনশৃঙ্খলা রক্ষার স্বার্থে ঢাকা মেট্রোপলিটন পুলিশ অর্ডিন্যান্সের (অর্ডিন্যান্স নং-ওওও/৭৬) ২৯ ধারায় অর্পিত ক্ষমতাবলে গতকাল বৃহস্পতিবার থেকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বাংলাদেশ সচিবালয় এবং প্রধান উপদেষ্টার সরকারি বাসভবন যমুনা ও পার্শ্ববর্তী এলাকায় (হোটেল ইন্টারকন্টিনেন্টাল মোড়, শাহবাগ মোড়, কাকরাইল মোড়, মিন্টু রোড) যে কোনও প্রকার সভা-সমাবেশ, গণজমায়েত, মিছিল ও শোভাযাত্রা ইত্যাদি নিষিদ্ধ করা হলো।

## অবহেলায় মা ও শিশুর মৃত্যু: ৫০ কোটি টাকা ক্ষতিপূরণ দিতে রুল

**স্টাফ রিপোর্টার :** নোয়াখালীর সাউথবাংলা হাসপাতালে চিকিৎসকদের অবহেলা ও অপচিকিৎসার কারণে মা ও নবজাতকের মৃত্যুর ঘটনায় কেন ৫০ কোটি টাকা ক্ষতিপূরণ দেওয়া হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। চার সপ্তাহের মধ্যে মামলার বিবাদীদের এ রুলের জবাব দিতে বলা হয়েছে। এক রিট আবেদনের প্রাথমিক শুনানি নিয়ে গতকাল বৃহস্পতিবার বিচারপতি ফাহমিদা কাদের ও বিচারপতি মুবিনা আসাফের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এই রুল জারি করেন। আদালতে রিটের পক্ষে শুনানি করেন ব্যারিস্টার মো. সোলায়মান তুষার। তাকে সহযোগিতা করেন অ্যাডভোকেট বায়োজিদ হোসাইন ও নাঈম সরদার অয়ন। রাষ্ট্রপক্ষে শুনানি করেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল অ্যাডভোকেট মোহাম্মদ শফিকুর রহমান। তাকে সহযোগিতা করেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল

৭-এর পাতায় দেখুন

## সূচকের উত্থান: ডিএসইতে লেনদেন কমলেও সিএসইতে বেড়েছে

**স্টাফ রিপোর্টার :** ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে (সিএসই) সপ্তাহের শেষ কার্যদিবস বৃহস্পতিবার (১৩ মার্চ) সূচকের উত্থানের মধ্যে দিয়ে লেনদেন শেষ হয়েছে। এদিন ডিএসইতে আগের কার্যদিবসের চেয়ে টাকার পরিমাণে লেনদেন কমলেও সিএসইতে বেড়েছে। ডিএসই ও সিএসইতে লেনদেনে অংশ নেওয়া বেশিরভাগ কোম্পানির শেয়ার এবং মিউচুয়াল ফান্ডের ইউনিটের দাম বেড়েছে। ডিএসই ও সিএসই সূত্রে জানা গেছে, দিন শেষে ডিএসইর প্রধান সূচক ডিএসইএক্স আগের দিনের চেয়ে ৯.৫৪ পয়েন্ট বেড়ে অবস্থান করছে ৫ হাজার ২২৫ পয়েন্টে। ডিএসই শরিয়াহ সূচক ১.৩২ পয়েন্ট বেড়ে ১ হাজার ১৬৫ পয়েন্টে এবং ডিএস৩০ সূচক ১.৯৩ পয়েন্ট বেড়ে ১ হাজার ৯০১ পয়েন্টে দাঁড়িয়েছে।ডিএসইতে মোট ৩৯৪টি কোম্পানির শেয়ার ও ইউনিট লেনদেন হয়েছে। এর মধ্যে শেয়ার ও ইউনিটের দাম বেড়েছে ১৬৩টি কোম্পানির, কমেছে ১৫৪টির এবং অপরিবর্তিত আছে ৭৭টির। এদিন ডিএসইতে মোট ৪১৪ কোটি ৫৬ লাখ টাকার শেয়ার ও ইউনিট লেনদেন হয়েছে। আগের কার্যদিবসে লেনদেন হয়েছিল ৪৫২ কোটি ৮৪ লাখ টাকার শেয়ার ও ইউনিট। অন্যদিকে, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে (সিএসই) সিএসসিএক্স সূচক আগের দিনের চেয়ে ৫.১৫ পয়েন্ট বেড়ে অবস্থান করছে ৮ হাজার ৮৫০ পয়েন্টে। সার্বিক সূচক সিএএসপিআই ২.০৮ পয়েন্ট বেড়ে ১৪ হাজার ৫৭৬ পয়েন্টে, শরিয়াহ সূচক ৪.৪৪ পয়েন্ট কমে ৯৪৫ পয়েন্টে এবং সিএসই ৩০ সূচক ১১.৪৫ পয়েন্ট বেড়ে ১১ হাজার ৯২৩

৭-এর পাতায় দেখুন



## গাজায় বিদ্যুৎ ও খাদ্য সরবরাহ বন্ধ করে দেওয়া যুদ্ধাপরাধ : হামাস

**আন্তর্জাতিক ডেস্ক :** ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা ভূখণ্ডে বিদ্যুৎ ও খাদ্য সরবরাহ বন্ধ করে দিয়েছে ইসরায়েল। টানা বেশ কয়েকদিন ধরে এই অবরোধ জারি রেখেছে তারা। আর ইসরায়েলের এই পদক্ষেপকে যুদ্ধাপরাধ বলে আখ্যায়িত করেছে ফিলিস্তিনের স্বাধীনতাকামী সশস্ত্র গোষ্ঠী হামাস। বুধবার (১২ মার্চ) এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে বার্তাসংস্থা আনাদোলু। বার্তাসংস্থাটি বলছে, ফিলিস্তিনি প্রতিরোধ গোষ্ঠী হামাস গাজা উপত্যকায় ইসরায়েলের বিদ্যুৎ ও খাদ্য সরবরাহ অব্যাহতভাবে বন্ধ করে দেওয়াকে "যুদ্ধাপরাধ" বলে আখ্যায়িত করে বুধবার নিন্দা জানিয়েছে। গাজার ক্ষমতাসীন এই গোষ্ঠীটি এক বিবৃতিতে বলেছে, "১৬ মাসেরও বেশি সময় ধরে গাজায় ইসরায়েলের চলমান বিদ্যুৎ বিচ্ছিন্নতা এবং দেইর আল-বালাহ ডিস্যালিনেশন প্ল্যান্টে বিদ্যুৎ সরবরাহের সীমিত লাইন সম্প্রতি

৭-এর পাতায় দেখুন

## ৩০ ঘণ্টায় ট্রেনের জিম্মি দশার অবসান যাত্রীদের মুখে রোমহর্ষক বর্ণনা



**আন্তর্জাতিক ডেস্ক :** পাকিস্তানের দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় রাজ্য বেলুচিস্তানে এক্সপ্রেস নামে একটি ট্রেন ছিনতাই করে এর যাত্রীদের জিম্মি করেছিল ওই রাজ্যের স্বাধীনতাকামী সশস্ত্র রাজনৈতিক গোষ্ঠী বালোচ লিবারেশন আর্মি (বিএলএ)। অভিযান চালিয়ে ইতোমধ্যে সব হামলাকারীকে নিধন করে ট্রেনটির ৪৫০ যাত্রীকে উদ্ধার করেছে পাকিস্তান সেনাবাহিনী। ট্রেন ছিনতাইয়ের মিশনে অংশ নিয়েছিলেন বিএলএ'র ৩৩ জন সশস্ত্র যোদ্ধা। তাদের সবাই সেনা অভিযানে নিহত হয়েছেন। এর আগে হামলাকারীরা ২১ যাত্রীকে হত্যা করেন। এ ছাড়া অভিযান চলাকালে নিরাপত্তা বাহিনীর চার সদস্য নিহত হয়েছেন। জিম্মি হওয়া ট্রেন থেকে মুক্তি পেয়ে বিবিসি এএফপি ও নিউইয়র্ক টাইমসের কাছে ভয়াবহ অভিজ্ঞতা বর্ণনা করেছেন যাত্রীরা। বিদ্রোহীদের হাত থেকে বাঁচতে কীভাবে তারা লুকিয়েছিলেন, কীভাবে প্রতিনিয়ত সন্তানদের বাঁচানোর চেষ্টা করে গিয়েছেন, কী কী দেখেছেন, মুক্তির পর সেই ঘটনাবলির ধারাবাহিক বর্ণনা দিয়েছেন অনেকে। ইশাক নুর নামের এক যাত্রী মুক্তির পর বিবিসিকে বলেন, 'গুলির পর গুলি চলছিল। আমরা কোনোরকমে দম বন্ধ করে বসেছিলাম। কী হবে কিছুই বুঝতে পারছিলাম না।' সন্তানদের আড়াল করে বসেছিলেন মোহাম্মদ আশরাফ ও তার স্ত্রী। যাতে কোনোভাবে গুলি তাদের দিকে চলে এলে আগে বাবা-মায়ের গায়ে লাগে। সন্তানেরা যাতে বেঁচে যায়। আশরাফ বলেন, 'যাত্রীরা সকলে প্রচণ্ড ভয়ে ছিলেন। যেন মনে হচ্ছিল, এটাই পৃথিবীর শেষ দিন।' আরেক এক যাত্রী এএফপিকে জানিয়েছেন, সশস্ত্র বন্দুকধারীরা যাত্রীদের পরিচয়পত্র দেখে নিশ্চিত হওয়ার চেষ্টা করছিলেন কারা বেলুচিস্তান প্রদেশের, আর কারা বাইরের। পরিচয়পত্র পরীক্ষা করার পর যাত্রীদের সামনেই কয়েকজন সেনাকে গুলি করেন বিদ্রোহীরা। মোহাম্মদ নাভিদ নামে আরেক যাত্রী বলেন, প্রথমেই আমাদের ট্রেন থেকে নামিয়ে সন্ত্রাসীরা পুরুষ ও নারীদের আলাদা করে দাঁড় করায়। তারপর নারী এবং বয়স্কদের চলে যেতে বলে। ট্রেন নিজেদের দখলে নেওয়ার পর বেলুচ বিদ্রোহীরা নিজেদের

৭-এর পাতায় দেখুন

## গোপালগঞ্জে স্বর্ণপট্টিতে ভয়াবহ আগুন

**গোপালগঞ্জ প্রতিনিধি :** গোপালগঞ্জে ভয়াবহ আগুনে পুড়ে গেছে দুটি স্বর্ণের দোকান। এতে কমপক্ষে ১৫ লাখ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে। গতকাল বৃহস্পতিবার ভোর রাতে শহরের স্বর্ণপট্টিতে এই অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। ফায়ার সার্ভিসের দুটি ইউনিট দুই ঘণ্টা চেষ্টা করে আগুন নিয়ন্ত্রণে আনে। গোপালগঞ্জ ফায়ার সার্ভিসের সিনিয়র স্টেশন অফিসার মালেক আলী সরদার জানান, শহরের স্বর্ণপট্টির শাহজাহান মুন্সির আল মদিনা জুয়েলার্সে বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে প্রথমে আগুনের সূত্রপাত হয়। মুহূর্তের মধ্যে আগুন ছড়িয়ে পড়লে পাশের অসিত বিশ্বাসের মা তারা জুয়েলার্সে আগুন লেগে যায়। এতে দুটি স্বর্ণের দোকান পুড়ে ছাই হয়ে যায়। পরে খবর পেয়ে গোপালগঞ্জ ফায়ার সার্ভিসের দুটি ইউনিট ঘটনাস্থলে গিয়ে দুই ঘণ্টা চেষ্টার পর আগুন নেভাতে সক্ষম হয়। এই আগুনে ১৫ লাখ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলেও জানান তিনি। তবে এই ঘটনায় কেউ হতাহতের ঘটনা ঘটেনি বলেও তিনি জানান। ক্ষতিগ্রস্ত ব্যবসায়ী মা তারা

৭-এর পাতায় দেখুন

**সম্পাদক ও প্রকাশক :** মোহাম্মদ আলী কর্তৃক গাজী ভবন (৩য় তলা), প্লট : ৩৫, রোড : ২, ব্লক : খ, সেকশন : ৬, মিরপুর, ঢাকা থেকে প্রকাশিত। তুহিন প্রেস, ২১৯/২, ফকিরাপুল (১ম গলি), মতিঝিল, ঢাকা থেকে মুদ্রিত।
**ফোন :** ০৯৬৩৮-৩৬০৭৪৩, **ই-মেইল :** news.manabikbangladesh@gmail.com, **ওয়েবসাইট :** www.manabikbangladesh.com.

## সূচকের উত্থান: ডিএসইতে লেনদেন

পয়েন্টে অবস্থান করছে। সিএসইতে ২২০টি কোম্পানির শেয়ার ও ইউনিট লেনদেন হয়েছে। এর মধ্যে শেয়ার ও ইউনিটের দাম বেড়েছে ৯৩টি কোম্পানির, কমেছে ৯২টির এবং অপরিবর্তিত আছে ৩৫টির। দিন শেষে সিএসইতে ৮ কোটি ৩৪ লাখ টাকার শেয়ার ও ইউনিট লেনদেন হয়েছে। আগের কার্যদিবসে লেনদেন হয়েছিল ৫ কোটি ২০ লাখ টাকার শেয়ার ও ইউনিট।

## আমাদেরকে দায়িত্ব পালন করতে না

ছেলে-মেয়ে এবং আত্মীয়-স্বজন সবাইকে বলেন, দেশের জন্য কাজ করতে হবে, অন্যথায় সবকিছু ভেঙে যাবে। শিল্প পুলিশ ও শ্রমিকদের উদ্দেশে আইজিপি বলেন, আপনারা (শিল্প পুলিশ) নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। এ যাত্রায় আমরা সঙ্গে পেয়েছি বাংলাদেশ সেনাবাহিনীকে, বিশেষ করে নবম পদাতিক ডিভিশনের সদস্যরা অক্লান্ত পরিশ্রম করে আমাদের সঙ্গে কাজ করে যাচ্ছেন। তাদের কাছে আমি কৃতজ্ঞ। আমাদের অনুরোধে, শ্রম মন্ত্রণালয় সিদ্ধান্ত নিয়েছে ফেব্রুয়ারি মাসের বকেয়া বেতন, ঈদ বোনাস ও মার্চ মাসের আংশিক বেতন ২০ রমজানের মধ্যে পরিশোধ করবে। আপনাদের মাধ্যমে আমি সব শ্রমিক ভাই ও বোনদের প্রতিশ্রুতি দিচ্ছি, তাদের এই ন্যায়সঙ্গত পাওনা আদায়ের জন্য সব পক্ষের সঙ্গে আমরা আলোচনায় আছি এবং আপনাদের পাশে থাকবো। তিনি বলেন, শিল্প খাতের সব স্টেকহোল্ডার এবং শ্রমিক নেতৃবৃন্দসহ সবার প্রতি আমার আহ্বান, আপনারা কোনও গুজবে কান দেবেন না। আপনারা নিজ কর্মস্থলের প্রতি যত্নবান হবেন। ভাঙচুর করে প্রিয় কর্মস্থলের কোনও ক্ষতি হতে দেবেন না। আমরা দেখেছি, গুজব ছড়ানোর কারণে অনিয়মতান্ত্রিক ধ্বংসাত্মক কার্যক্রম চালানো হয়। এখানে আমি সাংবাদিক বন্ধুদেরও সহযোগিতা কামনা করছি। এরকম গুজবের বিষয়গুলো আপনারা যেন সমাজের সামনে তুলে ধরেন, সেজন্য আপনাদের আহ্বান জানাই। যদি এরকম গুজব ছড়িয়ে ভাঙচুর চালানো হয় তাহলে আমরা প্রত্যেকটি ক্ষেত্রে যারা ভাঙচুর করবে তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেব। রাস্তা অবরোধের মতো জনদুর্ভোগ সৃষ্টিকারী কোনও কাজ করা যাবে না। সমাজের সবার প্রতি আমার আবারও আহ্বান, পুলিশকে সহযোগিতা করুন, কাজের পরিবেশ তৈরি করুন, পুলিশকে প্রতিপক্ষ ভাববেন না, পুলিশের প্রতি আক্রমণ করবেন না। আইন ও সংবিধানের প্রতি সম্মান প্রদর্শন করুন। দেশ গঠনে আমাদেরকে দেশের সেবা করার সুযোগ দিন। বাহারুল আলম বলেন, ঈদের ছুটিতে ঢাকা থেকে লাখ লাখ মানুষ বাড়িতে যাবেন। তাদের এই আনন্দ যাত্রায় যেন বিঘ্ন না ঘটে তার জন্য শিল্প পুলিশ, ট্রাফিক পুলিশ, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ (জিএমপি) ও ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি) নিরলসভাবে কাজ করে যাচ্ছে। শ্রমিক ভাইবোনদের প্রতি আমার অনুরোধ, আপনারা দাবি আদায়ের জন্য রাস্তা আটকাবেন না। তাহলে লাখ লাখ মানুষের দুর্ভোগের কারণ তৈরি হবে। আপনারা তাদের বছরের একটি আনন্দ যাত্রায় বিঘ্ন হয়ে দাঁড়াবেন না। এ ধরনের কার্যকলাপ যদি কেউ করে আমি দৃঢ় কণ্ঠে বলছি, আমরা এ বিষয়ে তাদের বিরুদ্ধে কঠোর আইনি পদক্ষেপ নেবো। মো. বাহারুল আলম বলেন, বৈষম্যহীন বাংলাদেশ গড়তে সবার কাজ করতে হবে। এখানে যাদের মধ্যে আঘাত লেগেছে বা সংক্ষুব্ধ তারা চাইছে যেন আইনশৃঙ্খলা পরিস্থিতি অবনতি হয় ও প্রশাসন ব্যর্থ হয়। শিল্পখাত অস্থিরতাসহ আইন শৃঙ্খলা পরিস্থিতি অবনতির জন্য এই মহল জড়িত। তাদের প্রতিহত করাই পুলিশের কাজ। তিনি বলেন, ঈদযাত্রায় বিপুল সংখ্যক মানুষ শহর ছাড়েন। মানুষের সম্পত্তি, বাসা বাড়িতে চুরি, ছিনতাই প্রতিরোধে সারা দেশে বিশেষ নজরদারি থাকবে। তারপরও সবাই বাড়িঘর তালা দিয়ে যাবেন। এর আগে গাজীপুর মহানগরের ভোগড়া বাইপাস মোগরখাল এলাকায় শিল্প পুলিশ সদস্যদের অংশগ্রহণে কল্যাণ সভা অনুষ্ঠিত হয়। এ সভায় আইজিপি বলেন, সরকারি কর্মকর্তা হিসেবে পুলিশের কোনো রাজনৈতিক আনুগত্য নেই। বিএনপি, আওয়ামী লীগ বুঝি না। ৫ আগস্টের আগে পুলিশের রাজনৈতিক আনুগত্যের জন্য কলঙ্কিত হয়েছে। এটা করে পুলিশ মানুষের বিরুদ্ধে গেছে। কিছু লোকের উচ্চাভিলাষ, অন্ধ ও অন্যায় আনুগত্যের জন্য এটা হয়েছে। তাদের ভুলের জন্য কাজ করতে গিয়ে পুলিশকে মরতে হয়েছে। এটা যে অর্ডার করেছে দায়ভার তার। তাকে অবশ্যই শাস্তি পেতে হবে। অনুষ্ঠানে অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক সিবগাতুল্লাহর সভাপতিত্বে আরও বক্তব্য রাখেন-ঢাকা রেঞ্জের ডিআইজি একেএম আওলাদ হোসেন, গাজীপুর মহানগর পুলিশ কমিশনার মোহাম্মদ নাজমুল করিম খান ও ইন্ডাস্ট্রিয়াল পুলিশের ডিআইজি ইসরাইল হাওলাদার।

## ৩০ ঘণ্টায় ট্রেনের জিম্মি দশার

মধ্যে কী নিয়ে আলোচনা করছিলেন, মুক্তির পর তাও জানিয়েছেন বন্দিরা। মুশতাক মোহাম্মদ বলেন, বিদ্রোহীরা মূলত বেলুচ ভাষায় নিজেদের মধ্যে কথা বলছিলেন। তাদের নেতা বার বার সতর্ক করে দিচ্ছিলেন। সকলকে সজাগ থাকতে বলছিলেন। বিশেষ করে নিরাপত্তা বাহিনীর গতিবিধির দিকে নজর রাখতে বলা হচ্ছিল। দ্য নিউইয়র্ক টাইমসকে পাঞ্জাব প্রদেশের গুজরানওয়ালা জেলার বাসিন্দা নোমান আহমেদ জানিয়েছেন, তিনি ওই ট্রেনে ঈদের জন্য বাড়ি ফিরছিলেন তার কথায়, 'আমরা যখন বিস্ফোরণের শব্দ শুনতে পায়, তখন গুলি থেকে বাঁচতে ট্রেনের কামরার দরজা বন্ধ করে দেই। কিছুক্ষণ পর একজন সন্ত্রাসী এসে বাকি যাত্রীদের থেকে নারী এবং বয়স্কদের আলাদা করে নিয়ে যায়। কয়েকজন আহত যাত্রী ট্রেনের মধ্যে থেকে যায়। তারা বের না হতে চাওয়ায় সন্ত্রাসীরা তাদের ওপরে গুলি চালায়। পাকিস্তানের আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) জানিয়েছে, ট্রেনটিতে মোট ৪৪০ জন যাত্রী ছিল। অভিযানে ৩৩ সন্ত্রাসীর সবাইকে হত্যা করা হয়েছে। তবে চূড়ান্ত অভিযানের সময় কোনো যাত্রী নিহত হননি। তবে এর আগেই ২১ যাত্রীকে হত্যা করেন হামলাকারীরা। পেশোয়ারগামী যাত্রী গত মঙ্গলবার দুপুরে হামলা চালায় সশস্ত্র একটি গোষ্ঠী। বেলুচিস্তানের বোলান এলাকায় কাছে তারা এলোপাতাড়ি গুলি ছুড়ে যাত্রীদের জিম্মি করে। নিরাপত্তা বাহিনীর সূত্রগুলো জানায়, হামলাকারীরা স্যাটেলাইট ফোনের মাধ্যমে 'বিদেশি সহযোগীদের'-এর সঙ্গে যোগাযোগ রাখেন। তাদের মধ্যে আফগানিস্তানে থাকা একজন 'মাস্টারমাইন্ড' রয়েছেন। এ ছাড়া তারা ট্রেনে থাকা নারী ও শিশুদের মানবঢাল হিসেবে ব্যবহার করেন। এ কারণে অভিযানে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করা হয়। এদিকে যাত্রীবাহী ট্রেনে 'সন্ত্রাসী হামলার' তীব্র নিন্দা জানান পাকিস্তানের প্রেসিডেন্ট আসিফ আলী জারদারি ও প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ। এক বিবৃতিতে শাহবাজ শরিফ বলেন, এই পবিত্র রমজান মাসে নিরীহ যাত্রীদের লক্ষ্যবস্তু বানানো প্রমাণ করে, ওই সমস্ত ব্যক্তিদের ইসলাম, পাকিস্তান ও বেলুচিস্তানের সঙ্গে কোনো সম্পর্ক নেই।

## গোপালগঞ্জে স্বর্ণপট্টিতে ভয়াবহ

জুয়েলার্সের মালিক অসিত বিশ্বাস বলেন, গভীর রাতে শাহজাহান মুন্সির আল মদিনা জুয়েলার্সে বিদ্যুতের শর্ট সার্কিট থেকে প্রথমে আগুনের ঘটনা ঘটে। এতে আমার দোকান পুড়ে ছাই হয়ে যায়। এ অগ্নিকাণ্ডে ১৫ লাখ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে।

## ধর্ষক, নারী ও শিশু নির্যাতনকারীদের

বিচারহীনতা, বিচার প্রক্রিয়ায় দীর্ঘসূত্রিতা, অপরাধীর দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে না পারায় এ ধরনের ঘৃণ্য কাজ বেড়েই চলেছে। তিনি বলেন, মাগুরায় সেই শিশুর সঙ্গে করা অপরাধের বিচারকাজ দ্রুত সম্পন্ন করে অপরাধীদের শাস্তি কার্যকর করা হোক, আমরা এই আবেদন জানাচ্ছি। এ সময় নারী ও শিশুদের জন্য একটি সুস্থ ও নিরাপদ ভুবন গড়ে তুলতে নারী অধিকার আন্দোলন ছয়টি দাবি জানায়। দাবিগুলো হলো নারী ও শিশু নির্যাতন বন্ধে বিদ্যমান আইনের কার্যকর প্রয়োগ নিশ্চিত করা; দোষীদের দ্রুত আইনের আওতায় এনে যথা সময়ে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করা; বিশেষ ট্রাইব্যুনালের মাধ্যমে বিচারকার্য পরিচালনা করা; শরিয়াহ আইনের মাধ্যমে ধর্ষণের বিচার করা; নারী ও শিশুর প্রতি পাশবিক অত্যাচার দমনে কঠোর দণ্ডবিধি প্রয়োগ করা এবং দণ্ড প্রক্রিয়া কার্যকর করা। মানববন্ধনে অন্যান্যদের মধ্যে ছিলেন- নারী অধিকার আন্দোলনের সহ-সভানেত্রী ও ঢাকা মেডিকেল কলেজের প্রাক্তন বিভাগীয় প্রধান ডা. নাঈমা মোয়াজ্জেম, সাধারণ সম্পাদক নূরুন্নাহার, লালমাটিয়া মহিলা কলেজের ইংরেজি বিভাগের অধ্যাপক আফিফা মুশতারী, বিশিষ্ট চিকিৎসক ডা. তাহেরা বেগম, ড. শারমিন ইসলাম, লেখিকা নুরুন্নাহার খানম নীরু, সৈয়দা শাহীন আকতার, ড. সাজেদা হুমাইরাসহ সংগঠনের অন্যান্য নেতারা।

## মাগুরায় ধর্ষণের শিকার শিশুর বোনের

আল ইমরান এ নোটিশ প্রেরণ করেন। নোটিশে বলা হয়েছে, নারী ও শিশু নির্যাতন দমন আইনের ১৪ ধারায় বলা আছে, (১) এই আইনে বর্ণিত অপরাধের শিকার হইয়াছেন এইরূপ নারী বা শিশুর ব্যাপারে সংঘটিত অপরাধ বা তৎসম্পর্কিত আইনগত কার্যধারার সংবাদ বা তথ্য বা নাম-ঠিকানা বা অন্যবিধ তথ্য কোনও সংবাদপত্রে বা অন্য কোনও সংবাদ মাধ্যমে এমনভাবে প্রকাশ বা পরিবেশন করা যাইবে যাহাতে উক্ত নারী বা শিশুর পরিচয় প্রকাশ না পায়। (২) উপ-ধারা (১)-এর বিধান লঙ্ঘন করা হইলে উক্ত লঙ্ঘনের জন্য দায়ী ব্যক্তি বা ব্যক্তিবর্গের প্রত্যেকে অনধিক দুই বৎসর কারাদণ্ডে বা অনূর্ধ্ব এক লক্ষ টাকা অর্থদণ্ডে বা উভয়দণ্ডে দণ্ডনীয় হইবেন। কিন্তু আইনে স্পষ্ট বিধান সত্ত্বেও স্পর্শকাতর এই ঘটনায় মাগুরার ভিকটিম শিশুর ছবি, ভিডিও ও তার পরিচয় শনাক্তকরণের তথ্য বিভিন্ন সংবাদ মাধ্যম ও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়ে। বিগত ৯ মার্চ এ বিষয়ে দায়ের করা রিটের প্রেক্ষিতে বিচারপতি ফারাহ মাহবুব ও বিচারপতি দেবাশীষ রায় চৌধুরীর নেতৃত্বাধীন হাইকোর্ট বেঞ্চ বেশকিছু আদেশ প্রদান করেন। সেসব আদেশে শিশুটির ছবি, ভিডিও ও পরিচয় শনাক্তকরণ সকল বিষয়াদি দৈনিক পত্রিকা, অনলাইন নিউজ পোর্টাল এবং সব সামাজিক যোগাযোগ মাধ্যম থেকে ২৪ ঘণ্টার মধ্যে অপসারণের নির্দেশ দেন। এছাড়াও ২০০০ সালের নারী ও শিশু নির্যাতন দমন আইনের ১৪ ধারা মোতাবেক সংবাদ মাধ্যমে নির্যাতনের শিকার নারী ও শিশুর পরিচয় প্রকাশের ব্যাপারে বাধানিষেধ সত্ত্বেও তা (১৪ ধারা) ভঙ্গে জড়িতদের বিরুদ্ধে তিন কার্যদিবসের মধ্যে আইন অনুযায়ী ব্যবস্থা নিতে হাইকোর্ট নির্দেশ দেন। আদালত এসময় মন্তব্য করেন, শিশুটির বোনও একজন শিশু। তাই তাদের নিরাপত্তা নিশ্চিত করতে হবে। ১৪ ধারা অমান্যে যে শাস্তি হতে পারে, সে বিষয়ে সবাইকে সতর্ক করতে হবে। তাই আদালত তার আদেশে, ভুক্তভোগী শিশু ও তার ১৪ বছর বয়সী বড় বোনের স্বাস্থ্য, নিরাপত্তা ও কল্যাণ নিশ্চিতে ২৪ ঘণ্টার মধ্যে ব্যবস্থা নিতে নির্দেশ দেন। এজন্য ঢাকা ও মাগুরা জেলা সমাজকল্যাণ কর্মকর্তাকে দায়িত্ব দিতে আদেশ দেওয়া হয়। অথচ আইনের বিধি-নিষেধ এবং হাইকোর্টের কঠোর নির্দেশনা সত্ত্বেও যশোরের এক নারী বাইকার কর্তৃক পরিচালিত 'আমরাও মানুষ' নামে ফেসবুক পেজ ও ইউটিউব চ্যানেল থেকে ভিডিওধারণের মাধ্যমে শিশুটির বড় বোনের কাছে ঘটনার বর্ণনা জানতে চাওয়া ও ঘটনার সত্য-মিথ্যা বিষয়ে জবাবদিহিমূলক ভিডিও ধারণ করা হয়। ওই নারী কনটেন্ট ক্রিয়েটরের একই ঘটনায় একাধিক ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে আপলোড করেন। যা মুহূর্তে ভাইরাল হয় এবং তা দেখে উৎসুক জনতাও ভিডিও ধারণে উৎসাহী হয়ে পড়ে। যার মাধ্যমে ভিকটিম পরিবারটিকে নতুন করে ভিকটিমাইজ করার অপচেষ্টা করা হয়েছে। তাই এই নোটিশ পাওয়ার ২৪ ঘণ্টার মধ্যে সেসব ভিডিওসহ শিশুটির পরিচয় শনাক্ত করা যায়- এমন সব ভিডিও-পোস্ট সামাজিক যোগাযোগ মাধ্যম থেকে অপসারণের অনুরোধ করা হয়। একইসঙ্গে 'আমরাও মানুষ' পেজে-চ্যানেল থেকে প্রচারিত কনটেন্ট ক্রিয়েটরদের আইনের আওতায় এনে উপযুক্ত বিচার ও শিশুটির পরিবারের জন্য ক্ষতিপূরণ নিশ্চিতের অনুরোধ করা হয়। পাশাপাশি ভবিষ্যতে এ ধরণের ঘটনা এড়ানোর জন্য দেশে কনটেন্ট ক্রিয়েটরদের জন্য একটি সুস্পষ্ট নীতিমালা প্রণয়নে অনুরোধ করা হয়। অন্যথায় এ বিষয়ে প্রতিকার চেয়ে দেশের প্রচলিত আইন অনুসারে নোটিশদাতা উপযুক্ত আদালতের দ্বারস্থ হবেন বলেও নোটিশে উল্লেখ করা হয়।

## গাজায় বিদ্যুৎ ও খাদ্য সরবরাহ বন্ধ

বিচ্ছিন্ন করাটা যুদ্ধাপরাধ যা তৃষ্ণার্ত মানুষের বিপর্যয়ের মুখে পতিত হওয়ার ঝুঁকি তৈরি করে।" হামাস বলেছে, বেসামরিক নাগরিকদের বিরুদ্ধে যুদ্ধের হাতিয়ার হিসেবে ইসরায়েলের পানি ও খাদ্যকে ব্যবহার করছে এবং এটি আসলে "গাজার মানবিক বিপর্যয়কে আরও খারাপ করার একটি পদ্ধতিগত প্রচেষ্টার অংশ।" একইসঙ্গে গাজার ২০ লাখেরও বেশি বাসিন্দার ওপর "অভূতপূর্ব সমন্বিত শাস্তি" আরোপের জন্যও ইসরায়েলি প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুর সরকারকে অভিযুক্ত করেছে হামাস।

আনাদোলু বলছে, যুদ্ধবিরতি এবং বন্দি বিনিময় চুক্তি সত্ত্বেও ফিলিস্তিনি এই ভূখণ্ডের ওপর অবরোধ আরোপের সর্বশেষ পদক্ষেপ হিসেবে গত রোববার ইসরায়েল গাজায় বিদ্যুৎ সরবরাহ বন্ধ করে দিয়েছে। জাতিসংঘের স্পেশাল র‌্যাপোর্টিয়ার ফ্রান্সেসকা আলবানিজ ইসরায়েলি এই পদক্ষেপকে "গণহত্যার সতর্কতা" হিসেবে নিন্দা করেছেন এবং বলেছেন, বিদ্যুৎ ছাড়া পরিষ্কার পানি পাওয়া যাবে না। গাজায় মানবিক সহায়তার প্রবেশ বন্ধ করার ইসরায়েলি সিদ্ধান্তের পরে স্থানীয় এবং মানবাধিকার গোষ্ঠীগুলো ফিলিস্তিনি জনগণের অনাহারের সম্মুখীন হওয়ার বিষয়েও সতর্কতা জারি করেছে। মঙ্গলবার গাজা বিদ্যুৎ বিতরণ কোম্পানির মুখপাত্র মোহাম্মদ থাবেত বলেন, গত নভেম্বর থেকে ইসরায়েল গাজা ভূখণ্ডে মাত্র পাঁচ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করেছে। আর সম্প্রতি গাজার বিদ্যুৎ সংযোগ পুরোপুরি বিচ্ছিন্ন করার সিদ্ধান্ত নেয় ইসরায়েল। হামাস বলেছে, ইসরায়েলের গাজা ক্রসিং বন্ধ করে দেওয়া এবং খাদ্য ও চিকিৎসা সরবরাহ বন্ধ করে দেওয়া গাজা যুদ্ধবিরতি চুক্তির "গুরুতর লঙ্ঘন" এবং "আন্তর্জাতিক ও মানবিক আইনের সুস্পষ্ট লঙ্ঘন"। এছাড়া জাতিসংঘ, মানবিক সংস্থা এবং আরব রাষ্ট্রগুলোকে "এই বর্বর অপরাধ বন্ধ করতে", অবরোধ তুলে নিতে এবং আন্তর্জাতিক ন্যায়বিচারের সামনে ইসরায়েলি নেতাদের জবাবদিহি করতে দ্রুত পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়েছে হামাস।

## অবহেলায় মা ও শিশুর মৃত্যু: ৫০

অ্যাডভোকেট মাহফুজ বিন ইউসুফ, অ্যাসিস্ট্যান্ট অ্যাটর্নি জেনারেল অ্যাডভোকেট একরামুল কবির ও অ্যাডভোকেট মো. ঈসা। গত ৫ ফেব্রুয়ারি সুপ্রিম কোর্টের সংশ্লিষ্ট শাখায় নোয়াখালীর সেনবাগ প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক সাংবাদিক এমএ আউয়ালের পক্ষে রিটটি দায়ের করেন আইনজীবী ব্যারিস্টার মো. সোলায়মান তুষার। রিটে স্বাস্থ্য মন্ত্রণালয়ের সচিব, স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক, বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিলের রেজিস্টার, বাংলাদেশ নার্সিং মিডওয়াইফারি কাউন্সিলের রেজিস্টার, নোয়াখালী জোলার সিভিল সার্জন, নোয়াখালীর সাউথবাংলা হাসপাতাল, হাসপাতালের পরিচালক মহিউদ্দিন, নোয়াখালীর সোনাইমুড়ী স্বাস্থ্য কমপ্লেক্সের জুনিয়র কনসালটেন্ট (অ্যানেস্থেসিয়া) ডাক্তার মো. আক্তার হোসেন অভি, তার স্ত্রী ও নোয়াখালী মেডিকেল অ্যাসিসট্যান্ট ট্রেনিং স্কুলের (ম্যাটস) জুনিয়র লেকচারার ডাক্তার ফৌজিয়া ফরিদ, সাউথ বাংলা হাসপাতালের মেডিকেল সহকারী জাহিদ হোসেন ও সাউথ বাংলা হাসপাতালের ওটি ইনচার্জ সজিব উদ্দিন হৃদয়কে বিবাদী করা হয়েছে। ২০২৪ সালের ২৯ ডিসেম্বর ব্যারিস্টার মো. সোলায়মান তুষার ডাকযোগে সংশ্লিষ্টদের আইনি নোটিশ পাঠান। নোটিশে বলা হয়, ২০২৩ সালের ১৬ অক্টোবর রাতে সেনবাগ প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক সাংবাদিক এমএ আউয়াল তার অন্তঃসত্ত্বা মেয়ে উম্মে সালমা নিশির চিকিৎসার জন্য সাউথ বাংলা হাসপাতালে আসেন। এ সময় হাসপাতাল কর্তৃপক্ষ, কর্মরত মেডিকেল সহকারী জাহিদ হোসেনের সহায়তায় ডা. আক্তার হোসেন অভি ও তার স্ত্রী ডা. ফৌজিয়া ফরিদ রোগীকে হাসপাতালে আনুষ্ঠানিকভাবে ভর্তি না করে, রোগীর কোনও রকম পরীক্ষা-নিরীক্ষা না করে এবং অভিভাবকের সম্মতি না নিয়েই তাড়াহুড়া করে সিজার করেন। এ সময় ঘটনাস্থলেই মা ও সন্তানের মৃত্যু হয়। ঘটনা ধামাচাপা দিতে হাসপাতাল কর্তৃপক্ষ ও চিকিৎসক ডা. অভি ও তার স্ত্রী ফৌজিয়া ফরিদ প্রসূতির অবস্থা সংকটাপন্ন জানিয়ে আইসিইউ সাপোর্টের কথা বলে কুমিল্লায় রেফার করেন। ভুক্তভোগীর অভিভাবকরা তাকে কুমিল্লার টাওয়ার হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক জানান, অনেক আগেই রোগীর মৃত্যু হয়েছে। নোটিশে আরও বলা হয়, হাসপাতাল কর্তৃপক্ষ ও ডাক্তারদের ভুল ও অপচিকিৎসার কারণেই ভিকটিম ও নবজাতকের মৃত্যু হয়েছে, যা সংবিধানের অনুচ্ছেদ ১৮ ও ৩২ এর লঙ্ঘন। তারা এর দায় কোনোভাবেই এড়াতে পারেন না।

## ব্যাংক আমানতে উর্ধ্বগতি

হয়। ২০২৩ সালের অক্টোবরে আমানতের প্রবৃদ্ধি ছিল ৯ দশমিক ৮০ শতাংশ। ২০২৪ সালের ডিসেম্বর শেষে ব্যাংক খাতে মোট আমানত দাঁড়িয়েছে ১৭ লাখ ৭৬ হাজার কোটি টাকা। যা তার আগের বছরের একই সময়ে (ডিসেম্বর-২০২৩) ছিল ১৬ লাখ ৪৫ হাজার কোটি টাকা। কেন্দ্রীয় ব্যাংকের এক উর্ধ্বতন কর্মকর্তা বলেন, ঋণ অনিয়ম ও তারল্য সংকটের কারণে গ্রাহকদের মধ্যে আস্থার ঘাটতি তৈরি হয়। এসব কারণে সামগ্রিক ব্যাংক খাতে আমানতের প্রবৃদ্ধি কমে যায়। ব্যাংক খাতে আমানতের প্রবৃদ্ধি ১০ শতাংশের ওপর থাকা উচিত। তবে আমাদের দেশে হওয়া উচিত ১২ থেকে ১৪ শতাংশ। ব্যাংকিং চ্যানেলে ফিরছে টাকা চলতি ২০২৫ সালের জানুয়ারিতে ব্যাংকের বাইরে থাকা প্রায় ২ হাজার ১৪০ কোটি টাকা পুনরায় ব্যাংকে ফিরেছে। জানুয়ারি শেষে ব্যাংকের বাইরে মানুষের হাতে থাকা অর্থের পরিমাণ ছিল ২ লাখ ৭৪ হাজার কোটি টাকা। যা তার আগের মাস ডিসেম্বরে ছিল ২ লাখ ৭৬ হাজার কোটি টাকা।

## জামায়াতের সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক

রাষ্ট্রদূত আলেকজান্ডার জি. খোজিন এ আশ্বাস দিয়েছেন বলে জানান তিনি। তাহের বলেন, 'বৈঠকে বাংলাদেশ জামায়াতে ইসলামীর সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রাখার আশ্বাস দিয়েছে রাশিয়া।'সাক্ষাৎকালে একাত্তরে মহান মুক্তিযুদ্ধে বাংলাদেশের পাশে থাকায় রাশিয়ার জনগণের প্রতি কৃতজ্ঞতা জানান জামায়াত আমির। এসময় জামায়াত আমিরকে বাংলাদেশে রাশিয়ার বিনিয়োগ আরও বাড়ানোর আশ্বাস দেন রাষ্ট্রদূত।

## আইন-শৃঙ্খলায় রক্ষায় বিপুল খরচেও

নির্বাচনী বছর ছিলো। সেজন্য ওই বছরে আইন-শৃঙ্খলা ও জননিরাপত্তা খাতে বিপুল অংকের বরাদ্দ এবং খরচ করা হয়। আর চলতি অর্থবছরের প্রথম পাঁচ মাসে আইন-শৃঙ্খলা ও জননিরাপত্তায় খরচ বাড়লেও আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নতি হয়নি। যদিও নির্বাচনী বছরে পুলিশের নিয়মিত দায়িত্বের বাইরে অতিরিক্ত কিছু দায়িত্ব পালন করতে হয়। কিন্তু গত ৫ আগস্ট দেশে রাজনৈতিক পটপরিবর্তনের পর কার্যত তিনদিন দেশের কোথাও পুলিশের কোনো কার্যক্রম ছিল না। অন্তর্বর্তীকালীন সরকার দায়িত্ব গ্রহণের পর পুলিশ কর্মস্থলে ফিরে এলেও অর্থবছরের প্রথম পাঁচ মাসে টহল কার্যক্রম বা চেকপোস্ট কার্যক্রম সেভাবে দেখা যায়নি। আর গত কয়েক মাসে জনশৃঙ্খলা ও নিরাপত্তায় ব্যয় বাড়লেও পরিস্থিতির অবনতি ঠেকানো যায়নি। সূত্র আরো জানায়, দেশে রাজনৈতিক পটপরিবর্তনের পর পুলিশ ব্যাপক জনরোষের শিকার হয়। পুলিশের ৪৬০টি থানা ও স্থাপনা ক্ষতিগ্রস্ত হয়। তবে বিগত ছয় মাসেরও বেশি পেরিয়ে গেলেও এখনো আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক হয়নি। বরং ঢাকা, চট্টগ্রাম ও রাজশাহীর মতো এলাকাগুলোয় খুন, অপহরণ, ডাকাতি, ছিনতাইয়ের মতো অপরাধের ঘটনা বেড়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ এখনো কার্যকর ভূমিকা নিতে পারেনি। গত বছরের আগস্ট থেকে ডিসেম্বর পর্যন্ত সারা দেশে খুন, অপহরণ, চুরি, ছিনতাই ও পুলিশের ওপর মোট ৫ হাজার ৮৬২টি হামলার ঘটনা ঘটেছে। এর মধ্যে ৩২৯টি অপহরণ ও ১ হাজার ৫৪৫টি খুনের ঘটনা ঘটেছে। তার সঙ্গে ৬২৩টি ছিনতাই ও ৩ হাজার ১৫৩টি চুরির ঘটনা ঘটেছে। আর দায়িত্ব পালনকালে পুলিশের ওপর ১৯২টি হামলার ঘটনা ঘটেছে । এদিকে দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতির ক্রমাবনতি অর্থনীতিতেও চাপ তৈরি করছে। দেশের বিভিন্ন স্থানে চাঁদাবাজি বাড়ছে। বিশেষ করে পণ্য পরিবহন খাতে এ চাঁদাবাজি মাত্রাতিরিক্ত। বাংলাদেশ পুলিশ সার্ভিস অ্যাসোসিয়েশন থেকে এক বিবৃতিতে বলা হয়, সমপ্রতি ঢাকার কারওয়ান বাজার ও চট্টগ্রামের পতেঙ্গাসহ অন্যান্য স্থানে পুলিশ বাহিনীর ইউনিফর্মধারী সদস্যদের সঙ্গে কিছু উচ্ছৃঙ্খল, সমাজবিরোধী ও আইন অমান্যকারী ব্যক্তির সঙ্গে অনভিপ্রেত, অনাকাঙ্ক্ষিত ও অসৌজন্যমূলক ঘটনা ঘটেছে। বিষয়টি বাংলাদেশ পুলিশ সার্ভিস অ্যাসোসিয়েশনের দৃষ্টিগোচর হয়েছে। এতে পুলিশ বাহিনী মর্মাহত, চরম উদ্বিগ্ন ও আশাহত। কিছু উচ্ছৃঙ্খল ও শান্তি বিঘ্নকারী ব্যক্তি অযাচিতভাবে পুলিশের কাজে বাধা দেয়ার অপপ্রয়াস চালাচ্ছে। তাতে জনমনে অশান্তি, হতাশা সৃষ্টি ও জনশৃঙ্খলা ভঙ্গের মতো পরিবেশ সৃষ্টি হচ্ছে। বাংলাদেশ পুলিশ বাহিনী জনগণ ও সরকারের সঙ্গে আইন-শৃঙ্খলা রক্ষায় ইস্পাতসম মনোবল নিয়ে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করছে। অন্যদিকে সার্বিক বিষয়ে পুলিশ সদর দপ্তরের এআইজি (মিডিয়া) ইনামুল হক সাগর জানান, পুলিশ পেশাদারত্বের সঙ্গে দায়িত্ব পালন করে যাচ্ছে। দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং জননিরাপত্তা নিশ্চিত করতে প্রতিটি পুলিশ সদস্য কাজ করে যাচ্ছেন। রাজধানীসহ সারা দেশেই বাড়ানো হয়েছে টহল ও তল্লাশিচৌকির কার্যক্রম। পুলিশ বাহিনী ভবিষ্যতেও পেশাদারত্বের সঙ্গে দায়িত্ব পালনের মাধ্যমে জন-আকাঙ্ক্ষা পূরণে প্রতিশ্রুতিবদ্ধ।

## এসি মামুনের প্রত্যাহারসহ জড়িতদের

হেনস্তা, ক্যাট-কলিং, ইভটিজিংয়ের মতো ঘটনা দেশজুড়ে নারীদের জন্য এক অসহনীয় এবং অনিরাপদ পরিবেশ সৃষ্টি করেছে। অন্তর্বর্তী সরকারের স্বরাষ্ট্র উপদেষ্টা জাহাঙ্গীর আলম দায়িত্ব নেওয়ার পর থেকে এখন পর্যন্ত জনগণের নিরাপত্তা দিতে সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছেন। ঘটনার বর্ণনা দিয়ে ইডেন শিক্ষার্থী সুমাইয়া আক্তার বলেন, মঙ্গলবার ধর্ষণ ও নিপীড়নের বিরুদ্ধে বাংলাদেশ প্ল্যাটফর্মের উদ্যোগে ৯ দফা দাবিতে পদযাত্রা ও প্রধান উপদেষ্টা বরাবর স্মারকলিপি দেওয়ার শান্তিপূর্ণ কর্মসূচিতে পুলিশ প্রথমে হামলা করে। তারপর ডিএমপির রমনা বিভাগের সিভিল ড্রেসে থাকা এসি মামুন ন্যাক্কারজনকভাবে পেছন থেকে অতর্কিত হামলা চালান। এই হামলায় পুলিশ অতিরিক্ত বলপ্রয়োগ করেছে। নারীদের হেনস্তা করেছে, সাংবাদিকরা আহত হয়েছেন; যা আওয়ামী আমলের পুলিশি রাষ্ট্রেরই চিহ্ন বহন করে। তিনি বলেন, এই হামলায় সুমাইয়া আক্তার, মেঘমল্লার বসু, আহমেদ আরাফ, তাসমিয়া নেবুলা, সাজেদুল ইসলাম, অংঅংসহ কমপক্ষে ১৫ জন আহত হন। ধর্ষণ ও নারী নিপীড়নবিরোধী একটা মিছিলকে আটকানোর জন্যে ডিএমপি প্রথমে কোনও নারী পুলিশ রাখেনি, পুরুষ পুলিশরা নারী শিক্ষার্থীদের ওপর নৃশংস কায়দায় হামলা করে। আন্দোলনকারীরা আত্মরক্ষার্থে পুলিশকে মোকাবিলা করেছে এবং কয়েকজন পুলিশ সদস্যও এতে আহত হন। তিনি আরও বলেন, 'এই পুলিশি হামলার পর আমরা দেখলাম, ন্যায্য আন্দোলনকে বিতর্কিত করতে একদল মানুষ সঙ্ঘবদ্ধভাবে উসকানিমূলক অপপ্রচারে লিপ্ত হয়েছেন। বিভিন্ন ছবি ও খণ্ডিত ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে শেয়ার করে এই হামলাকে বৈধতা দেওয়ার চেষ্টা করছেন। এই মিথ্যা, খণ্ডিত, অপপ্রচারে অনেকেই বিভ্রান্তও হয়েছেন। বিভ্রান্ত না হয়ে সবাকেই ধর্ষণ ও সব ধরনের রাষ্ট্রীয় নিপীড়নের বিরুদ্ধে শক্তিশালী অবস্থান নেওয়ার আহ্বান জানাই। সুমাইয়া আক্তার বলেন, 'গত বুধবার বিকালে আমরা লক্ষ্য করলাম, পুলিশ রমনা মডেল থানায় সেই আন্দোলনকারী এবং আহত এক সাংবাদিকসহ ১২ শিক্ষার্থী এবং ৭০ থেকে ৮০ জন অজ্ঞাত ব্যক্তির নামে দাঙ্গা সৃষ্টির মিথ্যা মামলা করেছে। আরও অবাক হতে হয়, যখন দেখি সেই কর্মসূচিতে উপস্থিত ছিল না, এমন কয়েকজনের নামেও মামলা দেওয়া হয়েছে। পুলিশ ক্ষমতার অপব্যবহার করে গণহারে এই মামলা করেছে। আমরা এই মিথ্যা মামলা প্রত্যাহারের দাবি জানাই। সংবাদ সম্মেলন থেকে ধর্ষণ ও নিপীড়নের বিরুদ্ধে বাংলাদেশেরে জানানো দাবিগুলো হলো ধর্ষণ ও নিপীড়নের বিরুদ্ধে আন্দোলনের সংগঠকদের বিরুদ্ধে মিথ্যা ও অন্যায্য মামলা প্রত্যাহার করতে হবে; নারী আন্দোলনকারীসহ একাধিক আন্দোলনকারীদের শারীরিকভাবে নিপীড়ন এবং শান্তিপূর্ণ ও ন্যায্য আন্দোলনে অতিরিক্ত বলপ্রয়োগ করা পুলিশ কর্মকর্তা এসি মামুনের অপসারণ এবং তদন্ত সাপেক্ষে হামলায় জড়িত অন্যান্য পুলিশ সদস্যদের দৃষ্টান্তমূলক শাস্তির আওতায় আনা আনতে হবে; স্বরাষ্ট্র উপদেষ্টার পদত্যাগ, ধর্ষক-নিপীড়কদের বিচারসহ ৯ দফা মেনে নেওয়া এবং সংঘবদ্ধ ও উসকানিমূলক অপপ্রচার বন্ধে কার্যকর উদ্যোগ নিতে হবে।

## এনআইডির কার্যক্রম ইসির অধীনেই

থেকে তথ্য নিচ্ছে। অন্যান্য সংস্থাও তথ্য নিচ্ছে। সুরক্ষিত বলেই তারা তথ্য নেয়। ইসি কর্মকর্তা-কর্মচারীদের অবস্থান কর্মসূচি প্রসঙ্গে ইসি সচিব বলেন, যারা মানববন্ধন করেছেন তারা আমাদেরই সহকর্মী। তাদের দিক দিয়ে দাবি ঠিক আছে। সরকারি সিদ্ধান্তের বিরুদ্ধে সরকারি কর্মকর্তারা আন্দোলন করতে পারে কি না জানতে চাইলে আখতার আহমেদ বলেন, কারোই ভোগান্তি হোক এটা আমরা চাই না। কিন্তু এটি নিষ্পত্তি করতে যদি দেরি হয়ে থাকে সেটার জন্য নিশ্চয়ই যুক্তিসঙ্গত কারণ থাকে। সে কারণ নিষ্পন্ন হলেই ভোগান্তি থাকবে না।

## গির্জায় সুব্রত বৈদ্য হত্যা মামলায় সব

২০১১ সালের ২৩ সেপ্টেম্বর সুব্রত হত্যার শিকার হন। এ ঘটনায় নিহতের বোন সুবর্ণা বৈদ্য প্রথমে দারুস সালাম থানায় অপমৃত্যুর মামলা করেন। ময়নাতদন্ত প্রতিবেদন পাওয়ার পর তিনি থানায় মামলা করতে গেলে থানা মামলা নেয় না। পরে সুবর্ণা বৈদ্য ঢাকার আদালতে মামলা দায়ের করেন। আদালত দারুস সালাম থানাকে অভিযোগটি এজাহার হিসেবে গ্রহণের নির্দেশ দেন। দারুস সালাম থানার উপ-পরিদর্শক (এসআই) শাহিন মোহাম্মদ আমানুল্লাহ তদন্ত শেষে ছয় জনের বিরুদ্ধে ২০১৩ সালের ২৭ অক্টোবর অভিযোগপত্র দাখিল করেন। পরে সাক্ষীদের সাক্ষ্য গ্রহণ শেষে রায় দেন বিচারিক আদালত। জানা গেছে, ২০১১ সালে সুব্রত বৈদ্য মিরপুর বাংলা কলেজের স্নাতক শ্রেণিতে পড়াশোনা করতেন। চার বোনের একমাত্র ভাই সুব্রত। আর্থিক অনটনের কারণে মা-বাবা লেখাপড়ার খরচ জোগাতে না পারায় সুব্রত মিরপুর মাজার রোডের দ্বিতীয় কলোনির মেথদ লিস্ট সার্চে সানডে স্কুলে শিক্ষকতা করতেন। ওই চার্চের নিচতলায় নীপা দাসের বাসা ছিল। নিপা দাসের সঙ্গে সুব্রতর প্রেমের সম্পর্ক হয়। এ নিয়ে নীপা দাসের ভাই ও বাবা-মায়ের সঙ্গে সুব্রতর সম্পর্ক খারাপ হয়। তারা নীপা দাসের সঙ্গে সম্পর্ক ছিন্ন করতে সুব্রতকে চাপ দেন। সম্পর্ক ছিন্ন না করলে জীবননাশেরও হুমকি দেওয়া হয়। পরে ২০১১ সালের ২৩ সেপ্টেম্বর চার্চে ছাত্রছাত্রীদের ধর্মীয় বিষয়ে পড়ানোর পর চতুর্থ তলায় সুব্রতকে ডেকে নেন নীপা। ওইদিন দুপুর আড়াইটায় নীপা টেলিফোনে স্বজনদের জানান সুব্রত অসুস্থ। সুব্রতর মা, ভাই, বোন গির্জায় গিয়ে দেখেন তাকে নিয়ে নীপা, তার মা-বাবা ও ভাইয়েরা নিচে নামছেন। সুব্রতকে মিরপুরের ন্যাশনাল হার্ট ফাউন্ডেশনে নিয়ে গেলে কর্তব্যরক্ত চিকিৎসক মৃত ঘোষণা করেন। নীপার পরিবার জানায়, সুব্রত হৃদরোগে আক্রান্ত হয়ে মারা গেছেন। কিন্তু ময়নাতদন্ত শেষে জানা যায়, সুব্রতকে শ্বাসরোধ করে হত্যা করা হয়েছে।

## ফরহাদ মজহারের অপহরণ মামলা

তদন্তের জন্য একটি রিভিশন মামলা দায়ের করেন। সম্প্রতি রাজনৈতিক পটপরিবর্তনের পর সেই রিভিশন শুনানি অনুষ্ঠিত হয়। শুনানি শেষে মামলায় বাদীপক্ষের (ফরহাদ মাজহার-ফরিদা) নারাজির ওপর পুনরায় শুনানির আদেশ দেন ঢাকার দশম বিশেষ জজ আদালতের বিচারক রেজাউল করিম। পরে মঙ্গলবার শুনানি শেষে বাদীপক্ষের নারাজি গ্রহণ করে মামলাটি পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশনকে (পিবিআই) পুনরায় তদন্তের নির্দেশ দেন ঢাকার ম্যাজিস্ট্রেট আদালত। মামলার সূত্রে জানা যায়, ২০১৭ সালের ৩ জুলাই ভোরে রাজধানীর শ্যামলীর রিং রোডের ১নং হক গার্ডেনের বাসা থেকে বের হওয়ার পর নিখোঁজ হন ফরহাদ মাজহার। পরে স্ত্রীকে নিজের মোবাইল ফোনে জানান, কে বা কারা তাকে ধরে নিয়ে যাচ্ছে। তাকে মেরেও ফেলা হতে পারে। সন্ধ্যা পর্যন্ত ছয়বার কল করে ৩৫ লাখ টাকা মুক্তিপণ দাবি করা হয়। নিখোঁজ হওয়ার সংবাদ ছড়িয়ে পড়লে আইনশৃঙ্খলা বাহিনী তাৎক্ষণিক উদ্যোগ নিয়ে মোবাইল ট্র্যাকিং করে তার অবস্থান সম্পর্কে নিশ্চিত হয় এবং ১৯ ঘণ্টা পর যশোরের অভয়নগরে হানিফ পরিবহনের একটি বাস থেকে তাকে উদ্ধার করে।

## মাগুরায় ধর্ষণের শিকার শিশুটি আর নেই

**স্টাফ রিপোর্টার :** মাগুরায় বোনের বাড়িতে বেড়াতে এসে ধর্ষণের শিকার হওয়া সেই শিশুটি মারা গেছে। গতকাল বৃহস্পতিবার দুপুর ১টায় ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়েছে। শিশুটির মৃত্যুতে শোক প্রকাশ করেছে বাংলাদেশ সেনাবাহিনী। সেনাবাহিনীর ভেরিফায়েড ফেসবুক পেজে পোস্ট করা বিজ্ঞপ্তিতে মৃত্যুর বিষয়টি জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, অত্যন্ত দুঃখ ভারাক্রান্ত হৃদয়ে জানানো যাচ্ছে যে, মাগুরায় নির্যাতিত শিশুটি ১৩ মার্চ দুপুর ১টায় সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেছে। (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। সম্মিলিত সামরিক হাসপাতালের (সিএমএইচ) সর্বাধুনিক চিকিৎসা ব্যবস্থা প্রয়োগ এবং বিশেষজ্ঞ চিকিৎসকদের সর্বোচ্চ প্রচেষ্টা সত্ত্বেও তাকে বাঁচানো সম্ভব হয়নি। গতকাল বৃহস্পতিবার সকালে শিশুটির তিনবার কার্ডিয়াক অ্যারেস্ট হয়েছে উল্লেখ করে বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে, দুইবার স্থিতিশীল করা গেলেও তৃতীয়বার আর হৃদস্পন্দন ফিরে আসেনি। উল্লেখ্য, গত ৮ মার্চ শিশুটিকে সংকটাপন্ন অবস্থায় ঢাকা সিএমএইচ-এ ভর্তি করা হয়। শিশুটির শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়ে সেনাবাহিনী যেকোনও প্রয়োজনে তাদের পাশে থাকার অঙ্গীকার ব্যক্ত করেছে। শিশুটির বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেছে বাংলাদেশ সেনাবাহিনী। এর আগে, মাগুরা পৌর এলাকায় বোনের (শ্বশুর) বাড়িতে বেড়াতে গিয়ে গত ৫ মার্চ দিনগত রাতে শিশুটি ধর্ষণের শিকার হয় বলে পরিবার জানায়। শিশুটিকে প্রথমে মাগুরা সদর হাসপাতালে নেওয়া হয়েছিল। সেখানে তার শারীরিক অবস্থার অবনতি হওয়ায় তাকে ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়। এরপর উন্নত চিকিৎসার জন্য ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল ও পরে ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচে) শিশুটিকে ভর্তি করা হয়। এ ঘটনায় শিশুটির মা বাদী হয়ে নারী ও শিশু নির্যাতন দমন আইনে মাগুরা সদর থানায় মামলা করেন। মামলায় শিশুর বোনের স্বামী, শ্বশুর, শাশুড়ি ও ভাশুরকে আসামি করা হয়। চার আসামিকেই গ্রেপ্তার করেছে পুলিশ।

## চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কে বাসচাপায় ৩ জন নিহত

**স্টাফ রিপোর্টার :** চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কের দোহাজারী সদরে চট্টগ্রামমুখী বাসের চাপায় দুই ভাইবোনসহ তিন জন নিহত হয়েছেন। এ ঘটনার পর বিক্ষুব্ধ লোকজন চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়ক প্রায় দুই ঘণ্টা অবরোধ করে বিক্ষোভ করেন। এতে সড়কের দুই পাশে ব্যাপক যানজট সৃষ্টি হয়। পরে সেনাবাহিনীসহ আইনশৃঙ্খলা বাহিনীর হস্তক্ষেপে বিক্ষোভকারীরা বেলা ১১টার দিকে সড়ক থেকে সরে গেলে যান চলাচল স্বাভাবিক হয়। গতকাল বৃহস্পতিবার সকাল সাড়ে ৮টায় চট্টগ্রামমুখী পূরবী পরিবহনের বাসটি একটি ব্যাটারিচালিত অটোরিকশাকে পেছন থেকে ধাক্কা দিলে এ দুর্ঘটনা ঘটে। এতে ঘটনাস্থলে রিকশাচালক রুহুল আমিন নিহত হন। গুরুতর আহত অবস্থায় তিন জনকে চট্টগ্রাম মেডিকেল কলেজ (চমেক) হাসপাতালে নেওয়ার পর সেখানে দুই ভাইবোন মারা যায়। নিহত দুই ভাইবোন দোহাজারী জামিজুরি এলাকার জসিম উদ্দিনের সন্তান। সকালে কোচিংয়ে যাওয়ার পথে এ দুর্ঘটনা ঘটে। তারা দোহাজারী পাঠশালা পাবলিক স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থী। তারা হলো ওয়াকার উদ্দিন আদিল (১২) ও তার বড় বোন সপ্তম শ্রেণির শিক্ষার্থী উম্মে হাবিবা রিজভী (১৫)। নিহত রিকশাচালক ওই এলাকার আমানত উল্লার ছেলে রুহুল আমিন (৪৫)। এ ঘটনায় গুরুতর আহত হয়েছেন নবম শ্রেণির শিক্ষার্থী কাজী ফাহমিদা ওয়াশিমা তুশিন (১৫)। দোহাজারী হাইওয়ে থানার ওসি সুবরঞ্জন চাকমা বলেন, পূরবী পরিবহনের একটি বাসের ধাক্কায় দুই ভাইবোন এবং ব্যাটারিচালিত রিকশার চালক নিহত হয়েছেন। এ ঘটনায় আরও একজন আহত হয়েছেন। তারা সকালে কোচিংয়ে পড়তে যাচ্ছিল। এ ঘটনায় ঘাতক বাসটি জব্দ করা হয়েছে। তবে চালক ও হেলপার পলাতক রয়েছে। দুর্ঘটনার পর বিক্ষুব্ধ লোকজন কিছুক্ষণ সড়ক অবরোধ করে রাখেন। পরে তাদের বুঝিয়ে সড়ক থেকে সরিয়ে দিলে যান চলাচল স্বাভাবিক হয়। চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে দায়িত্বরত জেলা পুলিশের এএসআই মো. আলাউদ্দিন বলেন, চন্দনাইশে সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত অবস্থায় তিন জনকে আনা হয়। তাদের মধ্যে উম্মে হাবিবা রিজভী ও ওয়াকার উদ্দিন আদিল নামে দুজনকে দায়িত্বরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। আহত কাজী ফাহমিদা ওয়াশিমা তুশিনকে চিকিৎসা দেওয়া হচ্ছে।

## রোজায় খাবার খাওয়ায় কান ধরে উঠবস: ক্ষমা চাইলেন ব্যবসায়ী নেতা

**স্টাফ রিপোর্টার :** লক্ষ্মীপুর জেলা শহরে রোজা না রাখায় খাবার হোটেল থেকে বের করে এক বৃদ্ধসহ তিন ব্যক্তিকে রাস্তায় প্রকাশ্যে কান ধরিয়ে উঠবস করানোর ঘটনায় ক্ষমা চাইলেন বণিক সমিতির নেতা। থানা এলাকায় করা এক ভিডিও বার্তায় দেখা গেছে, ভুক্তভোগী মুনছুরুল হক ও মো. সাজুকে জড়িয়ে ধরে ক্ষমা চেয়েছেন তিনি। গত বুধবার দুপুরে লাঠি হাতে নিয়ে ওই নেতা তিন ব্যক্তিকে কান ধরে উঠবস করতে বাধ্য করেছিলেন। এ ঘটনায় লক্ষ্মীপুর জেলাসহ দেশব্যাপী তোলপাড় শুরু হয়। এরপর ওইদিন রাত ৯টায় জেলা পুলিশের হস্তক্ষেপে সদর থানা এলাকায় এক ভিডিও বার্তায় ভুক্তভোগীদের মধ্যে দুজনকে সঙ্গে নিয়ে ক্ষমা চেয়েছেন লক্ষ্মীপুর বণিক সমিতির ভারপ্রাপ্ত সভাপতি আব্দুল আজিজ। আরেক ভুক্তভোগী সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ভাইরাল হওয়া লাল চুল ও দাড়িওয়ালা বৃদ্ধকে ভিডিওতে দেখা যায়নি। ভিডিও বার্তায় আব্দুল আজিজ বলেন, কয়েকজন মুসলমান ব্যক্তি হিন্দু হোটেলে খাবার খাওয়ার জন্য ঢোকেন। রমজানের পবিত্রতা রক্ষায় তাৎক্ষণিক আমি গিয়ে তাদের বলেছিলাম, আপনারা কেন খাবার খাচ্ছেন? আপনারা তো মুসলমান। সেক্ষেত্রে তারা বলেছে রোজা রাখতে পারিনি। আমি আসলে যে কাজটি করেছি সেটি অন্যায় ও অপরাধ করেছি। এটা ধর্মীয় অনুভূতি, সেজন্য এটা আমার করা ঠিক হয়নি। এজন্য আমি তিন ব্যক্তির কাছে ক্ষমা চাইছি। তারা যেন আমাকে ক্ষমা করে দেন। আমি এ ধরনের কাজ আর কখনও করবো না। এ ধরনের কাজের সঙ্গে আর কখনও জড়িত হবো না। প্রত্যক্ষদর্শী ও স্থানীয়রা জানান, গত বুধবার দুপুরে শহরের থানা রোড এলাকায় কয়েকটি পর্দা লাগানো খাবার হোটেলে লাঠি হাতে বণিক সমিতি নেতা আজিজ অভিযান চালিয়েছিলেন। সে সময় রোজা না রাখা কয়েকজন যুবক-বৃদ্ধকে হোটেল থেকে বের করে রাস্তায় প্রকাশ্যে তিনি কানে ধরে উঠবস করতে বাধ্য করেছেন। এই ঘটনার কয়েকটি ভিডিও ফেসবুকে ছড়িয়ে পড়ে। শুরু হয় নানা আলোচনা ও সমালোচনা। এ ছাড়া ঘটনাটি নিয়ে জাতীয় ও বিবিসিসহ আন্তর্জাতিক বিভিন্ন গণমাধ্যমেও সংবাদ পরিবেশন করা হয়। পরে রাতেই সদর থানা পুলিশ বণিক সমিতির নেতা আজিজকে আটক করে। সাংবাদিকদের প্রশ্নের জবাবে ভুক্তভোগী মুনছুরুল হক ও মো. সাজু জানান, রমজানের পবিত্রতা রক্ষায় বণিক সমিতি নেতা তাদের শাস্তি দিয়েছেন। এখন তিনি থানায় ক্ষমা চেয়েছেন। তাই তারা আর কোনও আইনগত ব্যবস্থা নেবেন না। এ ব্যাপারে লক্ষ্মীপুর সদর মডেল থানার ওসি আব্দুল মোন্নাফ গণমাধ্যমকে বলেন, ঘটনার পরিপ্রেক্ষিতে পুলিশ সুপারের নির্দেশে বণিক সমিতির নেতা আজিজকে থানায় ডেকে আনা হয়েছে। ভুক্তভোগীদের মধ্যে দুই ব্যক্তিকেও আমরা থানায় এনেছিলাম। তারা কেউ কোনও অভিযোগ দেয়নি। এ ছাড়া আব্দুল আজিজ নিজেও ক্ষমা চেয়েছেন। তাই তাকে ছেড়ে দেওয়া হয়েছে। আরেক ভুক্তভোগী লাল চুল-দাড়িওয়ালা ব্যক্তিকে আমরা খুঁজে পাইনি। শুধু তিনি না, ভুক্তভোগী অন্য কেউ এসেও যদি অভিযোগ দেন, আমরা আইনগত ব্যবস্থা নেবো।

## চাঁদপুরেও তৈরি হচ্ছে জামদানী জামদানী শাড়ী

**স্টাফ রিপোর্টার :** নিজ বাড়ীতে জামদানী শাড়ী তৈরি করে তাক লাগিয়ে দিয়েছেন চাঁদপুর হাইমচরের রনি পাটওয়ারী। তিনি ৩নং দক্ষিণ আলগী দুর্গাপুর ইউনিয়ন পশ্চিম চর কৃষ্ণপুর গ্রামের বাসিন্দা। প্রতিনিয়ত নিজ এলাকা ছাড়িয়ে এই জামদানি শাড়ীর চাহিদা ব্যাপকভাবে ছড়িয়ে দিতে মরিয়া এই উদ্যোক্তা। গত মঙ্গলবার দিনব্যাপী নিজের একটি দোচালা টিনের ঘরে ক্ষুদ্র পরিসরে জামদানি শাড়ী তৈরিতে ব্যস্ত সময় পার করছেন রনি। রনির পিতা বিল্লাল পাটওয়ারী বলেন, প্রায় ২০ বছর আগে পারিবারিক অভাব কাটাতে রনি হাইমচর ছেড়ে পাড়ি জমায় নারায়ণগঞ্জে। পরে সেখানে নানা জায়গায় থেকে জামদানি কাপড় বুনার পুরো কাজ রপ্ত করে সে পুনরায় এলাকায় ফিরে আসে। একাডেমিক পড়াশুনা না থাকলেও এখন এই শাড়ী বিক্রিতেই রনি সংসারের হাল ধরেছে। এতে অনেকটা আপ্লুত আমরা সবাই। রনির মা সালমা বেগম বলেন, সুতা, নাটাই, কাঠের ফ্রেম, সিজার, কেচিসহ নানা যন্ত্রপাতি দিয়ে একা হাতে এক একটি জামদানী তৈরি করতে রনির ৩/৪ দিন সময় লেগে যাচ্ছে। তাই নানা প্রান্ত থেকে অর্ডার আসলেও তা ডেলিভারি দিতে ওর সময় লেগে যাচ্ছে। যদি সামর্থ্যবানরা এগিয়ে আসতো তাহলে রনির এখানে আরও অনেকের কর্মসংস্থানের সুযোগ হতো। জামদানি শাড়ী তৈরির উদ্যোক্তা রনি পাটওয়ারী বলেন, আমাদের ৭ ভাইবোনের মধ্যে এখন পরিবারসহ এলাকায় জামদানি শাড়ী তৈরি করে আমি সাড়া ফেলেছি। তবে এ কাজটিতে আরও অনেকের কর্মসংস্থান তৈরির প্রত্যাশা রয়েছে। এজন্য আমার চাই সরকারি বেসরকারি সাহায্য সহয়তা। রনি পাটোয়ারী আরও বলেন, আমার তৈরি এক একটি জামদানি শাড়ীর বর্তমান মূল্য ৩৭শ' টাকা থেকে ৮ হাজার টাকা। তবে যেকারো চাহিদানুযায়ী অর্ডার পেলে ৪/৫ লাখ টাকা দামের জামদানি শাড়ী তৈরিতেও আমি পারদর্শী। আমার এ কাজকে এগিয়ে নিতে আমি সবার দোয়া চাই। এ বিষয়ে চাঁদপুরের হাইমচরের ৩নং দক্ষিণ আলগী দূর্গাপুর ইউনিয়নের ইউপি চেয়ারম্যান সর্দার আব্দুল জলিল বলেন, রনির জামদানি শাড়ীর এই ক্ষুদ্র প্রতিষ্ঠান কে অনেক বড় করতে আমার পরিষদ থেকে সহায়তা থাকবে। আমি চাই এই শিল্প প্রতিষ্ঠান এগিয়ে যাক। এ বিষয়ে চাঁদপুরের হাইমচরের উপজেলা নির্বাহী অফিসার উম্মে সালমা নাজনীন তৃষা বলেন, প্রশাসনিক বিভিন্ন মেলায় এই জামদানি শাড়ীকে তুলে ধরাসহ এ শিল্পটিকে ছড়িয়ে দিতে রনির এই শিল্প তৎপরতাকে ঘিরে আরও ব্যাপকভাবে কর্মপরিকল্পনা নেয় হবে। ওর যেকোন সহায়তায় উপজেলা প্রশাসন পাশে থাকবে।

## শেখ হাসিনা সেনানিবাসের নাম 'পটুয়াখালী সেনানিবাস' করার দাবীতে সংবাদ সম্মেলন

**স্টাফ রিপোর্টার :** পটুয়াখালীর লেবুখালীতে অবস্থিত শেখ হাসিনা সেনানিবাসের নাম বরিশাল সেনানিবাসের পরিবর্তে 'পটুয়াখালী সেনানিবাস' করার দাবীতে সংবাদ সম্মেলন করা হয়েছে। গত বুধবার রাত সাড়ে ৭টায় নিজস্ব কার্যালয়ের হলরুমে সংবাদ সম্মেন করে এ দাবী জানান পটুয়াখালী ওয়েলফেয়ার ফাউন্ডেশন। এতে লিখিত বক্তব্য পাঠ করেন পটুয়াখালী ওয়েলফেয়ার ফাউন্ডেশনের চেয়ারম্যান আব্দুল্লাহ আন নাহিয়ান। এসময় তিনি বলেন, গত ১০ মার্চ পতিত স্বৈরাচর শেখ হাসিনা ও তার পরিবারের সদস্যদের নামে থাকা বাংলাদেশ সেনাবাহিনীর আওতাধীন ১৬টি সংস্থা, প্রতিষ্ঠান এবং স্থাপনার নাম বাতিল করে নতুন নামকরণ করা হয়। এরমধ্যে পটুয়াখালী জেলার লেবুখালীতে অবস্থিত ক্যান্টনমেন্টের নতুন নামকরণ করা হয় 'বরিশাল সেনানিবাস'। পটুয়াখালী জেলার মধ্যে অবস্থিত এ ক্যান্টনমেন্টের নাম 'পটুয়াখালী সেনানিবাস' না করে 'বরিশাল সেনানিবাস' করায় পটুয়াখালীর সচেতন নাগরিক, সিভিল সোসাইটি, সিনিয়র সিটিজেনস ও সর্বস্তরের মানুষ সরকারের এই সিদ্ধান্তে বিব্রত ও সংক্ষুব্ধ অনুভব করছে। তিনি আরো বলেন, ২০১৮ সালের ৮ ফেব্রুয়ারী পটুয়াখালীর লেবুখালীতে ১৫৩২ একর জমির ওপর দেশের ৩১ তম এই সেনানিবাস উদ্বোধন করা হয়। উক্ত জমির দাগ, খতিয়ান, মৌজা সব কাগজপত্রে লেবুখালী, পটুয়াখালী লেখা। তবে আংশিক কিছু অংশ বরিশাল জেলার মধ্যে পরেছে। ভৌগোলিকভাবে সংখ্যাগরিষ্ঠ অংশ যেহেতু পটুয়াখালী জেলাধীন, এমনকি প্রতিরক্ষা অধিদপ্তরের প্রজ্ঞাপনেও পটুয়াখালীর লেবুখালী ইউনিয়নের নাম মেনশন করা হয়েছে। সংবাদ সম্মেলন থেকে এ দাবী আদায়ের লক্ষ্যে পটুয়াখালীবাসীর পক্ষ থেকে তিনিটি কর্মসূচী ঘোষণা করা হয়। ১৩ই মার্চ জেলা প্রশাসকের মাধ্যমে অন্তবর্তীকালীন সরকারের প্রধান উপদেস্টা বরাবর স্মারকলিপি প্রদান। ১৪ই মার্চ সেনানিবাস সংলগ্ন দুমকিতে অবস্থিত পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় চত্তরে মানববন্ধন ও অবস্থান কর্মসূচি। ১৫ ই মার্চ থেকে ২৫শে মার্চ প্রতিরক্ষা অধিদপ্তর ও প্রধান উপদেষ্টার কার্যালয়ে পটুয়াখালীর সিনিয়র সিটিজেন নাগরিকদের পদচারণার মাধ্যমে জোরালো তদবির। দাবী আদায় না হলে ২৬ শে মার্চ বিকেল ৩টায় পটুয়াখালী শিল্পকলা একাডেমিতে নাগরিক সমাবেশ থেকে পরবর্তী কর্মসূচী ঘোষনা করা হবে বলেও জানানো হয় সংবাদ সম্মেলন থেকে। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন, পটুয়াখালী প্রেসক্লাবের সাবেক সভাপতি ও দৈনিক গণদাবী সম্পাদক গোলাম কিবরিয়া, পটুয়াখালী জেলা নারী ও নির্যাতন দমন ট্রাইব্যুনালের পাবলিক প্রসিকিউটর(পিপি) এডভোকেট রুহুল আমিন, পটুয়াখালী ওয়েলফেয়ার ফাউন্ডেশনের ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম বাশার, নির্বাহী সদস্য এডভোকেট সাইদুর খান পাবেল, এডভোকেট আবু সাইদ খান সামিম প্রমুখ।

## রাঙ্গাবালীতে চাল বিক্রিতে অনিয়মের অপরাধে ডিলার আটক

**স্টাফ রিপোর্টার :** নিম্ন আয়ের মানুষের জন্য সুলভ মূল্যের চাল বিক্রিতে অনিয়মের অপরাধে পটুয়াখালীর রাঙ্গাবালীর নেতা বাজারের ওএমএস ডিলার এইচ এম মুরাদ উদ্দিনকে (বিপ্লব তালুকদার) আটক করেছে যৌথ বাহিনী। নৌবাহিনী, পুলিশ ও খাদ্য বিভাগ যৌথভাবে এ অভিযান চালায়। অভিযানের সময় কালোবাজারে বিক্রির জন্য অবৈধভাবে মজুত করা আধা মেট্রিকটণ (৫০০ কেজি) চাল উদ্ধার করা হয়। জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে উপজেলার সদর ইউনিয়নের নেতা বাজারের ওএমএস (খোলা বাজারে বিক্রয়) ডিলার এইচ এম মুরাদ উদ্দিনের চাল বিক্রয় কেন্দ্রে অভিযান পরিচালনা করা হয়।



# যুক্তরাজ্যে আধুনিক দাসত্বের শিকার রেকর্ড সংখ্যক মানুষ

**আন্তর্জাতিক ডেস্ক :** যুক্তরাজ্যে গত বছর আধুনিক দাসত্বের সম্ভাব্য শিকার মানুষের সংখ্যা রেকর্ড পরিমাণে বেড়েছে। এর মধ্য দিয়ে দেশটিতে অপরাধ ক্রমশ বাড়ছে বলে মনে করছেন বিশেষজ্ঞরা। সরকারকে জরুরি ভিত্তিতে নীতিগত সংস্কার গ্রহণের তাগিদ দিয়েছেন তারা। গত ৬ মার্চ ব্রিটিশ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পরিসংখ্যানে দেখা গেছে, যুক্তরাজ্যে ভুক্তভোগীদের শনাক্ত ও রক্ষায় সরকারি উদ্যোগ 'ন্যাশনাল রেফারেল মেকানিজম' (এনআরএম) গত বছর রেকর্ড ১৯ হাজার ১২৫ জন ভুক্তভোগীকে আধুনিক দাসত্বের সম্ভাব্য শিকার হিসেবে নথিভুক্ত করেছে। এর আগের বছর অর্থাৎ ২০২৩ সালে সংখ্যাটি ছিল ১৭ হাজার। আধুনিক দাসত্বের মধ্যে মানবপাচার, দাসত্ব, যৌন নিপীড়ন, গাড়ি পরিষ্কার, জোরপূর্বক শ্রমে বাধ্য করার মতো বিষয়গুলোকে অন্তর্ভুক্ত করা হয়েছে। বিশ্লেষকেরা বলছেন, দারিদ্র্য, সংঘাত, জলবায়ু পরিবর্তন সংক্রান্ত অভিবাসনের কারণে বিশ্বজুড়ে আধুনিক দাসত্ব বাড়ছে এবং এর শিকার হচ্ছেন লাখো মানুষ। যুক্তরাজ্যে আধুনিক দাসত্বের নানা ধরন রয়েছে। দেশটিতে পুরুষ, নারী কিংবা শিশুদের মাদক বা যৌন ব্যবসা, গাড়ি ধোয়া, সেলুন, ব্যক্তি মালিকানাধীন ঘরের গৃহস্থালি কাজ এবং সামাজিক পরিচর্যায় শোষণমূলক কাজে বাধ্য করার অভিযোগ রয়েছে। দেশটির দাসত্ববিরোধী ইনডিপেনডেন্ট কমিশনার ইলিয়ানর লিয়ন্স বলেন, এই পরিসংখ্যানগুলো শুধু সংখ্যা নয়। এগুলো ভুক্তভোগীদের কথা, তাদের কথা সরকারের শোনা উচিত। তিনি বলেন, একটি আন্তঃসরকার আধুনিক দাসত্ব কৌশল প্রয়োজন, যা আইন প্রয়োগকারী সংস্থাগুলোকে এই অপরাধ মোকাবিলায় অগ্রাধিকার দেবে। মানবাধিকার সংস্থা অ্যান্টি-স্লেভারি ইন্টারন্যাশনালের তথ্য অনুযায়ী, যুক্তরাজ্যে আধুনিক দাসত্বের শিকার মানুষের সংখ্যা প্রায় ১ লাখ ৩০ হাজার। **আধুনিক দাসত্বের সম্ভাব্য শিকার ছয় হাজার শিশু** এনআরএম আধুনিক দাসত্বের সম্ভাব্য শিকার হিসেবে যাদের নথিভুক্ত করেছে, তাদের মধ্যে ২৩ শতাংশ ব্রিটিশ নাগরিক। এছাড়া ১৩ শতাংশ নাগরিক নিয়ে তালিকার দ্বিতীয় অবস্থানে আলবেনিয়ার নাম। তৃতীয় স্থানে থাকা ভিয়েতনামিদের সংখ্যা ১১ শতাংশ।

# সৌদিতে কর্মক্ষেত্রে বাড়ছে নারীদের উপস্থিতি

**আন্তর্জাতিক ডেস্ক :** সৌদি আরবে কর্মক্ষেত্র, লিডারশিপ রোল ও উদ্যোক্তা হিসেবে নারীদের উপস্থিতি বেড়েছে উল্লেখযোগ্য হারে। আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে দেশটির জেনারেল অথরিটি ফর স্ট্যাটিস্টিকস কর্তৃক প্রকাশিত তথ্যে এমন চিত্র পাওয়া গেছে। প্রতিবেদনে দেখা গেছে, ২০২৪ সালের তৃতীয় প্রান্তিকে ৩৬ দশমিক ২ শতাংশ সৌদি নারী শ্রমশক্তিতে সক্রিয় ছিলেন। মূলত দিন যত যাচ্ছে সৌদিতে তত বেশি সংখ্যক নারী নেতৃত্বের ভূমিকা গ্রহণ করছেন। ২০২৪ সালে সৌদিতে ৭৮ হাজার ৩৫৬ জন নারী উর্ধ্বতন ব্যবস্থাপনা পদে অধিষ্ঠিত ছিলেন। তাছাড়া ২০২৩ সালে নারীদের ৫ লাখ ৫১ হাজার ৩১৮টি নিবন্ধিত ব্যবসা প্রতিষ্ঠান ছিল। ফ্রিল্যান্সার হিসেবে দেশটিতে নারীদের উপস্থিতিও বেড়েছে। ২০২৩ সালে ৪ লাখ ৪৯ হাজার ৭২৫ জন সৌদি নারী ফ্রিল্যান্সার হিসেবে অনুমোদন পেয়েছেন। তাছাড়া পর্যটন খাতেও নারীদের অংশগ্রহণ বেড়েছে। ২০২৪ সালে এক লাখ ১১ হাজার ২৫৯ জন সৌদি নারী পর্যটন-সম্পর্কিত চাকরিতে কাজ করেন।

# ভারতে পর্যটন কেন্দ্রের কাছে ২ নারীকে সংঘবদ্ধ ধর্ষণের অভিযোগ

**আন্তর্জাতিক ডেস্ক :** ভারতের দক্ষিণাঞ্চলে জনপ্রিয় পর্যটন কেন্দ্র ইউনেস্কো ওয়ার্ল্ড হেরিটেজ সাইটের কাছে দুই নারীকে সংঘবদ্ধ ধর্ষণ করেছে স্থানীয় তিন অপরাধী। গত শনিবার স্থানীয় পুলিশ জানিয়েছে, গত বৃহস্পতিবার অভিযুক্ত তিন ব্যক্তি পর্যটকদের ওপর হামলা চালায় এবং তাদের সঙ্গে থাকা এক পুরুষ সঙ্গীকে হত্যা করে। ব্রিটিশ বার্তাসংস্থা রয়টার্স এ খবর জানিয়েছে। তদন্তকারী কর্মকর্তা ও স্থানীয় পুলিশের সুপারিন্টেনডেন্ট রাম আরাসিদ্দি ফোনে রয়টার্সকে বলেছেন, ওই দুই নারীর একজন স্থানীয় আর একজন ইসরায়েলি পর্যটক। তাদের সঙ্গে ছিলেন এক ভারতীয় ব্যক্তি এবং আরও দুই পুরুষ পর্যটক। তারা পর্যটন কেন্দ্রের কাছে নক্ষত্র দেখছিলেন। এসময় ভারতীয় পুরুষটির সঙ্গে দেনা-পাওনা সংক্রান্ত বিষয়ে স্থানীয় তিন ব্যক্তি হামলা চালায়। পুলিশ আরও জানায়, হামলাকারীরা ভারতীয় ব্যক্তিকে হত্যা করে এবং তিনজন পুরুষকেই পানিতে ফেলে দেয়। এরপর তারা নারী পর্যটকদের ধর্ষণ করে। পানিতে ফেলে দেওয়া তিনজনের মধ্যে এক মার্কিন পর্যটক বেঁচে গেছেন বলে জানিয়েছে কর্তৃপক্ষ। আরাসিদ্দি বলেছেন, অভিযোগে ভিত্তিতে ইতোমধ্যে দুজনকে আটক করা হয়েছে। পুরো বিষয়টি নিয়ে তদন্ত এখনও চলমান আছে। ভারতীয় উপমহাদেশে ধর্ষণের মতো অপরাধ আশঙ্কাজনকভাবে বৃদ্ধি পাচ্ছে। গত বছর কলকাতার এক হাসপাতালে দায়িত্বরত নারী চিকিৎসকের ধর্ষণ ও হত্যার ঘটনায় পুরো দেশজুড়ে আন্দোলন ছড়িয়ে পড়ে। ভারতের ন্যাশনাল ক্রাইম রেকর্ডস ব্যুরোর তথ্যমতে, ২০২২ সালে প্রায় ৩২ হাজার ধর্ষণের ঘটনা নথিভুক্ত করা হয়েছে। সংখ্যাটি ২০২১ সালের চেয়ে ২০ শতাংশ বেশি। তবে সংশ্লিষ্টদের ধারণা, সামাজিক অপসংস্কার ও পুলিশের দিক থেকে নির্ভরতার জায়গা তৈরি করতে না পারায়, অধিকাংশ ভুক্তভোগী সামনে আসেন না। ২০১২ সালে দিল্লির গণপরিবহনে এক শিক্ষার্থীকে সংঘবদ্ধ ধর্ষণ ও হত্যার ঘটনায় প্রথম উত্তাল হয়ে পড়ে ভারত। সেই বর্বর হামলা দেশজুড়ে ব্যাপক প্রতিবাদের জন্ম দেয়। আইনপ্রণেতারা দ্রুত বিচার ট্রাইব্যুনাল গঠনের পাশাপাশি ধর্ষণের শাস্তি কঠোর করতে বাধ্য হন। ২০১৩ সালে ধর্ষণের আইন সংশোধন করা হয়। সংশোধনীতে কোনও নারীকে অনুসরণ ও গোপন নজরদারিকেও অপরাধের যৌন হয়রানিমূলক অপরাধের তালিকায় রাখা হয়। এছাড়া, যৌন অপরাধে আদালতে ওঠানোর বয়স ১৮ থেকে কমিয়ে ১৬ করা হয়। ২০১৮ সালের সংশোধনীতে ১২ বছরের কম বয়সী শিশুদের ধর্ষণের শাস্তি মৃত্যুদণ্ড করা হয়।

ভারতে পর্যটন কেন্দ্রের কাছে ২ নারীকে সংঘবদ্ধ ধর্ষণের অভিযোগ

**আন্তর্জাতিক ডেস্ক :** ভারতের দক্ষিণাঞ্চলে জনপ্রিয় পর্যটন কেন্দ্র ইউনেস্কো ওয়ার্ল্ড হেরিটেজ সাইটের কাছে দুই নারীকে সংঘবদ্ধ ধর্ষণ করেছে স্থানীয় তিন অপরাধী। গত শনিবার স্থানীয় পুলিশ জানিয়েছে, গত বৃহস্পতিবার অভিযুক্ত তিন ব্যক্তি পর্যটকদের ওপর হামলা চালায় এবং তাদের সঙ্গে থাকা এক পুরুষ সঙ্গীকে হত্যা করে। ব্রিটিশ বার্তাসংস্থা রয়টার্স এ খবর জানিয়েছে। তদন্তকারী কর্মকর্তা ও স্থানীয় পুলিশের সুপারিন্টেনডেন্ট রাম আরাসিদ্দি ফোনে রয়টার্সকে বলেছেন, ওই দুই নারীর একজন স্থানীয় আর একজন ইসরায়েলি পর্যটক। তাদের সঙ্গে ছিলেন এক ভারতীয় ব্যক্তি এবং আরও দুই পুরুষ পর্যটক। তারা পর্যটন কেন্দ্রের কাছে নক্ষত্র দেখছিলেন। এসময় ভারতীয় পুরুষটির সঙ্গে দেনা-পাওনা সংক্রান্ত বিষয়ে স্থানীয় তিন ব্যক্তি হামলা চালায়। পুলিশ আরও জানায়, হামলাকারীরা ভারতীয় ব্যক্তিকে হত্যা করে এবং তিনজন পুরুষকেই পানিতে ফেলে দেয়। এরপর তারা নারী পর্যটকদের ধর্ষণ করে। পানিতে ফেলে দেওয়া তিনজনের মধ্যে এক মার্কিন পর্যটক বেঁচে গেছেন বলে জানিয়েছে।

# ইস্তাম্বুলে নারী দিবসের মিছিলের পর আটক প্রায় ২০০

**আন্তর্জাতিক ডেস্ক :** আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে তুরস্কের ইস্তাম্বুলে কড়া নিরাপত্তার মধ্যে তিন হাজারের বেশি নারী মিছিল করার পর শনিবার রাতে প্রায় ২০০ বিক্ষোভকারীকে পুলিশ আটক করেছে বলে দাবি করছেন আয়োজকরা। ইস্তাম্বুল থেকে বার্তা সংস্থা এএফপি গতকাল রোববার এ খবর জানিয়েছে। দীর্ঘদিন ধরে ইস্তাম্বুলের প্রাণকেন্দ্রে অবস্থিত তাকসিম স্কয়ারে বিক্ষোভ কর্মসূচি পালনে নিষেধাজ্ঞা চলছে। জায়গাটি সাধারণত কাঁটাতারের বেড়া দিয়ে ঘেরা থাকে। তবে সাম্প্রতিক বছরগুলোতে কঠোর নিরাপত্তাব্যবস্থায় তাকসিম স্কয়ারের কাছাকাছি স্থানে সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। তাকসিম স্কয়ারে স্থানীয় সময় শনিবার সূর্যাস্তের সময় ফেমিনিস্ট নাইট মার্চ নামের সমাবেশ শুরু হয়। সেখানে অনেক বিক্ষোভকারী বেগুনি রঙের পোশাক পরে 'আমরা চুপ থাকব না', 'আমরা ভীত নই, 'আমরা মানব না', 'আমাদের নারীবাদী সংগ্রাম দীর্ঘজীবী হোক' স্লোগান সংবলিত ব্যানার প্রদর্শন করেন। তবে মিছিলটি কোনো অপ্রীতিকর ঘটনা ছাড়াই শেষ হয়। আয়োজকরা জানিয়েছেন, মিছিলের সময় পুলিশ বেশ কয়েকজন বিক্ষোভকারীকে আটকের চেষ্টা করে। ভিডিও ফুটেজে দেখা গেছে, পুলিশ সদস্যরা বেশ কয়েকজন বিক্ষোভকারীকে সমাবেশ থেকে টেনেহিঁচড়ে বের করে দেয়। মিছিলের আয়োজকরা সামাজিক যোগাযোগ মাধ্যমে লেখেন, ফেমিনিস্ট নাইট মার্চ শেষ হওয়ার পর বিক্ষোভকারীরা শান্তিপূর্ণভাবেই ছত্রভঙ্গ হয়ে যাচ্ছিলেন। তখন পুলিশ আমাদের বন্ধুদের 'উসকানিমূলক আচরণের' অভিযোগে আটক করতে শুরু করে। ৮ মার্চ প্রায় ২০০ জন নারীকে অন্যায়ভাবে আটক করা হয়েছে বলে জানান আয়োজকরা। তবে এ বিষয়ে কর্তৃপক্ষের তাৎক্ষণিক মন্তব্য পাওয়া যায়নি। এর আগে ব্যানার নিয়ে রাস্তায় মিছিল করে শহরের এশীয় অংশের কাদিকয় এলাকায় কয়েক শ বিক্ষোভকারীর সমাগম হয়। ডিআইএসকে ট্রেড ইউনিয়নের চেয়ারওম্যান আরজু সেরকেজোগলু এএফপিকে বলেন, নারীর বিরুদ্ধে সহিংসতা বন্ধ, নারী হত্যার বিরুদ্ধে ইস্তাম্বুল কনভেনশনের অনুমোদনের দাবি ও নারীদের ওপর যত্নের বোঝা চাপিয়ে না দেওয়াড়এমন সামাজিক নীতিমালার দাবিতে মিছিলটি বের করা হয়। তিনি আরো বলেন, 'আমরা গণতন্ত্র, সমতা, শান্তি ও ভ্রাতৃত্বের জন্য আমাদের ৮ মার্চের সংগ্রাম চালিয়ে যাচ্ছি।' আরজু প্রেসিডেন্ট রিসেপ তাইয়িপ এরদোয়ানের ২০২১ সালে ইস্তাম্বুল কনভেনশন থেকে তুরস্ককে প্রত্যাহারের সিদ্ধান্তের কথা উল্লেখ করে বলেন, এই কনভেনশনে যুক্ত থাকতে হলে, নারীর বিরুদ্ধে সহিংসতা প্রতিরোধ ও বিচারের লক্ষ্যে আইন প্রণয়নের শর্ত রয়েছে। তুরস্ক নারী হত্যা সম্পর্কিত সরকারি পরিসংখ্যান সংগ্রহ করে না। এই কাজটি নারী সংগঠনগুলোর ওপর ছেড়ে দেওয়া হয়। এ সংগঠনগুলো সংবাদমাধ্যমের প্রতিবেদন থেকে খুন ও অন্যান্য সন্দেহজনক মৃত্যুর তথ্য সংগ্রহ করে থাকে। উই উইল স্টপ ফেমিসাইড প্ল্যাটফরম অধিকার সংস্থার সংগৃহীত পরিসংখ্যান অনুসারে, ২০২১ সালের মার্চ মাসে তুরস্ক ইস্তাম্বুল কনভেনশন থেকে সরে আসার পর পুরুষদের হাতে কমপক্ষে এক হাজার ৩১৮ জন নারী হত্যার শিকার হয়েছেন।



# সৌদিতে আবাসিক-শ্রম আইন লঙ্ঘন, গ্রেফতার ২০ হাজারের বেশি

**আন্তর্জাতিক ডেস্ক :** সৌদি আরবে আবাসিক, শ্রম ও সীমান্ত নিরাপত্তা আইন লঙ্ঘনের অভিযোগে ২০ হাজার ৭৪৯ জনকে গ্রেফতার করা হয়েছে। দেশব্যাপী অভিযান চালিয়ে তাদের ধরা হয়েছে। ২৭ ফেব্রুয়ারি থেকে ৫ মার্চের মধ্যে এই অভিযান পরিচালনা করা হয়। ১৩ হাজার ৮৭১ জনকে আবাসন, ৩ হাজার ৫১৭ জনকে সীমান্ত নিরাপত্তা এবং ৩ হাজার ৩৬১ জনকে শ্রম আইন লঙ্ঘনের জন্য গ্রেফতার করা হয়েছে। তাছাড়া সীমান্ত অতিক্রম করে সৌদিতে প্রবেশের চেষ্টার সময় এক হাজার ৫১ জনকে আটক করা হয়। তাদের মধ্যে ৪৩ শতাংশ ইয়েমেনি, ৫৪ শতাংশ ইথিওপিয়ান এবং ৩ শতাংশ অন্যান্য দেশের নাগরিক। পাশাপাশি বেআইনিভাবে সীমান্ত অতিক্রম করার চেষ্টা করার দায়ে ৯০ জনকে গ্রেফতার করা হয়েছে। নিরাপত্তা বাহিনী আরও ১২ জনকে অবৈধ প্রবেশ, পরিবহন বা লঙ্ঘনকারীদের নিয়োগে সহায়তা করার অভিযোগে গ্রেফতার করেছে। দেশটিতে বর্তমানে ৪০ হাজার ১৭৩ জন প্রবাসী আইনি প্রক্রিয়ার মুখোমুখি। যার মধ্যে ৩৫ হাজার ৮৬২ জন পুরুষ ও ৪ হাজার ৩১১ জন নারী। তাদের মধ্যে ৩২ হাজার ৩৭৫ জনকে ভ্রমণ নথিপত্র সংগ্রহের জন্য নিজ নিজ দূতাবাস বা কনস্যুলেটে যোগাযোগ করতে নির্দেশ দেওয়া হয়েছে, ২ হাজার ৫৭৬ জনকে দেশ ছাড়ার জন্য ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। কর্তৃপক্ষ ১০ হাজার ২৪ জনকে প্রত্যাবাসন করেছে। দেশটির স্বরাষ্ট্র মন্ত্রণালয় সতর্ক করে জানিয়েছে, যারা আইন লঙ্ঘনকারীদের অবৈধ প্রবেশ, পরিবহন বা আশ্রয়ে সহায়তা করবে তাদের ১৫ বছর পর্যন্ত কারাদণ্ড, ১০ লাখ রিয়াল পর্যন্ত জরিমানা এবং অপরাধে ব্যবহৃত যে কোনো যানবাহন বা সম্পত্তি বাজেয়াপ্ত করা হতে পারে। সূত্রঃ গাল্ফ নিউজ

## বিনোদন



# মাগুরার সেই শিশুটিকে নিয়ে যা বললেন শাকিব খান

**বিনোদন ডেস্ক :** মাগুরায় ৮ বছরের শিশু ধর্ষণের ঘটনায় রীতিমতো স্তম্ভিত পুরো দেশ; 'টক অব দ্য কান্ট্রিতে' পরিণত হয়েছে ন্যাক্কারজনক এ ঘটনা। জড়িতদের উপযুক্ত শাস্তি চেয়ে সাধারণ মানুষ নেমে পড়েছে রাস্তায়, বিভিন্ন স্থানে চলছে বিক্ষোভ, প্রতিবাদ। সঙ্গে নিন্দার ঝড় বইছে ইন্টারনেটেও। এই মুহূর্তে হাসপাতালে জীবন-মৃত্যুর সন্ধিক্ষণে ৮ বছরের সেই শিশু। এদিকে সামাজিক মাধ্যমে ভেসে বেড়াচ্ছে শিশুটির অচেতন অবতার। এমন মর্মান্তিক ও ন্যাক্কারজনক ঘটনা স্বাভাবিকভাবে মানুষের মনে দাগ কেটেছে; তাই তো দেশের তারকাঅঙ্গনও চুপ থাকতে পারল না সেই শিশুটিকে নিয়ে। এ ঘটনায় নিঃসন্দেহে জড়িতদের শাস্তি চাচ্ছেন তারকারা। তাদের একজন ঢাকাই মেগাস্টার শাকিব খান। গতকাল রোববার দুপুরে এক ফেসবুক পোস্টে স্পষ্ট বিচার চাইলেন সেই ভুক্তভোগী শিশুটির জন্য। হ্যাশট্যাগে শিশুটির নাম উল্লেখ করে লেখেন, উই ওয়ান্ট জাস্টিস। মেগাস্টারের কাছ থেকে এমন প্রতিবাদ পেয়ে অনুরাগীরাও খুশি কম হয়নি। তবে দেশে এ ধরণের ঘটনার দ্রুত বিচার বাস্তবায়ন নিয়ে প্রশ্নও তোলেন অনেকে। শাকিবের মন্তব্যঘরে তার অনুরাগীদের অধিকাংশই এ ঘটনার দ্রুত বিচার দাবি করেন; সঙ্গে প্রতিবাদও জানান কঠোর ভাষায়। প্রসঙ্গত, গত বৃহস্পতিবার বোনের বাড়ি বেড়াতে গিয়ে ধর্ষণের শিকার হয়েছে আট বছরের সেই শিশু। মাগুরা শহরের নিজনান্দুয়ালী চরপড়া এলাকায় এ ঘটনা ঘটে। এ ঘটনায় শিশুটির বড় বোনের শ্বশুর হিটু শেখকে (৫০) আটক করেছে পুলিশ। এরপর গত শনিবার শিশুটির মা থানায় মামলা দায়ের করেন; সেখানে শিশুটির বোনের স্বামী, শ্বশুর, শাশুড়ি ও ভাশুরকে আসামি করা হয়। এদিকে গত শনিবার শিশুটিকে উন্নত চিকিৎসা দেওয়ার জন্য ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতাল থেকে ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে স্থানান্তর করা হয়।



# নতুন লুকে নজর কাড়লেন অপু

**বিনোদন ডেস্ক :** চলছে রমজান, সামনেই ঈদ। এমন আবহে রীতিমতো তারকাদের ব্যস্ততাও থাকে তুঙ্গে। ঈদকে সামনে রেখে অনেকে মেতে ওঠেন নিত্য নতুন ফ্যাশন সেনসেশনে। হয়ত ফ্যাশন সহায়ক হিসেবে এবার এগিয়ে এলেন ঢাকাই চিত্রনায়িকা অপু বিশ্বাস! নিজেকে দিয়ে বুঝিয়ে দিলেন, ঈদ ফ্যাশনে এমন নজরকাড়া লুকেও নিজেকে মেলে ধরা যায়! আপাতত সিনেমা থেকে একটু দূরেই আছেন অপু। তবে অন্যান্য ব্যস্ততার মাঝে থাকছেন নায়িকা। নিয়মিত ভিন্ন রূপ-সাজে নিজেকে ধরা দিচ্ছেন, মুগ্ধতা ছড়িয়ে দিচ্ছেন অনুরাগীদের মাঝে। কাজেই তার নিয়মিত কর্মযজ্ঞেরও ব্যত্যয় ঘটল না এবার। সম্প্রতি এক ফটোশুটেই মূলত নতুন রূপে দেখা গেল অপুকে। এদিন সোনালি আলোর ব্রাইডাল থিমে লাল-সাদার ট্র্যাডিশনাল কস্টিউমে ছিলেন অপু। এমন বেশেই সলো শুট ও গ্রুপ শুটে ধরা দেন নায়িকা। গত শনিবার রাতে পাঁচটি ছবি শেয়ার করেন অপু বিশ্বাস। ছবিতে দেখা যায়, নায়িকার পরনে আনারকলি গাউনের সঙ্গে লাল ওড়না। অপুর সাদা এই গাউনটিতে এম্ব্রডারির কাজ যেমন ছিল নজরকাড়া, দোপাট্টা স্কার্ফ হিসেবে লাল ওড়নাও বাড়িয়ে দেয় সৌন্দর্য। তবে শুধু পোশাকেই চোখ ধাঁধাননি অপু বিশ্বাস! অনেকের নজর আটকেছে নায়িকার অলংকারেও! ড্যাংগেল ইয়ারিং, রুদ্রানি নেকলেস ও টিকলিতে ছিল সোনালি আবহ। শুধু তাই নয়, এই ছবিগুলোর সঙ্গে এক শক্তিশালী বার্তা জুড়ে দেন অপু বিশাস। ক্যাপশনে লিখেছেন, 'স্টাইল ইজ আ ওয়ে টু সে হু ইউ আর উইদাউট স্পিকিং'। নায়িকা বোধহয় বোঝাতে চেয়েছেন, চুপচাপ অর্থাৎ নিঃশব্দে নিজেকে প্রকাশ করার একমাত্র উপায় 'স্টাইল'। ক্যাপশনে অপু এও যোগ করেন, 'ঈদ বিশেষ কাজ'। তবে অপুর সলো ফ্রেমিং অনুরাগীরা অনেক পছন্দ করলেও তেমন একটা নজর কাড়তে পারেনি গ্রুপ ফটোতে থাকা পুরুষেরা; বলা বাহুল্য, সেখানে শুধু উজ্জ্বল উপস্থিতি ছিল অপুরই; সঙ্গে মন্তব্যঘরে প্রশংসা-মুগ্ধতার জোয়ার তো ছিলই।

# ধর্ষণ ও অহিংসতা বিরুদ্ধে প্রতিবাদ করলেন রুনা খান

**বিনাদন ডেস্ক :** নারী দিবস, সাম্প্রতিক সময়ে ধর্ষণ ও অহিংসতা নিয়ে মুখ খুলেছেন রুনা খান। মডেল ও অভিনেত্রী পরিচয়ের বাইরে তিনি একজন সাহসী নারী। সমাজের প্রচলিত রীতির বিরুদ্ধে নিয়মিত যুদ্ধ করেই টিকে আছেন অভিনেত্রী। দেশে চলমান সংকট, নারীদের ওপর অত্যাচার এসব নিয়ে আতঙ্কিত তিনি। দেশে নারীর স্বাধীনতার পাশাপাশি পুরুষেরও নারীদের প্রতি দৃষ্টিভঙ্গি বদলে সম্মান দেখানোর কথা বলছেন তিনি। সাম্প্রতিক সময়ে সাংবাদিকদের তিনি বলেন, আমাদের দেশে নারীদের প্রতি এতো সহিংস আচরণ, অত্যাচার করা হয়, সেটা পারিবারিক, সামাজিক, রাষ্ট্রীয়ভাবেই। নারীদের প্রতি এই হিংস্র আচরণ খুব ভয়াবহ ব্যাপার। একজন নারী হিসেবে দেশে আপনি কতটুকু নিরাপদ বোধ করেন? এমন প্রশ্নের উত্তরে অভিনেত্রী বলেন, কখনও খুব বেশি নিরাপদ বোধ করি না। কয়েকদিন আগেই আমি কথা প্রসঙ্গে বলছিলাম, একটু রাত হলে এদেশে বাইরে বের হওয়ার জন্য একজন পুরুষের সঙ্গে অন্য কাউকে লাগে না, কিন্তু একজন নারীর বাইরে বের হতে হলে সঙ্গে কাউকে না কাউকে প্রয়োজন। অন্য নারীরা কেমন নিরাপদ বোধ করেন জানি না, অন্তত আমি নিজে নিরাপদ বোধ করিনা। রুনা খান বলেন, আমার মনে হয় প্রতিটি নারীর স্বনির্ভর হওয়া উচিত। অর্থনৈতিকভাবে কারো ওপর নির্ভর করা উচিত নয়। কিন্তু হ্যাঁ, নারীর অধিকার আদায়ের জন্য শুধু স্বনির্ভর হলেই হয় না। আপনি যখন রাস্তায় বের হবেন, তখন আপনি কতটা নিরাপদ, সেটাও গুরুত্বপূর্ণ। এখানে শুধু নারীদের সচেতন হয়ে লাভ নেই, সমাজের পুরুষদেরও নারীদের প্রতি দৃষ্টিভঙ্গি বদলাতে হবে, নারীদের প্রতি সম্মান দেখাতে হবে।



# মার্চের নেটফ্লিক্সে মুক্তি পাচ্ছে যেসব সিনেমা

**বিনোদন ডেস্ক :** পুরো বিশ্বের বিনোদনপ্রেমীরা এখন অনেকটাই ওটিটি নির্ভর। কারণ ঘরে বসেই তারা প্রতি মাসে এখন দেখতে পাচ্ছেন মনের মতো নতুন সব কনটেন্ট। যেসব কনটেন্ট স্ট্রিমিং হচ্ছে বিশ্বের জায়ান্ট সব প্লাটফর্মে। সেই ধারাবাহিকতায় এ সপ্তাহে নেটফ্লিক্সে প্রচারিত হবে বেশকিছু ওয়েব ফিল্ম ও ওয়েব সিরিজ। যার মধ্যে উল্লেখযোগ্য তিনটি কনটেন্ট নিচে তুলে ধরা হলো। **দ্য ইলেকট্রিক স্টেট** অ্যাকশন ড্রামা ধাঁচের এই ওয়েব ফিল্মটি যৌথভাবে পরিচালনা করেছেন অ্যান্থনি রুসো ও জো রুশো। যারা রুশো ব্রাদার্স হিসেবে পরিচালিত। সাই-ফাই জনরার এই সিনেমায় দেখানো হবে রোবটদের বিজ্ঞান কল্পকাহিনির একটি গুরুত্ব পূর্ণ অভিযান। নেটফ্লিক্সে এটি প্রচার হবে মার্চের ১৪ তারিখ। এতে অভিনেতা ক্রিস প্যাট 'কেটস' চরিত্রে অভিনয় করেছেন আর মিলি বব ব্রাউন 'মিচেল' চরিত্রে অভিনয় করেছেন। এ ছাড়া বিভিন্ন চরিত্রে আরও আছেন উডি নরম্যান অ্যান রুশো, গ্রেগ ক্রোমার ও ভিন্স পিজিয়ানি। **ডেন অব থিভস ২: প্যান্টেরা** ফেব্রুয়ারির ১০ তারিখ বিশ্বব্যাপী বড় পর্দায় মুক্তি পেয়েছে ডেন অব থিভস ২: প্যান্টেরা সিনেমাটি। এবার এটি নেটফ্লিক্সে ১৯ মার্চ প্রচারিত হবে। 'ডেন অব থিভস ২: প্যান্টেরা' হল 'ডেন অব থিভস' এর সিক্যুয়েল। এর গল্প আমেরিকার একদল ক্রিমিনালদের নিয়ে। যারা নিয়মিত ডাকাতির সঙ্গে জড়িত। ক্রাইম থ্রিলার ধাঁচের এই সিনেমাটি নির্মাণ করেছেন ক্রিশ্চিয়ান গুডেগাস্ট।এতে বিভিন্ন চরিত্রে অভিনয় করেছেন জেরার্ড বাটলার, ও'শিয়া জ্যাকসন জুনিয়র, ইভিন আহমেদ, মেডো উইলিয়ামস ও সোয়েন টেমেল। **দ্য আউটরান** ব্রিটিশ সিনেমা 'দ্য আউটরান' ২০২৪ সালে বড় পর্দায় মুক্তি পায়। এরপরই সিনেমাটির প্রধান চরিত্রে অভিনয় করা অভিনেত্রী সাওয়ার্স রোনান প্রশংসিত হতে থাকেন। ছবিটি পরিচালনা করেছেন নোরা ফিংসচাইডট। এর গল্পে দেখা যায় লন্ডনে জীবনের চরম দুর্দশায় ভোগার পর, রোনান তার সমস্যাগ্রস্ত অতীতের সঙ্গে মানিয়ে নেওয়ার চেষ্টা করে। এরপর সে স্কটল্যান্ডের অর্কনি দ্বীপপুঞ্জে ফিরে আসে। যেখানে সে ছোট বেড়ে উঠেছিল। এভাবেই এগিয়ে যাবে সিনেমার গল্প। এবার এটি ১৮ মার্চ নেটফ্লিক্সে মুক্তি দেওয়া হবে।

# সিনেমা দেখে গুপ্তধনের খোঁজে গ্রামবাসী!

**বিনোদন ডেস্ক :** মুক্তির পর থেকেই আলোচনায় ভিকি কুশল-রাশমিকা মান্দানা অভিনীত ছবি 'ছাবা'। খুব অল্প দিনেই ৫০০ কোটির গণ্ডি টপকে বক্স অফিসে ঝড় তুলে দিয়েছে ছবিটি। শুধু তাই নয়, দর্শকদের মনস্তত্ত্বেও ব্যাপক প্রভাব বিস্তার করে ফেলেছে এই ছবি। তবে এর প্রভাব যে মারাত্মক সুদূরপ্রসারী হবে, তা হয়ত কেউ কল্পনাতেও আনেনি। আশ্চর্যজনক হলেও সত্যি, এই সিনেমা দেখে গুপ্তধনের খোঁজে বেরিয়েছে একদল গ্রামবাসী; রাতভর চলেছে মাটি খোঁড়াখুঁড়ি! ভারতের মধ্যপ্রদেশের একটি গ্রামে ঘটেছে এমন অদ্ভুত ঘটনা। ভারতীয় গণমাধ্যমের খবর, হঠাৎ করেই রাতের অন্ধকারে টর্চ, শাবল হাঁতে নিয়ে বেরিয়ে পড়েন সেই গ্রামের বাসিন্দারা। বুরহানপুরের আসিরগড় নামের একটি জায়গায় খননকাজে মধ্যরাতেই বেরিয়ে পড়েন তারা। তাদের ধারণা, মাটি খুঁড়ে মুঘল আমলের কিছু স্বর্ণমুদ্রা কিংবা গুপ্তধনের হদিশ মিললেও মিলতে পারে। অনেকে আবার দাবি করেছেন, ওই এলাকায় নাকি কেউ কেউ স্বর্ণমুদ্রাও দেখতে পেয়েছেন। বলা বাহুল্য, ভিকি কৌশলের 'ছাবা' দেখার পর সেই ভাবনা আরও চাগাড় দিয়েছে। কারণ সেই ছবিতে বুরহানপুরের নাম নেওয়া হয়েছে। দেখানো হয়েছে, এককালে মুঘলদের বাস এখানেই ছিল। আর সেখান থেকেই তাদের মনে হয়েছে- এখানেই লুকিয়ে রয়েছে মুঘলদের গুপ্তধন। আর এটি জানার পরই যন্ত্রপাতি নিয়ে মাঠে নেমে পড়েন গ্রামবাসীরা। জানা গেছে, দুর্গের চারপাশেই একটানা চলেছে খননকার্য। এমনকি মেটাল ডিটেক্টর দিয়েও চারপাশ পরীক্ষা করে দেখা হয়েছে, সোনাদানা কোথাও লুকিয়ে রাখা রয়েছে কি না। আসিরগড়ের বাসিন্দাদের এহেন খোঁড়াখুড়িতে বেজায় বিরক্ত সেই অঞ্চলের জমির মালিকরা। বিষয়টি কানে যায় প্রশাসনেরও। যদিও প্রশাসনের পক্ষ থেকে গত বৃহস্পতিবার সেই অঞ্চলে গিয়ে খোঁড়াখুড়ি করা জনতার কোনো হদিশ পাওয়া যায়নি। পরে পুলিশের সাহায্যে গ্রামবাসীদের খননকার্য বন্ধ রাখার অনুরোধ করা হয়। এমনকি সেই অঞ্চলে গুপ্তধন পাওয়ার সম্ভাবনাও তারা উড়িয়ে দিয়েছেন। তবে সংবাদসংস্থা পিটিআই-এর পক্ষ থেকে সেই ভিডিও প্রকাশ্যে এলো- আর তাতেই ইন্টারনেটে হাসির রোল। সেখানেই দেখা গেল, গ্রামবাসীরা শাবল-গাঁইতি, এমনকি কোদাল দিয়ে দুর্গের চারপাশে খননকার্য শুরু হয়েছে। আনা হয়েছে মেটাল ডিটেক্টরও। আর বুরহানপুরের সেই আজব কীর্তিই বর্তমানে চর্চার শিরোনামে।



# ব্যাঙ্গালুরু আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে 'সাবা'র জয়জয়কার

**বিনোদন ডেস্ক :** একের পর এক সাফল্য ধরা দিচ্ছেন অভিনেত্রী মেহজাবীন চৌধুরী। মাকসুদ হোসেন পরিচালিত ছবি 'সাবা' তে-ই প্রথম অভিনয় তার। ছবিটি যে রীতিমতো অভিনেত্রীর কপাল খুলে দিয়েছে, তা আর বলার বাকি রাখে না। দেশের প্রেক্ষাগৃহে মুক্তির আগেই আন্তর্জাতিক বিভিন্ন চলচ্চিত্র উৎসব দাপিয়েছে মেহজাবীনের এই ছবিটি। প্রথমে টরন্টো আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব, এরপর বুসান উৎসব। ইন্দোনেশিয়া, সৌদি আরবের রেড সি উৎসব- এমন কোনো জায়গা বাকি নেই যেখানে 'সাবা'র সাফল্য উঠে আসেনি। কিন্তু এখানেই থেমে যায়নি 'সাবা'র সাফল্য। সম্প্রতি ভারতের ব্যাঙ্গালুরুতে এক আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের আয়োজন করা হয়। আর সেখানেই মেহজাবীনের 'সাবা'র জয়জয়কার! অর্থাৎ, সেই উৎসবে এশিয়ান সিনেমা কম্পিটিশনে তৃতীয় স্থান অর্জন করেছে বাংলাদেশি এই ছবিটি। সামাজিকমাধ্যমে এই সুসংবাদটি শেয়ার করে নেন মেহজাবীন নিজেই। এর আগে ব্যাঙ্গালুরু ফিল্ম ফেস্টিভ্যালের অফিসিয়াল পেজে প্রকাশ করা হয় এসব তথ্য। আর সেটি শেয়ার করেই আনন্দ প্রকাশ করেন মেহজাবীন চৌধুরী। মেহজাবীন লিখেছেন- আজকের সকালটা কত সুন্দর! ব্যাঙ্গালুরু ফিল্ম ফেস্টিভ্যালের এশিয়ান সিনেমা কম্পিটিশনে তৃতীয় স্থান অর্জন করেছে ফিচার ফিল্ম সাবা। টিমের সবাইকে অভিনন্দন। 'সাবা'র মাধ্যমে ১৪ বছরের টিভি অভিনয়জীবন পেরিয়ে বড়পর্দায় নাম লিখিয়েছেন মেহজাবীন। এতে আরও অভিনয় করেছেন রোকেয়া প্রাচী ও মোস্তফা মনওয়ার। সিনেমাটির গল্প ও চিত্রনাট্য লিখেছেন ত্রিলোরা খান ও মাকসুদ হোসেন।





ভৌগোলিক নির্দেশক (জিআই) হিসেবে স্বীকৃতি পাওয়া বগুড়ার দই। এই দই দিয়ে তৈরি করা হয় ঘোল ও মাঠা। গাড়িদহ, শেরপুর, বগুড়া।

## কালীগঞ্জে ১২৫০ কৃষকের বিনামূল্যের সার ও বীজ বিতরণ

**কালীগঞ্জ, ঝিনাইদহ প্রতিনিধি :** ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার ১১টি ইউনিয়নের ১ হাজার ২৫০ কৃষকের মাঝে বিনামূল্যে রাসায়নিক সার ও বীজ বিতরণ করা হয়েছে। উপজেলা কৃষি অফিস এ সার ও বীজ বিতরণ করে। সে সময় প্রধান অতিথি সার ও বীজ বিতরন উদ্বোধন করেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) শাহিন আলম। কৃষকদের সার ও বীজ বিতরণ পূর্ববর্তী আলোচনা সভায় কালীগঞ্জ উপজেলা কৃষি কর্মকর্তা মাহাবুব আলম রনির সভাপতিত্বে বক্তব্য রাখেন কৃষি সমপ্রসারণ কর্মকর্তা আক্তারুজ্জামান মিয়া, উপজেলা মৎস্য কর্মকর্তা হাসান সাজ্জাদসহ কৃষি অফিসের অন্যান্য কর্মকর্তরা। আলোচনা সভা শেষে উপজেলার ১ হাজার ২৫০ কৃষকের মাঝে রাসায়নিক সার ও বীজ বিতরণ করা হয়। উল্লেখ্য, ২০২৪-২৫ অর্থ বছরে গ্রীস্মকালীন প্রণোদনা কর্মসূচির আওতায় উপজেলার ১ হাজার ২৫০ কৃষককে প্রণোদণার তিল ও মুগ ফসলের বীজ এবং সার দেওয়া হয়।

## কিশোরগঞ্জের খামারীদের সংবাদ সম্মেলন ও ইফতার মাহফিল

**কিশোরগঞ্জ প্রতিনিধি :** সরকার নির্ধারিত মূল্যে ডিম-মুরগী বিক্রয় করতে না পারায় কিশোরগঞ্জের কয়েকশত খামারী সংবাদ সম্মেলন করেছে। জেলা শহরের উজান ভাটি রেস্টুরেন্টের হল রুমে এ সংবাদ সম্মেলনের আয়োজন করে কিশোরগঞ্জ পোল্টি ইন্ডাস্ট্রি এসোসিয়েশন। এতে লিখিত বক্তব্য রাখেন বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাষ্ট্রিজ এসোসিয়েশন কিশোরগঞ্জ জেলা শাখার আহবায়ক মুহাম্মদ সাদেকুর রহমান সাদেক। সংবাদ সম্মেলনে সংহতি প্রকাশ করে প্রধান অতিথির বক্তব্য রাখেন বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাষ্ট্রিজ এসোসিয়েশনের উপদেষ্টা কিশোরগঞ্জ সদর উপজেলা বিএনপির সভাপতি সাবেক ভিপি খালেদ সাইফুল্লাহ সোহেল। বিশেষ অতিথি ছিলেন কিশোরগঞ্জ প্রেসক্লাবের সভাপতি একে নাসিম খান, সাধারণ সম্পাদক সাইফুল মালেক চৌধুরী, সহ সাধারণ সম্পাদক মুনিরুজ্জামান খান চৌধুরী সোহেল, কোষাধ্যক্ষ অধ্যাপক শফিকুল ইসলাম ফকির মতি। বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাষ্ট্রিজ এসোসিয়েশন কিশোরগঞ্জ জেলা শাখার সদস্য মো.শহিদ মল্লিকের পরিচালনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, সংগঠনের সদস্য সচিব মুহাম্মদ রফিকুল ইসলাম, বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাষ্ট্রিজ এসোসিয়েশনের সদস্য আব্দুল ওয়াদুদ, জাতীয় যুব পদকপ্রাপ্ত খামারী মো. নুরুল আরেফিন লিংকন, খামারী হাফেজ মাও রাশিদ আহমেদ, সংগঠনের পাকুন্দিয়া উপজেলা শাখার আহবায়ক কামাল উদ্দিন ছোটন প্রমুখ। সংবাদ সম্মেলনে বক্তারা বলেন, কিশোরগঞ্জ জেলার প্রায় ৫ হাজার পোল্ট্রি খামারীরা নানা চড়াই উৎরাই পেরিয়ে বর্তমান সময়ে এসে পৌঁছেছি। প্রিয় সাংবাদিক ভাইয়েরা আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে গত বছরের মাঝামাঝি সময়ে সরকার কর্তৃক ডিম ও মুরগীর দাম নির্ধারণ করে দেওয়া হয়েছিলো। এতে খামারী পর্যায়ে ডিম প্রতিটি ১০.৮০ পয়সা, ব্রয়লার ১৭০ টাকা কেজি, সোনালী ২৬০ টাকা কেজি দরে নির্ধারিত হওয়ার পরেও বাজারে ডিম ও মুরগীর উৎপাদন কম থাকায় বাজার মূল্য কিছুটা বেড়ে গিয়েছিলো। তখন সরকার জেলা প্রশাসকের মাধ্যমে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে। মোবাইল কোর্ট বিভিন্ন ডিম ও মুরগীর আড়তে অভিযান চালিয়ে বিপুল পরিমাণ অর্থ জরিমানা আদায় করে। ওই সময়ে বাজারে চাহিদা থাকা সত্ত্বেও সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে আমরা ডিম ও মুরগী বিক্রয় করতে বাধ্য হই। বর্তমানে আমরা খামারীরা প্রতি ডিম ও মুরগীর উৎপাদনের খরচের চেয়ে অধিক নিম্ন দরে বিক্রি করতে বাধ্য হচ্ছি। ডিম প্রতিটি ৮.২০ পয়সা, ব্রয়লার মুরগী ১৪০/- কেজি, সোনালী ২০০/- টাকা কেজি দরে বিক্রি হচ্ছে।

# পোরশায় মুকুলে-মুকুলে ভরেগেছে আমগাছ

**পোরশা, নওগাঁ প্রতিনিধি :** নওগাঁর পোরশায় মুকুলে-মুকুলে ভরেগেছে আমগাছ। বাগানগুলি থেকে বের হচ্ছে মুকুলের মৌ-মৌ গন্ধ। আমগাছ গুলিতে দেখা যাচ্ছে শুধু মুকুল আর মুকুল। ডালে-ডালে লক্ষ্যকরা যাচ্ছে দৃশ্যমান সোনালী মুকুলের আভা। মুকুলের ভারে আমগাছ গুলির মাথা নুয়ে পড়ার উপক্রম। গাছে মুকুলের সমারোহ দেখে বাগান মালিক এবং আম চাষীরাও বেশ খুশি। অধিক ফলনের আশায় বিভোর বরেন্দ্র অঞ্চল খ্যাত এ উপজেলার আমচাষী আর বাগান মালিকরা। আবহাওয়া অনূকুলে থাকলে চলতি মৌসুমে আমের উৎপাদন বেড়ে যাবে বলে আশা করছেন তারা। তেঁতুলিয়া ইউনিয়নের প্যানেল চেয়ারম্যান ও বাগান মালিক শহিদুল ইসলাম, গবিরা কুড়ি গ্রামের বাগান মালিক সবুর মাস্টার, পশ্চিম রঘুনাথপুরের আমচাষী মহসীন আলী জানান, তারা দির্ঘ্যদিন আম চাষ করছেন। আবহাওয়া ভাল থাকলে এবং আমের দাম ঠিক পেলে লাভ হবে বলে তারা জানান। জালুয়া গ্রামের আমচাষি মোকছের আলী জানান, আবহাওয়ার কোন বিপর্যয় না হয় তাহলে প্রচুর আম উৎপাদন হবে বলে তিনি জানান। আর দাম পেলে এ উপজেলায় আরো আম চাষ হবে বলে তিনি জানান। উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মামুনুর রশিদ জানান, এ উপজেলায় প্রতি বছর আমের উৎপাদন বড়েই চলেছে। নওগাঁ জেলার মধ্যে এ উপজেলায় সব চাইতে বেশি আম চাষ হচ্ছে। এবারে এ উপজেলায় আম চাষ হচ্ছে ১০হাজার ৬৫০হেক্টর জমিতে। তবে সাধারনত ডিসেম্বর মাসে আমগাছ গুলিতে মুকুল আসে এবার ফেব্রুয়ারীতে মুকুল এসেছে। তারপরেও ব্যাপকহারে মুকুল আসায় এর পরিমান ধারা হয়েছে ৯০%।

## ফরিদগঞ্জে ইয়াবাসহ ২ মাদক কারবারি গ্রেফতার

**চাঁদপুর প্রতিনিধি :** চাঁদপুর জেলার ফরিদগঞ্জ উপজেলায় চাঁদপুর আর্মি ক্যাম্প এর তত্ত্বাবধানে ঊইঙ এর অধীনে ২ জন মাদক কারবারিকে গ্রেফতার করা হয়েছে। যৌথ বাহিনীর নেতৃত্বে ঊইঙ এর অধীনে চাঁদপুর জেলার ফরিদগঞ্জ উপজেলার চররামপুর এলকা থেকে তালিকাভুক্ত মাদক সন্ত্রাসী রুবেল মিজি (২৮)কে গ্রেফতার করা হয়। পরবর্তীতে আরো একটি যৌথ অভিযান পরিচালনা করা হয়। উক্ত অভিযানে ফরিদগঞ্জ উপজেলার বালিথুবা এলাকা থেকে তালিকাভুক্ত মাদক ব্যবসায়ী জানে আলম মুন্সি (৪৮)কে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত জানে আলম মুন্সির নিকট হতে ১০৩ পিস ইয়াবা এবং ১টি ফয়েল রোল পেপার উদ্ধার করা হয়। পরবর্তীতে আইনি ব্যবস্থা গ্রহণ করার জন্য উদ্ধারকৃত দ্রব্যসামগ্রী এবং গ্রেফতারকৃত আসামীদ্বয়কে পুলিশের নিকট হস্থান্তর করা হয়েছে। উল্লেখ্য, গত ০৪ সেপ্টেম্বর ২০২৪ তারিখ হতে যৌথ বাহিনীর নেতৃত্বে চাঁদপুর জেলায় সকল অস্ত্রধারী সন্ত্রাসী, মাদক ব্যবসায়ী এবং অবৈধ অস্ত্র উদ্ধার কার্যক্রম চলমান রয়েছে।



হ্যাচারিতে উৎপাদিত হচ্ছে বিভিন্ন প্রজাতির মাছের পোনা। পোনার খাঁচায় খাবার ছিটাচ্ছেন এক শ্রমিক। ঢুলটি, ঈশ্বরদী, পাবনা।

## চাঁদপুরের কোড়ালিয়ায় গ্যাস লিকেজে একই পরিবারের ৬ জন দগ্ধ

**চাঁদপুর প্রতিনিধি :** চাঁদপুর শহরের কোড়ালিয়া এলাকার জাকিরের ভবনের চতুর্থ তলায় চুলার গ্যাস লিকেজে একই পরিবারের ৬ জন দগ্ধ হয়েছে। প্রথমে চারজনকে গুরুতর অবস্থা ঢাকা বার্ন ইউনিটে পাঠানো হয়। সেহেরীর খাবার গরম করতে গিয়ে পুত্রবধূ খাদিজা বেগমের হাতে গ্যাসের চুলা লিকেজ হয়ে এই দুর্ঘটনার শিকার হতে হয় পরিবারটিকে। দগ্ধরা হলেন ভাড়াটিয়া আবদুর রহমান (৬০), তার স্ত্রী শাহনাজ বেগম (৫৫), ছেলে ইমাম হোসেন সর্দার (৩৫), পুত্রবধূ খাদিজা বেগম (২৫), প্রতিবন্ধী মহিন সর্দার (১৬) ও মিরাজের স্ত্রী নুসরাত জাহান নিভা (২২)। তাদের মধ্যে প্রথমে চারজনকে ঢাকায় জাতীয় বার্ণ এন্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে পাঠানো হয়েছে। বাকি ২ জনকে পাঠানো হচ্ছে বলে জানিয়েছেন চিকিৎসক। পরিবারের সদস্য লিজন তালুকদার বলেন, বাসায় ১১ জন ছিল। এরমধ্যে ৬ জন দগ্ধ হয়। আবদুর রহমানের ছোট ছেলে রাতে বাসা থেকে বেরিয়ে পড়েন। এতে রাতে বাসার প্রথম দরজায় তালা লাগিয়ে রাখে। এতে করে আগুন পুরো বাসায় ছড়িয়ে পড়লে তারা বাসা থেকে বের হতে বিলম্ব হয়। মূলত ভোর রাতে সেহরির খাবার গরম করার জন্য গ্যাসের চুলা জ্বালানো মাত্র বিকট শব্দে গোটা ৬ তলা বাড়ি কেঁপে ওঠে। এসময় রান্নাঘর ছাড়াও আশপাশের আরো ৩টি কক্ষে আগুন লেগে যায়। এতে বিছানাপত্র এবং আসবাবপত্রের অংশ বিশেষ পুড়ে যায়। প্রতিবেশী বাসার রাশিদা বেগম বলেন, সেহেরী খেতে উঠার পর বিকট আওয়াজ ও চিৎকার শুনতে পান তারা। পরে দরজা খুলতে বিলম্ব হয়। দরজার খোলার পরে তাদের উদ্ধার করে হাসপাতালে পাঠানো হয়। আহতদের সবার শরীর মারাত্মকভাবে জ্বলসে গেছে। চাঁদপুর জেনারেল হাসপাতালে চিকিৎসক ডা. মাহমুদুল হাসান বলেন, তারা শরীরের হাত-পা, মুখ মন্ডল দগ্ধ হয়েছে। প্রাথমিক চিকিৎসা শেষে ৪জনে ঢাকায় প্রেরণ করা হয়। পরে পরিবারের চিকিৎসার স্বার্থে বাকী দুজনকেও ঢাকায় পাঠানো হয়।

## কমলগঞ্জে আগুনে পুড়ে এক পরিবার নিঃস্ব

**কমলগঞ্জ, মৌলভী বাজার প্রতিনিধি :** গভীর রাতে কমলগঞ্জে আগুনে পুড়ে এক প্রবাসীর পরিবার নিঃস্ব হয়েছে। আগুনে আধা কাঁচা বসতঘরের আসবাবপত্র, কাপড় চোপড়, স্মার্ট ফোন, স্বর্ণালঙ্কার সব পুড়ে ছাই হয়েছে। এতে প্রায় পনের লক্ষাধিক টাকার ক্ষতি হয়েছে বলে জানিয়েছে ক্ষতিগ্রস্ত পরিবার। গভীর রাতে উপজেলার আদমপুর ইউনিয়নের কাউয়ারগলা গ্রামের মন্তাই মিয়ার বসতঘরে এ ঘটনা ঘটে। অগ্নিকা- ক্ষতিগ্রস্ত সত্তরোর্ধ কুলসুম বিবি কান্নাজড়িত কণ্ঠে বলেন, গভীর রাতের অগ্নিকা- তার সদ্য বিবাহিত ছেলের শ্বশুরবাড়ী থেকে দেওয়া নতুন সোফাসেট সহ কয়েকলক্ষ টাকার আসবাবপত্র পুড়ে গেছে। তার মেয়ে রোমানা বেগম বলেন, গত শুক্রবার রাতে তারাবির নামাজ পড়ে তারা খাওয়াদাওয়া শেষে ঘুমিয়ে যায়। পরে রাত প্রায় দেড়টার সময় রান্নাঘরে আগুন দেখতে পেয়ে চিৎকার শুরু করে।



শোভা ছড়াচ্ছে রক্তকাঞ্চন ফুল। লাল কাঞ্চনের আদি নিবাস দক্ষিণপূর্ব আফ্রিকা। এটি শুধু এ দেশেই নয়, সারা বিশ্বেই বিরল গাছ। চিম্বুক, বান্দরবান।

## শব্দপ্রমী সাহিত্য সংসদের ১৩তম সহিত্য আসর

**ঘোড়াঘাট, দিনাজপুর প্রতিনিধি :** দিনাজপুরের ঘোড়াঘাটে শবব্দপ্রেমী সাহিত্য সংসদের ১৩তম মাসিক সাহিত্য আসর ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়। আলোর দিশারী বিদ্যা নিকেতন চত্তরে সংসদের সভাপতি প্রকৌশলী কবি আঃ হাদির সভাপতিত্বে ও কবি সাংবাদিক ফিরোজ কবিরের সঞ্চালনায় প্রধান অতিথি ছিলেন রংপুরের প্রতিভাযশা সাংবাদিক ও এফ, সাকলের প্রতিষ্ঠাতা মহাসচীব সুলতান আহমেদ সোনা। অনুষ্ঠানে বাংলা সাহিত্যের প্রচার ও প্রসার নিয়ে আলোচনা করেন কবি হাদিউর রহমান। আলোচনা ও স্বরচিত কবিতা পাঠ করেন উপাধ্যক্ষ(অবঃ) কবি নাসরিন রেখা, আবু নাসের তুহিন, ইমদাদুল হক খান, আকতারজ্জামান, মোকছেদ আলী, কোহিনুর আখতার তুহিন, মাসুদ রানা, ফিরোজ কবির, আহসান হাবিব, আনোয়ার হোসেন, আয়েশা সিদ্দিকা, কুলসুমা আখতার তিন্নি, আতিকা ইসলাম, সেতু মনি, মোহনা সরকার মেধা ও বিপ্লব মন্ডল। শেষে দোয়া ও ইফতারের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি হয়।

## বিরলে ৫০০ জন রোজাদারদের মাঝে ইফতার প্যাকেট বিতরণ

**বিরল, দিনাজপুর প্রতিনিধি :** দিনাজপুর বিরল পৌরসভায় প্রতি বছরের ন্যায় বিসিই ফ্রেন্ড সার্কেল এর উদ্যোগে এবারো ৫০০ জন রোজাদারদের মাঝে ইফতারির প্যাকেট বিতরণ করা হয়েছে। উক্ত কর্মসূচিতে প্রতিবছরের মত মসজিদ, মাদ্রাসা, এতিমখানা, ভ্রাম্যমান অটো রিক্সা, কর্মজীবী, পথচারী, ভ্যান চালক ও যাত্রীদের মাঝে ইফতারি প্যাকেট বিতরণ ও সার্কেলের সকল বন্ধুরা মিলে (ফ্রেন্ড সার্কেল) একত্রে ইফতার করে। এমন একটি মহৎ কাজের জন্য স্থানীয় লোকজন, গণ্যমান্য ব্যক্তিরাও এই ফ্রেন্ড সার্কেলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়া এই ফ্রেন্ড সার্কেল গত ৩/৪ বছর ধরে যেহেতু বিরলের বিভিন্ন সামাজিক কার্যক্রম গুলোতে বিভিন্নভাবে অংশগ্রহণ করেন, সেহেতু এই কাজগুলো কে বাস্তবায়ন করার লক্ষ্যে তারা গত ২০১৩ সালের তৈরি করা বিরল সমাজ কল্যাণ সংঘকে ভেঙ্গে নতুন একটি সংগঠন তৈরী করে যার নাম বিরলের আলো। সংগঠনটির সভাপতি- এবি মাসুম ও সাধারণ সম্পাদক- জেড আই জহির এর নেতৃত্বে নতুনরূপে প্রথম আত্মপ্রকাশ ঘটে তুমিও পারবে-২০২৪ ক্যারিয়ার সেমিনারের মাধ্যমে। এর পর বন্যার্তদের মাঝে খাদ্য পৌঁছানো ও শীতবস্ত্র বিতরণ সহ নানামুখী সামাজিক কার্যক্রম পরিচালনা করে আসছে। ফ্রেন্ড সার্কেল এর সদস্যরা হলেন- এবি মাসুম, জেড আই জহির, জাকির (হোসেন সজল), রাশেদ খান মেনন, মেহেদুল ইসলাম, শফিকুল ইসলাম, মেহেদী হাসান সোহেল, রুবেল ইসলাম, কাওসার আলম সাগর, ফজলে রাব্বি, সোহেল রানা, আরমানুর রহমান সজল, রবিউল ইসলাম (শান্ত), মোঃ মোসাদ্দেক, ফয়সাল, মুক্তাদির, নূর আসাদ, রাজ, সাকিব (শ্রাবণ), সাব্বির, খোকন, সাজেদুর, ফাইয়াজ, শিমুল, মাহাবুব ও মাহাবুরসহ আরও অনেকেই এই অরাজনৈতিক মহতি কাজগুলোর জন্য উক্ত সার্কেল ও সংগঠনের সাথে সম্পৃক্ত রয়েছেন।

## রাণীশংকৈলে আদর্শ শিক্ষক ফেডারেশনের আয়োজনে ইফতার মাহফিল

**রাণীশংকৈল, ঠাকুরগাঁও প্রতিনিধি :** বাংলাদেশ আদর্শ শিক্ষক ফেডারেশনের আয়োজনে রাণীশংকৈল উপজেলা শাখায় ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়। গত শনিবার বিকাল ৪টায় রাণীশংকৈল ডিগ্রী কলেজ হলরুমে। বাংলাদেশ আদর্শ শিক্ষক ফেডারেশনের সভাপতি মিন্নাতুল্লাহ পাঠান'র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঠাকুরগাঁও বাংলাদেশ জামায়াতে ইসলামীর জেলা আমির বাংলাদেশ শিক্ষক ফেডারেশনের জেলা প্রধান উপদেষ্টা জনাব অধ্যাপক বেলাল উদ্দিন প্রধান, বিশেষ অতিথি বাংলাদেশ জামায়াতে ইসলামীর উপজেলা আমির বিশিষ্ট আলেমে দ্বীন মাওলানা রফিকুল ইসলাম এবং উপজেলা সাবেক ভাইস চেয়ারম্যান উপজেলা নায়েবে আমির মিজানুর রহমান মাস্টার, অনুষ্ঠান সঞ্চালনায় বাংলাদেশ আদর্শ শিক্ষক ফেডারেশন, উপজেলার সাধারণ সম্পাদক জিয়াউর রহমান, এসময় বক্তারা বলেন আদর্শ শিক্ষক হতে হলে ঐশী জ্ঞান দিয়ে শিক্ষকতা করতে হবে।

## নারী সহিংসতা, খুন, ধর্ষণ ও নিপীড়নের প্রতিবাদে কুমিল্লায় বিক্ষোভ

**কুমিল্লা প্রতিনিধি :** দেশব্যাপী নারী সহিংসতা, খুন, ধর্ষণ ও নিপীড়নের প্রতিবাদে কুমিল্লা ভিক্টোরিয়া সরকারী কলেজের শিক্ষার্থীদের বিক্ষোভ সমাবেশ মিছিল ও অবস্থান কর্মসূচি পালন করেছেন। কুমিল্লা নগরীর কান্দিরপাড় পূবালী চত্বরে এই কর্মসূচি পালন করেন। এতে কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে। কুমিল্লা নগরীর কান্দিরপাড় টাউন হল হয়ে পুলিশ লাইন রোডে বিক্ষোভ মিছিল বের করে। এর আগে পুবালী চত্ত্বরে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ করে। বিক্ষোভ ও প্রতিবাদ মিছিলে কুমিল্লা ভিক্টোরিয়া সরকারী কলেজসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন কুমিল্লা জেলা ও মহানগর শাখার নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন। এসময় তারা বলেন- সারাদেশে অব্যাহত নারী সহিংসতা, খুন ধর্ষন ও নিপীড়ন বন্ধসহ অপরাধীদের প্রকাশ্যে বিচারের আওতায় এনে ফাঁসির দাবী জানান।

## শেরপুরে পাঁচটি ব্যবসা প্রতিষ্ঠানকে জরিমানা

**শেরপুর প্রতিনিধি :** বিভিন্ন অনিয়মের দায়ে শেরপুরে পাঁচটি ব্যবসা প্রতিষ্ঠানকে মোট সাড়ে ১১ হাজার টাকা জরিমানা করেছে জেলা প্রশাসন। জেলা শহরের রঘুনাথ বাজার ও মুন্সীবাজার এলাকায় ফল, হোটেল ও রেস্তোরা এবং বেকারি দোকানগুলোতে এই অভিযান পরিচালনা করে জেলা প্রশাসনের বাজার মনিটরিং টিম। এই অভিযানের নেতৃত্ব দেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মো. শাকিল আহমেদ এবং ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন জেলা প্রশাসকের কার্যালয়ের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রাজীব সরকার। অভিযানকালে শহরের মুন্সীবাজার এলাকার জি-৭ রেস্তোরা ও চাইনিজ রেস্টুরেন্টের রান্নাঘরের ফ্রিজে কাঁচা মাংসের সাথে রান্নাকরা মাংস মজুদ করার দায়ে পাঁচহাজার টাকা, উৎপাদিত পণ্যের মোড়কে উৎপাদন ও মেয়াদের তারিখ এবং বিক্রয় মূল্য লেখা না থাকায় মুন্সীবাজার এলাকার মোহাম্মদীয়া বেকারির মো. মোয়াজকে দুই হাজার টাকা, রঘুনাথ বাজার এলাকার চাঁন মিয়ার হোটেলে বাসি খাবার সংরক্ষণ ও ঢেকে না রাখার অভিযোগে পাঁচশ' টাকা।

## টেকনাফ ও হাতিয়ায় আগ্নেয়াস্ত্র ও গুলিসহ আটক ৭

**দিঘলিয়া, খুলনা প্রতিনিধি :** দেশের সার্বিক নিরাপত্তা ও আইন-শৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখতে দায়িত্বপূর্ণ এলাকাসমূহে নিয়োজিত রয়েছে বাংলাদেশ নৌবাহিনী। মাদক, সন্ত্রাস ও অপরাধমূলক কার্যক্রম প্রতিরোধে নৌবাহিনী নিয়মিত অভিযান পরিচালনা করে আসছে। এরই ধারাবাহিকতায় গোপন তথ্যের ভিত্তিতে গত শুক্রবার দিবাগত রাতে টেকনাফ উপজেলাস্থ হোয়াইক্যং ইউনিয়নের ০২ নং ওয়ার্ডের বালুখালী নামক স্থানে যৌথ অভিযান পরিচালনা করে বাংলাদেশ নৌবাহিনী ও পুলিশ। অভিযানকালে অপহরণ চক্রের মূল হোতা এবং কুখ্যাত মাদক ও অস্ত্র কারবারি হেলাল উদ্দিনকে তার ০২ সহযোগীসহ আটক করা হয়। এ সময় তার বাসা হতে অপহরণের শিকার নরসিংদীর মনোহরদি উপজেলার বাসিন্দা আরেফুল ইসলাম শুভ নামে এক ব্যক্তিকে উদ্ধার করা হয়। অপহরণের শিকার ব্যক্তি গত সোমবার নরসিংদী হতে কাজের সন্ধানে টেকনাফ বাসিন্দা মজিবের নিকট আসলে মজিব তাকে কাজ না দিয়ে হেলাল উদ্দিন এর আস্তানায় একটি ঘরে তালাবদ্ধ করে রাখে। চক্রটি অপহৃত ব্যক্তির পরিবারের নিকট ২ লক্ষ ৮০ হাজার টাকা মুক্তিপণ দাবী করে বলে জানা যায়। আটককৃত হেলাল উদ্দিনের বাড়ি ও তৎসংলগ্ন এলাকা তল্লাশি করে মাটির নিচে পুঁতে রাখা অবস্থায় ৪ টি আগ্নেয়াস্ত্র ৭ রাউন্ড তাজা গোলা উদ্ধার করা হয়। আটককৃত ব্যক্তিদের বিরুদ্ধে ইতিপূর্বে হত্যা, অপহরণ, মাদক, চোরাচালানসহ বেশ কয়েকটি মামলা রয়েছে।

## ৪ দফা দাবিতে টাঙ্গাইলে ডিপ্লোমা চিকিৎসকদের সংবাদ সম্মেলন

**টাঙ্গাইল প্রতিনিধি :** ৪ দফা দাবি বাস্তবায়নের লক্ষে টাঙ্গাইলে ডিপ্লোমা চিকিৎসকরা সংবাদ সম্মেলন করেছেন। টাঙ্গাইল প্রেসক্লাবের অডিটরিয়ামে বাংলাদেশ ডিপ্লোমা মেডিকেল এসোসিয়েশন, ডিপ্লোমা মেডিকেল প্রাইভেট প্রাকটিশনার এসোসিয়েশন এবং সাধারণ ম্যাটস শিক্ষার্থীদের উদ্যোগে এ সংবাদ সম্মেলন করা হয়। এতে লিখিত বক্তব্য পাঠ করেন ডিপ্লোমা এসোসিয়েশনের পরিষদের জেলা শাখার উপদেষ্টা পরিষদের সদস্য সচিব ডা. বাতেন। লিখিত বক্তব্যে তিনি বলেন, বর্তমানে ডিএমএফ কোর্স সম্পন্নকারী প্রায় ৫০ হাজার দক্ষ জনবল কর্মসংস্থানের অভাবে বেকার হয়ে পড়েছে। স্বাধীনতার ৫৩ বছর পরও ম্যাটস শিক্ষার্থীরা বিভিন্নভাবে জুলুম ও বৈষম্যের শিকার। দীর্ঘদিন ধরে আন্দোলন সংগ্রাম করার পরও বৈষম্য নিরসনে কোনো পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে না। শুন্য পদ থাকার পরেও এক যুগের বেশি সময় ধরে নিয়োগ বন্ধ রয়েছে। এতে একদিকে প্রান্তিক জনগোষ্ঠি চিকিৎসাসেবা থেকে বঞ্চিত হচ্ছে অন্যদিকে ম্যাটস থেকে পাসকৃত বেকারের সংখ্যা দিন দিন বাড়ছে। তাই অতিদ্রতই চার দফা দাবি বাস্তবায়নে সরকারের হস্তক্ষেপ কামনা করছি। তাদের চার দফাদাবিগুলো হলো- শুন্য পদে নিয়োগ ও সরকারি বেসরকারি হাসপাতালে নতুন পদ সৃষ্টি করা, কোর্সের কারিকুলাম সংশোধন ও ইন্টার্নশিপের ভাতার দাবি, প্রস্তাবিত এলাইড হেলথ প্রফেশনাল বোর্ড খসড়া আইনের নাম পরিবর্তন করে মেডিক্যাল এডুকেশন বোর্ড অব বাংলাদেশ নামকরণ এবং আন্তর্জাতিক মানদণ্ড ও বিএমএন্ডডিসি স্বীকৃত ক্লিনিক্যাল বিষয়ে উচ্চ শিক্ষার অধিকার প্রদান করতে হবে। এসময় কমিউনিটি মেডিকেল অফিসার ডা. চিত্তরঞ্জন দাস, কেন্দ্রীয় কমিটির সহসভাপতি ডা. আশরাফুজ্জামানসহ ম্যাটস শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

## নগরকান্দার লস্করদিয়ায় বিএনপির ইফতার ও দোয়া মাহফিল

**নগরকান্দা, ফরিদপুর প্রতিনিধি :** ফরিদপুরের নগরকান্দার উপজেলার লস্করদিয়া ইউনিয়নের ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড বিএনপির আয়োজনে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। উপজেলার লস্করদিয়া ইউনিয়নের দাদপুর মাদ্রাসা মাঠে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। লস্করদিয়া ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম জাজরিস মাতুব্বরের সভাপতিত্বে ইফতার ও দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন নগরকান্দা উপজেলা বিএনপির সিনিয়র সহ সভাপতি হাবিবুর রহমান বাবুল, সাধারন সম্পাদক সাইফুর রহমান মুকুল, সাংগঠনিক সম্পাদক শওকত আলী শরীফ, সহ সভাপতি মাহাবুব আলী মিয়া, সহ সভাপতি আলমগীর হোসেন বকুল, যুগ্ম সাধারণ সম্পাদক বদরুজ্জামান তারা মোল্লা, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক আব্দুল মান্নান মাষ্টার, ফরিদপুর জেলা যুবদলের যুগ্ম সাধারন সম্পাদক হেলালউদ্দীন হেলাল, যুবদল নেতা তৈয়াবুর রহমান মাসুদ, রবিউল ইসলাম বাবু, বিএনপি নেতা সাদেকুর রহমান মাষ্টার, স্বেচ্ছাসেবক দল নেতা মিরান মোল্লা, জামাল মাতুব্বর, খালিদ হোসেন, ওলামা দল নেতা হাফেজ রুহুল আমিন, মাওলানা শহিদুল ইসলাম, মজিবর রহমান, লস্করদিয়া ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক ইদ্রিস আলী মাতুব্বর, আবুল কালাম, রিকাত মেম্বার, আইয়ুব মেম্বার, হাবিবুর রহমান, আবুল হোসেন লস্কর, আবু নাছের প্রমুখ। ইফতারের পূর্বে দোয়া মাহফিলে মোনাজাত পরিচালনা করেন দাদপুর দারুল ফালাহ মাদ্রাসার মোহতামিম মুফতি ফরিদউদ্দীন মাসুদ।

## কন্যা সন্তানের বাবা হলেন ঝালকাঠির শহীদ সেলিম

**ঝালকাঠি প্রতিনিধি :** বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে পুলিশের গুলিতে নিহত ঝালকাঠির সেলিম তালুকদার রমজান কন্যা সন্তানের বাবা হয়েছেন। ঝালকাঠির একটি বেসরকারি ক্লিনিকে তার স্ত্রী সুমি কন্যা সন্তান প্রসব করেন। সিজারিয়ান অপারেশনের মাধ্যমে সন্তান দুনিয়ার আলো দেখতে পায় কিন্তু সন্তানের মুখ দেখে যেতে পারেননি সেলিম তালুকদার। মৃত্যুর সাত মাস সাতদিন পর শহীদ সেলিমের উত্তরাধকিার আসলো পৃথিবিতে। নবজাতকের নাম রাখা হয়েছে রোজা। তাই কষ্টের মাঝেও আনন্দের বন্যা বইছে এ পরিবারে। গতকাল রোববার দুপুরে জেলা প্রশাসন, পুলিশ প্রশাসন ও জেলা জামায়াতে ইসলামীর পক্ষ থেকে নবজাতককে দেখতে এসে বিভিন্ন উপহার প্রদান করা হয়েছে। শহীদ সেলিম তালুকদারের স্ত্রীর হাতে উপহার তুলে দেন জেলা প্রশাসক আশরাফুর রহমান। এসময় পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়, অতিরিক্ত জেলা প্রশাসক মো. কাওছার হোসেন উপস্থিত ছিলেন। তিন বোন ও এক ভাইয়ের মধ্যে সেলিম ছিলেন মেঝো। পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি ছিলেন তিনি। গত ১৮ জুলাই কর্মস্থলে যাওয়ার জন্য বেরিয়ে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সামনে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে গুলিবিদ্ধ হন তিনি। ১৫ দিন হাসপাতালে চিকিৎসাধীন থাকার পর গত ৩১ জুলাই রাতে তার মৃত্যু হয়। সুমি আক্তার বলেন, 'আমার স্বামী শহীদ হয়েছেন। তার স্মৃতি হিসেবে এই সন্তানই আমার কাছে থাকবে। আমার একটাই চাওয়া আমার সন্তানকে যেন কারও কাছে হাত পাতা নালাগে। আমি যতদিন বাঁচবো শহীদ সেলিমের স্ত্রী হিসেবে বাঁচবো। সন্তানকে তার পরিচয় দেবো।' ছেলের শোকে এখনো কাতর মা সেলিনা বেগম। তিনি বলেন, এখন যদি সেলিম বেঁচে থাকতো তাহলে প্রথম সন্তান, কত আনন্দ পেতো।



বাড়ির সামনের উঠানে কলাইগাছ থেকে ডাল বের করছেন এক গৃহিণী। এক বিঘা জমিতে কলাই চাষ করে চার মণ ডাল পেয়েছেন তাঁরা। হবিনগর, শায়েস্তাবাদ, বরিশাল।



# রেনেঁর জালে পিএসজির এক হালি গোল

**স্পোর্টর্স ডেস্ক :** মাঝ সপ্তাহে উয়েফা চ্যাম্পিয়ন্স লিগে ঘরের মাঠে ইংলিশ ক্লাব লিভারপুলের কাছে ০-১ গোলে হেরেছিলো ফরাসী ক্লাব পিএসজি। এই হারের পর পিএসজির যে অপরাজেয় যাত্রা, তাতে যেন একটু ছন্দপতনই ঘটলো; কিন্তু ফরাসী লিগ ওয়ানে ঠিকই নিজেদের দাপট ধরে রেখেছে তারা। একের পর এক ম্যাচে প্রতিপক্ষকে যে গোলবন্যায় ভাসানো, গত শনিবার রাতেও সেটা অব্যাহত রেখেছে পিএসজি। স্টেডে রেনেঁর মাঠে গিয়ে ১-৪ গোলের বিশাল ব্যবধানে জয় নিয়ে ফিরেছে প্যারিসের ক্লাবটি। ম্যাচের ইনজুরি সময়ে গিয়ে ৩ মিনিটের ব্যবধানে জোড়া গোল করেন ওসমান ডেম্বেলে। বাকি দুই গোল করেন ব্র্যাডলি বারকোলা ও গনকালো রামোস। এই জয়ের ফলে ফরাসী লিগ ওয়ানে দ্বিতীয় স্থানে থাকা মার্শেইয়ের ধরাছোঁয়ার বাইরে চলে গেলো পিএসজি। ১৬ পয়েন্টের ব্যবধান তৈরি করলো লুইস এনরিকের শিষ্যরা। ২৫ ম্যাচে পিএসজির পয়েন্ট ৬৫। সমান ম্যাচে মার্শেইয়ের পয়েন্ট ৪৯। এ নিয়ে ফরাসী লিগে টানা ৬ ম্যাচ জিতলো পিএসজি। জোড়া গোল করা ওসমান ডেম্বেলে বদলি হিসেবে মাঠে নেমেছিলেন ৬৪ মিনিটে। যার বদলি নেমেছিলেন, সেই গনকালো রামোসও গোল করেছিলেন। লিভারপুলের কাছে যে দলটি নিয়ে হেরেছিলো পিএসজি, সেই দলে ৮টি পরিবর্তন আনেন কোচ লুইস এনরিকে। তবুও স্টেডে রেনেঁর মাঠে গিয়ে বেশ দাপট দেখালো পিএসজি। মূলত ২৭তম মিনিটে ব্র্যাডলি বারকোলা গোলের সূচনা করেন। প্রথমার্ধে আর কোনো গোল করতে পারেনি পিএসজি। দ্বিতীয়ার্ধের শুরুতেই দ্বিতীয় গোল করেন গনকালো রামোস। ২-০ গোলে পিছিয়ে পড়ে দ্রুতই ফেরার চেষ্টা করে স্টেডে রেনেঁ। যার ফলস্বরূপ ৩ মিনিট পরই লিলিয়ান ব্রাসিয়ের গোল করে সমতায় ফেরান লিলিয়ান ব্রাসিয়ের। ৬৪ মিনিটে মাঠে নামার পর বেশ কয়েকবার গোলের চেষ্টা করেন ওসমান ডেম্বেলে। তবে সফল হলেন ইনজুরি সময়ে দিয়ে। ৯০+১ মিনটে করেন প্রথম গোল, দলীয় তৃতীয় গোল। এর তিন মিনিট পরই (৯০+৪ মিনিটে) ওসমান ডেম্বেলে করেন নিজের দ্বিতীয় এবং দলের চতুর্থ গোল।

# আজীবন নিষিদ্ধ হওয়ার শঙ্কায় ব্রাজিলিয়ান তারকা ফুটবলার



স্পোর্টস ডেস্ক : নেইমারের অনুপস্থিতিতে ব্রাজিলের মাঝ মাঠে দায়িত্ব ছিল লুকাস পাকেতার কাঁধে। কিন্তু সদ্য ঘোষিত আর্জেন্টিনা ও উরুগুয়ে ম্যাচের স্কোয়াড থেকে বাদ পড়েন তিনি। এর মাঝেই আজীবন নিষেধাজ্ঞার হুমকিতে পড়েছেন এই ব্রাজিলিয়ান ফুটবলার। ফুটবলে জুয়াড়িদের সাহায্য করতে ইচ্ছে করে কার্ড দেখার অভিযোগ রয়েছে ইংলিশ ক্লাব ওয়েস্ট হ্যামে খেলা পাকেতার বিরুদ্ধে। তাই এই ফুটবলারের উপর আজীবন নিষেধাজ্ঞা আসতে পারে বলে জানিয়েছে ইংলিশ গণমাধ্যম ডেইলি মেইল। ক্লাবের একাধিক সিনিয়র সূত্রের বরাত দিয়ে মেইল স্পোর্টসকে জানিয়েছে, তারা এই মামলায় জয়ী হওয়ার ব্যাপারে খুব একটা আত্মবিশ্বাসী না। কারণ এরই মাঝে ক্লাব এবং খেলোয়াড়ের বিপক্ষে বেশ বড় রকমের সম্ভাবনা দেখা গিয়েছে। ইংলিশ এফএ তাদের অভিযোগে বলেছে, ২০২২ সালের ১২ নভেম্বর লেস্টার সিটি, ২০২৩ সালের ১২ মার্চ অ্যাস্টন ভিলা, ২১ মে লিডস ইউনাইটেড ও ১২ আগস্ট বোর্নমাউথের সঙ্গে ওয়েস্ট হামের ম্যাচে ইচ্ছে করে কার্ড দেখেছেন পাকেতা। যা ইংলিশ ফুটবলের আইনি ধারা E5 এবং F3 তে যা গুরুতর অভিযোগ বলে বিবেচিত। একইসঙ্গে F3 ধারা ভঙ্গের কারণে F2 আইনেও অভিযুক্ত হয়েছেন ব্রাজিলের এই তারকা। এফএ-এর নিয়ম অনুসারে, খেলোয়াড়, ম্যাচ কর্মকর্তা এবং কোচদের বিশ্বের যেকোনো জায়গায় ফুটবলের সাথে সম্পর্কিত যেকোনো বিষয়ে সরাসরি বা পরোক্ষভাবে বাজি ধরতে নিষিদ্ধ করা হয়েছে। এফএ তাদের বিবৃতিতে জানায়, তিনি ইচ্ছাকৃতভাবে রেফারির কাছ থেকে কার্ড পাওয়ার চেষ্টা করেছিলেন, যেন বেটিং মার্কেটকে প্রভাবিত করা যায়।



## এবার কোচের ভূমিকায় দেখা যাবে ম্যাথু ওয়েডকে

**স্পোর্টর্স ডেস্ক :** আইপিএলের আসন্ন মৌসুমে কোচের ভূমিকায় দেখা যাবে সাবেক অজি তারকা ম্যাথু ওয়েডকে। এর আগে খেলোয়াড় হিসেবে আইপিএলে খেলেছেন এই ক্রিকেটার। গত আইপিএলের নিলামের আগে অবসর নিলেও এবার ওয়েডকে দেখা যাবে গুজরাট টাইটান্সের সহকারী কোচের ভূমিকায়। সামাজিক যোগাযোগমাধ্যম বিষয়টি নিশ্চিত করেছে ফ্র্যাঞ্চাইজিটি। আইপিএলে খুব বেশি ম্যাচ খেলার সুযোগ পাননি ওয়েড। সব মিলিয়ে ১৫টি, তার মধ্যে ১২টি খেলেছেন গুজরাটের হয়ে। যদিও তেমন বলার মতো তেমন ইনিংস খেলতে পারেননি তিনি। ১০৩.৩৯ স্ট্রাইক রেটে মোটে ১৮৩ রান আসে তার ব্যাটে। যেখানে তার সর্বোচ্চ ৩৫ রানের ইনিংস।

২০২২ সালে গুজরাটের হয়ে আইপিএল জিতেছেন ওয়েড। ওয়েডকে কোচিং স্টাফে যুক্ত করার বিষয়টি নিশ্চিত করে ফেইসবুকে এক পোস্টে ফ্র্যাঞ্চাইজিটির পক্ষে জানানো হয়, ‘আমরা শনিবারের এই চমকটি পছন্দ করি, ওয়েডি। সহকারি কোচ হিসেবে স্বাগত।’ অস্ট্রেলিয়ার হয়ে ৩৬টি টেস্ট, ৯৭টি এক দিনের আন্তর্জাতিক এবং ৯২টি টি-টোয়েন্টি ম্যাচ খেলার অভিজ্ঞতা রয়েছে ওয়েডের। অস্ট্রেলিয়ার টি-টোয়েন্টি বিশ্বকাপজয়ী দলের সদস্যও ছিলেন তিনি। আন্তর্জাতিক ক্রিকেটে তার রানসংখ্যা ৪৬৮২। উইকেটরক্ষক হিসাবে তার ডিসমিসাল করেছেন ২৬৬টি। আগামী ২২ মার্চ থেকে শুরু হবে আইপিএলের আসন্ন মৌসুম। গুজরাটের কোচিং স্টাফে সহকারী কোচ হিসেবে ম্যাথু ওয়েডের পাশাপাশি প্রধান কোচ আশিস নেহরা, ব্যাটিং কোচ পার্থিব প্যাটেল, আশিস কাপুর এবং নরেন্দর নেগির সঙ্গে কাজ করবেন তিনি।

# দুঃসময় কাটছেই না ম্যানসিটির

**স্পোর্টর্স ডেস্ক :** এবারের মৌসুমে যে দুর্ভাগ্য ভর করেছে, তা থেকে মোটেও বের হতে পারছে না ম্যানচেস্টার সিটি। পেপ গার্দিওলার মত কোচকেও মুদ্রার উল্টো পিঠ দেখতে হচ্ছে। গত শনিবার রাতে নটিংহ্যাম ফরেস্টের মাঠ দ্য সিটি গ্রাউন্ডে খেলতে গিয়ে ১-০ গোলে হেরে এলো ম্যানসিটি। ইংলিশ প্রিমিয়ার লিগের শিরোপা জিতবে না সিটি এবার আর। এ বাস্তবতা এরই মধ্যে মেনে নিয়েছে ম্যানসিটির কোচ, কর্মকর্তা এবং ফুটবলাররা। তবে তাদের লড়াইটা হলো চ্যাম্পিয়ন্স লিগে টিকে থাকা। সে লক্ষ্যে ভালোই এগিয়ে এসেছিলো সিটিজেনরা। ছিল তিন নম্বর স্থানে। কিন্তু নটিংহ্যামের কাছে হেরে চারে নেমে গেলো তারা। তিনে উঠলো নটিংহ্যাম। যদিও সেরা চারে থাকলেও আগামী মৌসুমে চ্যাম্পিয়ন্স লিগে খেলতে পারবে পেপ গার্দিওলার শিষ্যরা। দ্য সিটি পার্কে ম্যাচটা গোলশূন্য ড্রয়ের দিকেই এগুচ্ছিলো। কিন্তু ম্যাচের একেবারে অন্তিম সময়ে, ৮৩তম মিনিটে গোল করে স্বাগতিক নটিংহ্যাম ফরেস্টকে জয়সূচক একমাত্র গোলটি উপহার দেন ক্যালাম হাডসন ওদোই। মরগ্যান গিবস হোয়াইটের কাছ থেকে দুর্দান্ত একটি পাস পান ক্যালাম হাডসন। সেটি ধরে খুব দুরহ কোণ থেকে দারুণ শট নেন তিনি। যেটি জড়িয়ে যায় সিটির জালে। ম্যানসিটি বেশ কিছু সুযোগ তৈরি করেও কোনো গোল করতে পারেনি।



ক্যালাম হাডসন ওদোইয়ের আরও একটি নিশ্চিত গোলের চেষ্টা বিফলে যায় পোস্ট ঘেঁষে বল বাইরে চলে যাওয়া। ম্যাচ শেষে হাডসন বলেন, ‘আমি নিজেও গোল করার পর বিস্মিত ছিলাম। আমরা প্রতিটিক্ষণে, প্রতিটি বলে লড়াই করেছি। আমি খুশি যে, দর্শকদেরকে এই জয়টা উপহার দিতে পেরেছি। দর্শকদের দিকে তাকান, তারা ছিলেন অসাধারণ।’ প্রায় ৩০ হাজার দর্শক গত শনিবার রাতে সরাসরি উপভোগ করে ফরেস্ট-ম্যানসিটি ম্যাচটি। ১৯৯৭ সালের পর এই প্রথম ম্যানসিটিকে হারাতে সক্ষম হলো নটিংহ্যাম ফরেস্ট।

# ইতিহাসের পাতায় নাম লিখলেন মোহাম্মদ সালাহ

**স্পোর্টর্স ডেস্ক :** লিভারপুলের সঙ্গে এখনও চুক্তি সম্পর্কিত ঝামেলা শেষ হয়নি। লিভারপুল যদি চুক্তিটা নবায়ন না করে, তাহলে এই মৌসুম পর মোহাম্মদ সালাহ হয়ে যাবেন ফ্রি-এজেন্ট। তিনি আর লিভারপুলের ফুটবলার থাকবেন না। নিজের শেষ মৌসুম জেনেও যেন নিজেকে উজাড় করে দিচ্ছেন মিশরীয় এই ফুটবলার। করে যাচ্ছেন একের পর এক গোল কিংবা করছেন অ্যাসিস্ট। গোলের পর গোল করে অনেক রেকর্ডও ভাঙছেন তিনি। এই যেমন গত শনিবার রাতে সাউদাম্পটনের বিপক্ষে জোড়া গোল করলেন সালাহ। লিভারপুলকে এনে দিলেন ৩-১ গোলের জয়। জোড়া গোল করে মোহাম্মদ সালাহ ইতিহাসের পাতায় নাম লিখে নিলেন। চলতি মৌসুমে মোহাম্মদ সালাহ ৪১ ম্যাচে করলেন ৩১তম গোল। লিভারপুলের হয়ে সর্বকালের সর্বোচ্চ গোলদাতার তালিকায় তিন নম্বরে উঠে এলেন তিনি। লিভারপুলের জার্সি গায়ে সালাহর নামের পাশে শোভা পাচ্ছে এভন ২৪২টি গোল। ম্যানসিটির বিপক্ষে ২-০ গোলে জয়ী ম্যাচেই লিভারপুল কিংবদন্তি গর্ডন হজসনের সমতায় এসেছিলেন। ১৯২৬ থেকে ১৯৩৫ সাল পর্যন্ত লিভারপুলের হয়ে খেলেছিলেন হজসন। তবে পিএসজির বিপক্ষে চ্যাম্পিয়ন্স লিগে শেষ ষোলোর প্রথম লেগের ম্যাচে গোল করে হজসনকে পেছনে ফেলেন তিনি। গত শনিবার সাউদাম্পটনের বিপক্ষে করলেন জোড়া গোল।



তার সামনে রয়েছেন এখন কেবল দু’জন। ৩৪৬ গোল নিয়ে ইয়ান রাশ এবং ২৮৫ গোল নিয়ে রজার হান্ট। শুধু তাই নয়, ইংলিশ প্রিমিয়ার লিগে গোল করার ক্ষেত্রে মোহাম্মদ সালাদ সর্বকালের সর্বোচ্চ গোলদাতার তালিকায় ৫ম নম্বরে রয়েছেন। একই অবস্থানে রয়েছেন ম্যানসিটির সাবেক স্ট্রাইকার সার্জিও আগুয়েরো। আর নন-ইংলিশ ফুটবলার হিসেবে সর্বোচ্চ গোল এখন সালাহর। ২০১৭ সালে ইতালিয়ান ক্লাব এএস রোমা থেকে লিভারপুলে নাম লেখানোর পর এখনও পর্যন্ত খেলেছেন ৩৯০টি ম্যাচ। প্রিমিয়ার লিগে এখনও পর্যন্ত করেছেন ১৮১ গোল। চ্যাম্পিয়ন্স লিগে করেছেন ৪৫ গোল। ৬টি করেছেন এফএ কাপে, ৫টি করেন ইউরোপা লিগে, চারটি কারাবাও কাপে এবং ১টি গোল করেন কম্যুনিটি শিল্ডে। এছাড়া সব মিলিয়ে এখনও পর্যন্ত ১০৯টি অ্যাসিস্ট করেছেন মোহাম্মদ সালাহ।

## স্বাস্থ্য

# ভিটামিন-ই পুরুষের ক্যান্সার ঝুঁকি বাড়ায়

**স্বাস্থ্য ডেস্ক :** সম্পূরক ভিটামিন ই ও সেলেনিয়াম গ্রহণে প্রোস্টেট ক্যান্সারসহ পুরুষের উচ্চ-মাত্রার ক্যান্সারের ঝুঁকি বেড়ে যায় বলে এক গবেষণায় বেরিয়েছে। গবেষকরা বলছেন, শরীরে ভিত্তি পর্যায়ে উচ্চ মাত্রার সেলেনিয়াম থাকা পুরুষরা সেলেনিয়াম সম্পূরক গ্রহণ করলে তা বিষাক্ত মাত্রায় পৌঁছাতে পারে এবং ক্যান্সারের ঝুঁকি বাড়ায়। শরীরে ভিত্তি পর্যায়ে নিম্ন মাত্রার সেলেনিয়াম থাকা পুরুষরা ভিটামিন ই গ্রহণ করলেও ক্যান্সারের ঝুঁকি বাড়ে। তবে অতিরিক্ত ভিটামিন ই গ্রহণের ফলে সৃষ্ট ক্ষতিকর প্রতিক্রিয়া থেকে এই খনিজ উপাদনটি রক্ষা করে বলেও গবেষণায় বেরিয়ে এসেছে। যুক্তরাষ্ট্রের সিয়াটলের ফ্রেড হাচিনসন ক্যান্সার রিসার্চ সেন্টারে একদল গবেষক প্রায় ১২ বছরের গবেষণা শেষে এই ফলাফল পেয়েছেন। ওই ক্যান্সার গবেষণা কেন্দ্রের এক সংবাদ বিজ্ঞপ্তি এ তথ্য জানানো হয়েছে, যা কেন্দ্রের ওয়েসাইটে প্রকাশিত হয়েছে। উচ্চ মাত্রার ভিটামিন ই ও সেলেনিয়াম পুরুষের প্রোস্টেট ক্যান্সার থেকে রক্ষা করে কি না তা পরীক্ষা করতেই ২০০১ সালে এই গবেষণার উদ্যোগ নেয়া হয়। ২০০৮ সালে ক্যান্সার থেকে রক্ষায় ওই দুটি উপাদনের কোনো সুফল না পাওয়ায় এই গবেষণা বন্ধ করা হয়। এরপর পরের দুবছরেও যে সমস্ত লোকরা ভিটামিন ই গ্রহণ করেছিল তাদের মধ্যে প্রোস্টেট ক্যান্সারের ঝুঁকি ১৭ শতাংশ বেড়ে যায় বলে গবেষণায় বের হয়েছে। ড. অ্যালান ক্রিস্টালের নেতৃত্বে পরিচালিত এই গবেষণায় দেখা যায়, ভিত্তি পর্যায়ে শরীরে উচ্চ মাত্রার সেলেনিয়াম থাকা পুরুষদের সেলেনিয়াম সম্পূরক গ্রহণে প্রোস্টেট ক্যান্সারের ঝুঁকি ৯১ শতাংশ বেড়েছে। শরীরে নিম্ন মাত্রার সেলেনিয়াম নিয়ে ভিটামিন ই সম্পূরক গ্রহণকারী পুরুষদের প্রোস্টেট ক্যান্সারের ঝুঁকি ৬৩ শতাংশ ও উচ্চ মাত্রার ক্যান্সারের ঝুঁকি ১১১ শতাংশ বেড়ে গেছে বলে গবেষণায় বের হয়েছে। ফ্রেড হাচিনসনের জনস্বাস্থ্য বিজ্ঞান বিভাগের সদস্য অ্যালান ক্রিস্টাল বলেন, “খাবারের মাধ্যমে সম্পূরক ভিটামিন গ্রহণ উপকারী বা অন্তত ক্ষতিকর নয়। এটা সত্য নয়।” আগে আরো সম্পূরক ভিটামিনের বিষয়ে নানা ধরনের গবেষণায় এই ধারণা ভুল প্রমাণিত হওয়ার পর এবার ভিটামিন ই ও সেলেনিয়ামের ক্ষেত্রেও একই ফলাফল এসেছে বলে জানান অ্যালান। এই দুটি উপাদান নিয়ে গবেষণায় প্রোস্টেট ক্যান্সারের চিকিৎসাধীন এক হাজার ৭৩৯ জন পুরুষ এবং তুলনা করার জন্য প্রোস্টেট ক্যান্সারবিহীন তিন হাজার ১১৭ জন পুরুষকে নমুণা হিসেবে নেওয়া হয়েছিল। গবেষণার ফলাফলের সারকথা হলো- ভিটামিন ই ও



সেলেনিয়াম সম্পূরক গ্রহণের কোনো উপকারিতা নেই। উপরন্তু উল্লেখযোগ্য সংখ্যক পুরুষের জন্য দুটোই ক্ষতিকর ছিল। ক্রিস্টাল বলেন, “এই দুটি সম্পূরক জনপ্রিয় হলেও এখনো কোনো ভাল মানের গবেষণায় জটিল কোনো রোগ প্রতিরোধে এই দুটি উপাদানের কোনো উপকারিতা দেখা যায়নি।”

## সোনা পানে ক্যানসার মুক্তি!

**স্বাস্থ্য ডেস্ক :** গ্রিক রাজার সেই পাগলামোর কথাটা মনে আছে! সিন্ধুকে আর সোনা রাখাতে পারছিলেন না বলে, রাজা সোনা খেতে শুরু করেছিলেন। গ্রিক রাজার সেই দদামিদ খিদের পর আর কখন কেউ সোনা খাওয়ার কথা কেউ ভেবেছেন কি না জানা নেই। তবে সোনা খেলে থুড়ি পান করলে দুনিয়ার অন্যতম সেরা এক ভয়ঙ্কর রোগকে তাড়ানো যায় এমন একটা দাবি করেছেন দুই ডাচ গবেষক। খবরটা শুনলেই নড়েচড়ে বসেছেন হয়ত। নেদারল্যান্ডে গ্রোনিনজেন বিশ্ববিদ্যালয়ের গবেষক এ্যাঞ্জেলা ক্যাসিনো জানাচ্ছেন ক্যাফিন সংক্রান্ত কোনো পানীয়র সঙ্গে স্বল্প পরিমাণ সোনা মিশিয়ে পান করলে ক্যানসারকে জয় করা যায়। আমরা সাধারণত প্রতিদিনই ক্যাফিন স্বল্পবিস্তর পান করি। ক্যাফিন হচ্ছে একপ্রকার তিক্ত ক্ষার যা কফি, চা, চকোলেটসহ ৫৬ রকম গাছ ও পাতায় এই পর্দাথটি থাকে। তবে আপনি যদি গ্যালন গ্যালন কফি, চা পান করেন তার মধ্যে থাকা ক্যাফিন আপনার শরীরকে হিতে বিপরীত করতে পারে। তাই বিজ্ঞানীরা মনে করছেন সঠিক পরিমাণে ক্যাফিন ও সোনার মিশ্রিত পানীয় ক্যান্সারের কোষগুলিকে বৃদ্ধি করতে বাঁধা দেয়। ইতোমধ্যে বিজ্ঞানীরা সাত রকম ক্যামিক্যালস দিয়ে তৈরি করছেন ক্যাফিন গোল্ড (caffeine-based gold I N-heterocyclic carbenes) এবং এটি নিয়ে আরো গবেষণা চলছে। এই যৌগ পর্দাথটি ক্যানসার কোষ যেমন বৃদ্ধি করতে দেয় না তেমনিই ‘জি-কুয়াডরুপলেক্স’ একটি ডিএনএ আর্কিটেকচারকে প্রতিনিয়ত আক্রমণ করে যেখানে ক্যান্সার লুকিয়ে থাকে।



# ক্যান্সার প্রতিরোধে ভিটামিন ‘সি’

**স্বাস্থ্য ডেস্ক :** পরীক্ষাগারে ইঁদূরের ক্যান্সার বিনাশে থেরাপির পাশাপাশি শরীরে উচ্চমাত্রার ভিটামিন ‘সি’ প্রবেশ করিয়ে বেশ ইতিবাচক ফলাফল পাওয়া গেছে বলে বিজ্ঞানীরা দাবি করেছেন। বলা হচ্ছে, উচ্চ মাত্রার ভিটামিন সি দেহে ক্যান্সার প্রতিরোধী কেমোথেরাপির ক্ষমতা আরো বাড়িয়ে দিতে পারে। ইনজেকশনের মাধ্যমে ভিটামিন সি প্রয়োগ করে কম খরচে অনেক নিরাপদ এবং কার্যকরভাবে ডিম্বাশয়ের ক্যান্সার ও অন্যান্য ক্যান্সারের চিকিৎসা করা যেতে পারে। বলছেন, যুক্তরাষ্ট্রের বিজ্ঞানীরা। ফলে ক্যান্সার প্রতিরোধে কেমোথেরাপির পাশাপাশি ভিটামিন ‘সি’ও একটা কার্যকর ভূমিকা রাখতে পারে বলেই ইঙ্গিত দিচ্ছে নতুন এ গবেষণা।

বিবিসি জানিয়েছে, গবেষণা প্রতিবেদনটি প্রথম ছাপা হয় ‘সায়েন্স ট্রান্সলেশনাল মেডিসিন নামক সাময়ীকিতে। ক্যান্সার চিকিৎসায় ভিটামিন সি সেবন করা একটি প্রাচীন পদ্ধতি বলেও এতে উল্লেখ করা হয়। গবেষকরা সরকারি উদ্যোগে নতুন এই গবেষণালব্ধ জ্ঞানকে কাজে লাগিয়ে তা যাচাইয়ের দাবি তুলেছেন। তবে এর মেধাসত্ব এখনো স্বীকৃতী না পাওয়ায় কোম্পানিগুলো এখনো এরপরীক্ষামূলক প্রয়োগ ঘটাতে পারেনি।

১৯৭০ সালে রসায়নবিদ লিনাস পাওলিং জানিয়েছিলেন, ক্যান্সার রোগীর শিরায় ভিটামিন সি প্রয়োগ করা ক্যান্সার উপশমে খুবই কার্যকর। তবে পরীক্ষমূলকভাবে ভিটামিন সি মুখে খাইয়ে কোনো উপকার না মেলায় তখন গবেষণা কাজটি স্থগিত রাখা হয়। তবে ‘ইউনিভার্সিটি অব কানসাস’ এর বিজ্ঞানীরা বলছেন, ইনজেকশনের মাধ্যমে ভিটামিন সি দিলে তা সারা শরীরে ছড়িয়ে পড়ে। এটি দেহের অন্যান্য কোষের কোনো ক্ষতি ছাড়াই ক্যান্সার কোষগুলো ধ্বংস করতে পারে। গবেষকরা পরীক্ষাগারে ইঁদূরের দেহ ছাড়াও মানুষের ডিম্বাশয়ের কোষ এমনকি ডিম্বশয়ের ক্যান্সার আক্রান্ত রোগীর দেহেও ভিটামিন সি ইনজেকশন দিয়েছেন। এতে দেখা গেছে, ভিটামিন সি দেহের সাধারণ কোষগুলোর কোনো ক্ষতি ছাড়াই ক্যান্সার কোষের ওপর কাজ করেছে।

# পুরুষদের জন্যও স্তন ক্যানসার প্রাণঘাতী

**স্বাস্থ্য ডেস্ক :** চমকানোর কিছু নেই। পুরুষেরও স্তন ক্যানসার হয়। কিন্তু সমস্যা হলো পুরুষরা মনে করেন যে, কেবল নারীদেরই এই ক্যানসার হয়। এ কারণে তারা এ বিষয়ে কিছুটা বেপরোয়া থাকেন। নিয়মিত স্নত পরীক্ষা করান না। আর এই মনোভাবই ডেকে আনে মৃত্যু। অনেকেই ভাবেন বংশে কারো ক্যানসার থাকলে, তবেই অন্যান্যের মধ্যে এটি হওয়ার প্রবণতা বেশি থাকে। প্যারাগুয়ের ৫৩ বছর বয়সি এক্সপোর্ট-ইমপোর্ট ব্যবসায়ী মিগুয়েল রেন ২০১২ সালে জানতে পারেন তার স্তন ক্যানসার হয়েছে। বংশে কারো এ অসুখটি না থাকায় এ ব্যাপারে একেবারে অসচেতন ছিলেন তিনি। রেন তার রোগের লক্ষণ সম্পর্কে বলেছিলেন, ‘‘বুক চুলকানো আমার একটি বদ অভ্যাসের মতো। তাই একদিন চুলকাতে গিয়ে দেখলাম পোকাড় কামড়ের মতো এটা দাগ, কিন্তু কিছুদিন পর জায়গাটি শক্ত হয়ে যায়।’’ প্রতি বছর জার্মানিতে অন্তত ৬০০ পুরুষ পরীক্ষা করান তাদের স্তন ক্যানসার হয়েছে কিনা। অথচ প্রতি বছর জার্মানিতে ৭৪,৫০০ নারী এই পরীক্ষাটি করান। জার্মান সোস্যাইটি অফ ইউরোলজি-র মুখপাত্র অধ্যাপক জাবিনে ক্লিস জানালেন, নারীদের তুলনায় পুরুষরা এই পরীক্ষাটি খুব কম করান। প্রতি পাঁচজনের একজন বিশ্ব স্বাস্থ্য সংস্থা জানিয়েছে, ২০১৪ সালের বিশ্ব ক্যানসার রিপোর্ট অনুযায়ী, বর্তমানে যে ক্যানসারের হার দেখা যাচ্ছে, তাতে ২০৩০ সালের মধ্যে ৭৫ বছর বয়সের আগেই প্রতি পাঁচ জন পুরুষের একজনের মধ্যে এ ধরনের ক্যানসারের প্রবণতা দেখা যাবে। আর প্রতি আটজনের মধ্যে একজন এই রোগে মারা যাবে। বয়সের সাথে সাথে পুরুষদের স্তন ক্যানসারের ঝুঁকি বাড়তে থাকে।



তবে এটা ঠিক যে তরুণদের ক্ষেত্রেও এ ঝুঁকি রয়েছে। জার্মানিসহ পশ্চিমা বিশ্বের অনেক দেশেই নারীদের স্তন ক্যানসার শনাক্তের জন্য মেমোগ্রাফির সেবা থাকলেও পুরুষদের জন্য নেই। বিশ্ব স্বাস্থ্য সংস্থার এই প্রতিবেদনের সহ-সম্পাদক বার্নার্ড স্টুয়ার্ট বলেছেন, পুরুষদের জন্য এই পরীক্ষার ব্যবস্থা করা উচিত সরকারের। সরকারকে এ ব্যাপারে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন তিনি। গবেষকরা এখনো বের করতে পারেননি ঠিক কি কারণে পুরুষরা স্তন ক্যানসারে আক্রান্ত হন। ক্লিস জানান, বংশে কোনো নারী আত্মীয়ের স্তন ক্যানসার থাকলে অনেক সময় পুরুষের ক্যানসার হতে পারে। এমনকি জীনগত রোগ ‘ক্লাইনেফেল্টার’ এর কারণেও অনেকের স্তন ক্যানসার হয়। পুরুষের শরীরে একটি অতিরিক্ত এক্স ক্রোমোজোমের কারণে এই রোগটি হয়। এর কারণে পুরুষের স্তন ক্যানসারের সম্ভাবনা ১৫ থেকে ৫০ ভাগ বেড়ে যায়। লক্ষণ, স্তন ক্যানসার হলে যে চামড়া স্তনকে ঢেকে রাখে তার পরিবর্তন দেখা যায়। চামড়া লাল হয়ে যায়, কুঁচকে যায়, তাতে ভাঁজ বা খাঁজ তৈরি হয়, স্তনবৃন্তের রঙের পরিবর্তন হয়, লালচে হয়ে যায় বা ভিতরের দিকে ঢুকে যায় এবং স্তনবৃন্ত থেকে রস ক্ষরণ হয়।

## ‘বাবার বয়স’ হতে পারে শিশুর স্বাস্থ্য সমস্যার কারণ

**স্বাস্থ্য ডেস্ক :** স্কুলগামী শিশুদের বিভিন্ন রকম শারীরিক ও মানসিক সমস্যার জন্য বাবার বেশি বয়সে সন্তান জন্মদান দায়ী বলে গবেষকরা জানতে পেরেছেন। সাম্প্রতিককালে শিশুদের অটিজমে আক্রান্ত হওয়া, ‘অ্যাটেনশন ডেফিসিট হাইপার অ্যাকটিভিটি ডিজঅর্ডার’ (এডিএইচডি) বা অমনযোগিতা, দ্বান্দ্বিক মনোভাব (বিপোলার ডিজঅর্ডার), ভগ্নমনস্কতা ও আত্মহত্যার প্রবণতাসহ এ ধরনের আরো সমস্যা নিয়ে গবেষণা চালান বিজ্ঞানীরা। যুক্তরাষ্ট্র ও সুইডেনের বিজ্ঞানীদের এ গবেষণা প্রতিবেদন ‘জেএএমএ সাইকোয়েট্রি’ নামের একটি ওয়েব সাইটে প্রকাশিত হয়। বিবিসি জানায়, যুক্তরাষ্ট্রের ইন্ডিয়ানা ইউনিভার্সিটি এবং সুইডেনের কারোলিনিস্কা ইনস্টিটিউট সম্প্রতি শিশুস্বাস্থ্যের ওপর দেরিতে সন্তান জন্ম দেয়া বাবাদের ভূমিকা নিয়ে গবেষণা চালায়। তারা ১৯৭৩ সাল থেকে ২০০১ সাল পর্যন্ত সুইডেনের ২৬ লাখ মানুষের ওপর পর্যবেক্ষণ করে। সেখানে ২০ বছরের আশপাশের বয়সের বাবার সন্তানদের চেয়ে ৪৫ এর বেশি বয়সের বাবার সন্তানদের মধ্যে বিভিন্ন সমস্যা লক্ষ্য করেন গবেষকরা।

# শিশুরও রয়েছে ডায়াবেটিসের ঝুঁকি

**স্বাস্থ্য ডেস্ক :** বর্তমানে ডায়াবেটিস আক্রান্ত মানুষের সংখ্যা ক্রমশও বেড়েই চলেছে। আর এর মূল কারণ হলো ‘আধুনিক’ জীবনযাত্রা, মানুষের খাদ্যাভাসের আমূল পরিবর্তন ও শারীরিক শ্রম না করা। অনেকেই ভাবেন, বয়স বেশি হলেই কেবল ডায়াবেটিস হয়। তবে সত্যিটা হচ্ছে, এই রোগের কোনো বয়স নেই। একটা তিন মাসের শিশুরও ডায়াবেটিস হতে পারে। অর্থাৎ তিন মাসের শিশু থেকে শুরু করে আশি নব্বই বছরের ব্যক্তিও যেকোনো মুহূর্তে এই রোগে আক্রান্ত হতে পারেন। এই রোগের কারণ উদ্ভাবনের ক্ষেত্রে বংশগত রোগের ইতিহাস দেখা হয়। তবে তার মানে এই নয়, পূর্বপুরুষের থাকলে আপনারও এ রোগ হবে। এক কথায় ডায়াবেটিস বংশগত রোগ নয়। এছাড়া অনেকেই এ রোগ হওয়ার ভয়ে মিষ্টিজাতীয় খাবার, ফলমূল ইত্যাদি খাওয়া ছেড়ে দেন। যা একেইবারেই ভুল ধারণা। প্রত্যেক মানুষের ফাস্টিং ব্লাড সুগার একশর নিচে থাকাটা স্বাভাবিক। ১২৬ বা এর বেশি হলেই ডায়াবেটিস হয়। আর পোস্ট গ্লুকোজ ব্লাড সুগারের মাত্রা ১৪০ এর নিচে থাকাটা স্বাভাবিক তবে ২০০ এর বেশি হলেই ডায়াবেটিস হয়। তবে মূল কথাটা হচ্ছে, অনেকেই জানেননা ফাস্টিং ব্লাড সুগারের মাত্রা ১০১ থেকে ১২৫ ও পোস্ট গ্লুকোজ ব্লাড সুগারের মাত্রা ১৪১ থেকে ১৯৯ এর মধ্যে থাকলে কী হতে পারে। মূলত এটাকে প্রি ডায়াবেটিস, অর্থাৎ ডায়াবেটিসের প্রাথমিক পর্ব হিসেবে গণ্য করা হয়। ব্লাড সুগার পরীক্ষা করার সময় কতটা সময় না খেয়ে থাকতে হবে, কী পরিমাণ পানি খেতে হবে তা ডাক্তাররাই বলে দেন। মোটামুটি আট ঘণ্টা না খেয়ে থাকতে পারলেই যথেষ্ট। এই সময় বিশুদ্ধ পানি পান করতে হয়। ধুমপান অবশ্যই নিষিদ্ধ। ডায়াবেটিস হয়ে গেলেও ডাক্তারের পরামর্শ মতো এক বা দুই মাসের মাথার রক্ত পরীক্ষা করাতে হয়। এই সময় চিকিৎসকের নিয়মিত পর্যবেক্ষণ খুবই গুরুত্বপূর্ণ। সূত্রঃ ওয়েবসাইট।

